চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 176 Saturday, 27 May, 2023 ✱ ২৮ বর্ষ, ১৭৬ সংখ্যা ✱ ১২ জ্যৈষ্ঠ, ১৪৩০, শনিবার, ২৭ মে, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

ব্যারাকপুরে সোনার দোকানে বুধবারের গুলিকাণ্ডে গ্রেফতার ২। গত রাতে হাওড়া থেকে গ্রেফতার হয়েছে সাকিল খান। সূত্রের খবর, শুক্রবার বীরভূমের মুরারই থেকে গ্রেফতার হয়েছে জামশেদ আনসারি। আগে ২ জনকে আটক করে পুলিশ। ...বিস্তারিত পাতা ৩

ফের বোমা উদ্ধার বীরভূমে। একই সঙ্গে উদ্ধার হয়েছে প্রচুর পরিমাণে বিস্ফোরক। শুক্রবার সকালে নলহাটি থানার লস্করপুর গ্রামের কাছে রাস্তার ধারে ঝোপ থেকে একটি ব্যাগ ভর্তি তাজা বোমা উদ্ধার করে পুলিশ। ...বিস্তারিত পাতা ৫

নতুন সংসদ ভবন সেন্ট্রাল ভিস্তার উদ্বোধন অনুষ্ঠানকে স্মরণীয় করে রাখতে এবং স্বাধীনতার ৭৫ বর্ষপূর্তি উদযাপন করতে ৭৫ টাকার কয়েন প্রকাশ করতে চলেছে কেন্দ্র সরকার। ২৮ মে প্রধানমন্ত্রী দিল্লিতে নয়া সংসদ ভবনের উদ্বোধন করবেন। ...বিস্তারিত পাতা ৬

রুডি গার্সিয়া আল-নাসরে কোচের চাকরি ছাড়ার আগে গুঞ্জনটি তৈরি হয়েছিল। স্প্যানিশ সংবাদমাধ্যম 'মার্কা' গত এপ্রিলে জানিয়েছিল, রুডি গার্সিয়ার জায়গায় জিনেদিন জিদানকে আনতে চায় সৌদি আরবের ক্লাবটি। ...বিস্তারিত পাতা ৮

রাষ্ট্রপতিকে দিয়ে নতুন সংসদ ভবন উদ্বোধন

জনস্বার্থ মামলা খারিজ সুপ্রিম কোর্টে

নয়াদিল্লি, ২৬ মেঃ রবিবার নতুন সংসদ ভবন উদ্বোধন নিয়ে জাতীয় রাজনীতি আন্দোলিত। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে ওই অনুষ্ঠানে আমন্ত্রণ না জানানোয় ২০টি বিরোধী দল অনুষ্ঠান বয়কটের ডাক দিয়েছে। নতুন সংসদ ভবন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। কিন্তু তা শুধু রাজনীতিতে সীমাবদ্ধ ছিল না। দেশের সাংবিধানিক প্রধানকে ওই অনুষ্ঠানে আমন্ত্রণ না জানানোর ঘটনায় জনস্বার্থ মামলা দায়ের হয়েছিল সুপ্রিম কোর্টে। শুক্রবার সেই মামলা খারিজই করে দিল শীর্ষ আদালত। এদিন বিচারপতি জেকে মাহেশ্বরী ও বিচারপতি পিএস নরসিমার বেঞ্চ স্পষ্ট বলেছে, কেন, কী কারণে এই পিটিশন দাখিল করা হয়েছে তা আদালত অনুধাবন করতে পারছে। সেইসঙ্গে তারা সংবিধানের ৩২ অনুচ্ছেদ উল্লেখ করে বলেছে, এই

মামলা আদালত গ্রহণ করছে না। অতএব মামলাটিই খারিজ হয়ে গিয়েছে। সওয়াল করতে গিয়ে মামলাকারীর আইনজীবী জয়া সুকিন বলেছেন, সংবিধানের ৭৯ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতিই দেশের সাংবিধানিক প্রধান। সংসদের অধিবেশন শুরু, বিল পাশের পর অনুমোদন-সবকিছুতেই রাষ্ট্রপতির ভূমিকা রয়েছে। তাঁকে বাদ দিয়ে সংসদ ভবনের উদ্বোধন গণতান্ত্রিক নয়। বিরোধীরাও গোটা বিষয়টিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আত্মম্ভরিতা, স্বৈর মনোভাবের কথা বলেছে। বুধবার ১৯টি দল যৌথ বিবৃতিতে সই করে নতুন সংসদ ভবন উদ্বোধন বয়কটের কথা জানিয়েছিল। শুক্রবার তা বেড়ে হয় ২০টিতে। কংগ্রেসের সঙ্গে যৌথ বিবৃতিতে সই না করলেও তেলেঙ্গানার শাসকদল বিআরএসও জানিয়েছে তারা যাবে না।

অভিষেককে ঘিরে কুর্মিদের তুমুল বিক্ষোভ, ভাঙল মন্ত্রীর গাড়ি!

দুরন্ত বার্তা, শালবনি, ২৬ মেঃ কুর্মিদের তুমুল বিক্ষোভের মুখে পড়ে থমকে গেল অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কনভয়। এই ঘটনাকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা ছড়াল পশ্চিম মেদিনীপুরের গড় শালবনিতে। অবরোধের জেরে দীর্ঘক্ষণ আটকে থাকতে হল তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদককে। বিক্ষোভ এমন পর্যায়ে পৌঁছয় যে রাজ্যের মন্ত্রী

বীরবাহা হাঁসদার গাড়ি পর্যন্ত ভাঙচুর করা হয়। পরিস্থিতি শান্ত করতে অভিষেক গাড়ি থেকে নেমে এলেও কাজ হয়নি। উল্টে তাঁকে লক্ষ্য করে চোর চোর স্লোগান ওঠে। অভিষেককে লক্ষ্য করে জলের বোতলও ছোড়েন বিক্ষোভকারীরা। সংবাদমাধ্যমের গাড়ির উপরেও হামলা চালানো হয়। শেষ পর্যন্ত কোনওক্রমে অভিষেক সহ অন্যান্য মন্ত্রী এবং তৃণমূল নেতাদের ওই জায়গা থেকে বের করে নিয়ে যায় পুলিশ ও নিরাপত্তারক্ষীরা। মমতা বন্দ্যোপাধ্যায়কে ফোন করে গোটা ঘটনার কথা জানিয়েছেন অভিষেক।

জয়েন্টে কৃতীদের মধ্যে ৫৩ শতাংশই ওয়েস্ট বেঙ্গল বোর্ডের, শুভেচ্ছা জানালেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ মেঃ রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় ফল প্রকাশ হয়েছে শুক্রবার। এবার জয়েন্টে সফল পরীক্ষার্থীর হার ৯৯ শতাংশ। তার মধ্যে প্রায় ৫৩ শতাংশ কৃতীই পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক বোর্ডের পড়ুয়া। জয়েন্টে কৃতীদের শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। চলতি বছর পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লক্ষ ২৬ হাজার ৯১৬। তার মধ্যে পরীক্ষা দিয়েছিল ৯৭ হাজার ৯২৪ জন। সফল হয়েছে ৯৬ হাজার ৯১০ জন। সকল শিক্ষার্থীকে আগামীর জন্য শুভেচ্ছা জানিয়ে টুইট করেন মুখ্যমন্ত্রী। তিনি টুইটে লেখেন, জয়েন্ট পরীক্ষার টপার এবং সারা দেশের সফল প্রার্থীদের অভিনন্দন জানাই। আমি অত্যন্ত খুশি সফল প্রার্থীদের ৫৩ শতাংশই উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের। এই বছর সফল প্রার্থীদের মধ্যে ২৭ শতাংশই মহিলা।' চলতি বছর ৩০ এপ্রিল পরীক্ষা হয়েছিল জয়েন্টের। পরীক্ষার পরীক্ষার ২৬ দিনের মাথায় রেজাল্ট প্রকাশ করল ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। শুক্রবার সাংবাদিক সম্মেলন করে ফল ঘোষণা করেন বোর্ডের

সভাপতি মলয়েন্দু সাহা। এবার জয়েন্টে প্রথম হয়েছে মহম্মদ সাহিল আখতার। দ্বিতীয় স্থানে রয়েছে সোহম দাস। দু'জনেই রুবি পার্কের দিল্লি পাবলিক স্কুলের ছাত্র। রুবি পার্কের দিল্লি পাবলিক স্কুলের প্রিন্সিপাল জয়তী চৌধুরী জানিয়েছেন, ''রাজ্য জয়েন্টে আমাদের স্কুলের দুই ছাত্রের অসাধারণ রেজাল্টে আমরা গর্বিত। প্রথম দুইয়েই আমাদের ছাত্ররা। প্রথম হয়েছেন মহম্মদ সাহিল আখতার। দ্বিতীয় হয়েছেন সোহম দাস। ছাত্রদের ও তাঁদের অভিভাবক ও শিক্ষকদের আমি শুভেচ্ছা জানাই।'' জয়েন্টে সফল পড়ুয়াদের মধ্যে ৫১ হাজার ৩৪৫ জন উচ্চ মাধ্যমিক বোর্ডের। আইএসসি পরীক্ষার্থী ২ হাজার ১৪২ জন। সিবিএসই পরীক্ষার্থী ২৮ হাজার ২৭ জন। বাকি বোর্ড থেকে জয়েন্ট দিয়েছিলেন ১৫ হাজার ৩৯২ জন। ২০২৩ সালের জয়েন্টে তৃতীয় হয়েছেন সারা মুখোপাধ্যায়। তিনি বাঁকুড়া বঙ্গ বিদ্যালয়ের পড়ুয়া। সারা উচ্চ মাধ্যমিক বোর্ডের ছাত্রী। চতুর্থ হয়েছেন সৌহার্দ্য দণ্ডপাট। তিনি মেদিনীপুর কলেজিয়েট স্কুলের ছাত্র। পঞ্চম হয়েছেন অয়ন গোস্বামী। তিনি দুর্গাপুরের হেমশীলা মডেল স্কুলের ছাত্র। সিবিএসই বোর্ডের। ষষ্ঠ হয়েছেন অরিত্র অম্বুধ দত্ত। সোদপুরের নারায়ণা স্কুলের। সিবিএসই বোর্ডের ছাত্র। সপ্তম হয়েছেন কিস্তন সাহা। রাজস্থানের মা ভারতী স্কুলের ছাত্র। অষ্টম হয়েছেম সাগ্নিক নন্দী। বাঁকুড়া জেলা স্কুলের ছাত্রী। উচ্চ মাধ্যমিক বোর্ডের। নবম হয়েছেন রক্তিম কুণ্ডু। রাজস্থানের দিশা ডেলফি পাবলিক স্কুলের ছাত্র তিনি। জয়েন্টে দশম শ্রীরাজ চন্দ্র। কাটোয়া হোলি অ্যাঞ্জেল স্কুলের ছাত্র। আইএসসি বোর্ডের তিনি।

গরু পাচার মামলায় চাঞ্চল্যকর মোড়!

তিহারে গিয়ে সায়গলকে ফের জেরা করবে সিবিআই

নয়াদিল্লি, ২৬ মেঃ গরু পাচার মামলায় আরও নতুন তথ্য পেল সিবিআই। আর সেই তথ্যকে সামনে রেখেই অনুব্রত মণ্ডলের দেহরক্ষী সয়গল হোসেনকে জেরার প্রস্তুতি কেন্দ্রীয় গোয়েন্দা শিবিরের অন্দরে। সূত্রের খবর, আগামী সপ্তাহে তিহার সংশোধনাগারে গিয়ে সয়গল হোসনকে জেরা করবে সিবিআই। ইতিমধ্যে সয়গলকে জেরার অনুমতি দিয়েছে আদালত। সম্প্রতি গরু পাচার মামলায় শুল্ক দফতরের কয়েকজন আধিকারিককে

জিজ্ঞাসাবাদ করেছে সিবিআই। সেই জিজ্ঞাসাবাদ পর্বে গরু পাচার মামলার একাধিক নতুন তথ্য উঠে এসেছে। প্রসঙ্গত, গরু পাচার মামলার এফআইআরে বিএসএফ ও শুল্ক দফতরের একাংশের যোগ সাজসের মদতে পাচার চলেছে বলে উল্লেখ রয়েছে। তলব করে জিজ্ঞাসাবাদও করা হয়েছে। বিএসএফ কম্যান্ড্যান্ট সতীশ কুমার ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে চার্জশিটও দিয়েছে সিবিআই। শুল্ক দফতরের বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদও করা হয়েছে। সেই সূত্র ধরেই উঠে এসেছে তথ্য। ইতিমধ্যে সিবিআইয়ের তরফে আসানসোল বিশেষ সিবিআই আদালতে আবেদন করা হয়েছিল তারা তিহারে গিয়ে সায়গল হোসেনকে জেরা করতে চায়। অনুমতি দিয়েছে আদালত। ২০২২ সালের জুন মাসে সায়গলকে গ্রেফতার করে সিবিআই। পরে একই মামলায় নিজেদের হেফাজতে নিয়েছিল ইডি। ইডি হেফাজত শেষে তিহারে বন্দি রয়েছেন সায়গল। ইতিমধ্যে তার সম্পত্তি অ্যাটাচমেন্ট করেছে ইডি। সূত্রের দাবি, তদন্তের প্রয়োজনে আদালতের অনুমতি নিয়ে অনুব্রত, তার মেয়ে ও মণীশ কোঠারিকে জেরা করতে পারে সিবিআই। অনুব্রত মণ্ডলের সম্পত্তি বাজেয়াপ্ত করেছে ইডি। ফ্রিজ করা হয়েছে ২৫টি অ্যাকাউন্ট। যার মধ্যে অনুব্রতর নামে রয়েছে ৬টি অ্যাকাউন্ট। আগে ফ্রিজ করা হয়েছে সয়গলের অ্যাকাউন্টও। সূত্রের দাবি, গরু পাচার মামলায় বীরভূমকে করিডর হিসেবে ব্যবহার করার ক্ষেত্রে অনুব্রত মণ্ডল সাহায্য করেছে। আর পাচারকারীদের সঙ্গে অনুব্রতর যোগাযোগে মাধ্যম ছিলেন সয়গল। এনামুল হকের সঙ্গে ফোনে যোগাযোগ রাখা, তার সহযোগী আব্দুল লতিফের সঙ্গে যোগাযোগ রাখা সমস্তটাই করতেন সয়গল। এমনকি আর্থিক লেনদেনের বিষয়টিও অনুব্রতর নির্দেশে সহেগল দেখতেন। এই সয়গলকে ফের জেরা করতে চাইছে সিবিআই।

অনুব্রত কন্যাই মাস্টারমাইন্ড!

সুকন্যার বিরুদ্ধে আদালতে বিস্ফোরক দাবি ইডি-র!

নয়াদিল্লি, ২৬ মেঃ গরু পাচার মামলায় ধৃত অনুব্রত মণ্ডলের কন্যা, সুকন্যা মণ্ডলের জামিনের আবেদনের বিরোধিতা করল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি। আজ দিল্লির রাউজ অ্যাভিনিউ আদালতে অনুব্রত কন্যা সুকন্যা মণ্ডলের জামিনের আবেদনের শুনানি হয়। উভয় পক্ষের বক্তব্য শোনেন বিশেষ সিবিআই আদালতের বিচারক রঘুবীর সিং। ইডির আইনজীবী নীতেশ রানা আদালতে বলেন, ''গরু পাচার কাণ্ডে অনুব্রত মণ্ডল যে বিপুল অঙ্কের টাকা তছরূপ করেছেন, সেই তছরূপ প্রক্রিয়ায় মাস্টারমাইন্ড ছিলেন দু'জন। একজন অনুব্রতর হিসাবরক্ষক মণীশ কোঠারি এবং দ্বিতীয়জন অনুব্রতর কন্যা সুকন্যা মণ্ডল।'' যথারীতি এই সমস্ত অভিযোগ মানতে চাননি সুকন্যার আইনজীবী অমিত কুমার। আদালতে তাঁর সওয়াল ছিল, গরু পাচার মামলায় সুকন্যাকে জিজ্ঞাসাবাদ শেষ করেছে ইডি। তাই তাঁকে আর হেফাজতে রাখার প্রয়োজন নেই। তাছাড়া একই মামলায় অন্যান্য কয়েকজন অভিযুক্তকে গ্রেফতার না করেই জামিন দেওয়া হয়েছে। অথচ তাঁদের বিরুদ্ধে অভিযোগ অত্যন্ত গুরুতর। পাশাপাশি সুকন্যার কিছু শারীরিক সমস্যা রয়েছে। চলতি মাসেই অস্ত্রোপচারের কথা রয়েছে। তাই জামিন দেওয়া হোক। অন্যদিকে, ইডির আইনজীবী নীতেশ রানা সওয়াল করেন, এই মামলায় অন্যতম অভিযুক্ত সুকন্যা। গুরুতর অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। দোষ প্রমাণ হলে কঠিন শাস্তি হবে। তাই জামিন দেওয়া

উচিত হবে না। উভয় পক্ষের বক্তব্য শুনে বিশেষ সিবিআই আদালতের বিচারক রঘুবীর সিং ১ জুলাই রায় ঘোষণার দিন ধার্য করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, অনুব্রত মণ্ডলের গ্রেফতারের ৯ মাস পর ইডির হাতে গ্রেফতার হন তাঁর মেয়ে সুকন্যা মণ্ডল। দিল্লির ইডি অফিসে জিজ্ঞাসাবাদের পর তাঁকে গ্রেফতার করা হয়। প্রথমবার তাঁক আদালতে তোলা হলে ৩ দিনের ইডি হেফাজতের নির্দেশ দিয়েছিল আদালত। তিন দিনের সেই মেয়াদ শেষ হবার পর আপাতত জেল হেফাজতে রয়েছেন সুকন্যা। ইডি সূত্রে খবর, বারংবার জেরার মুখে পড়ে হাউহাউ করে কেঁদে ফেলতেন সুকন্যা। অধিকাংশ প্রশ্নের উত্তরই তিনি এড়িয়ে যেতেন। সুকন্যার দাবি ছিল, বাবার আর্থিক লেনদেন সম্পর্কে তিনি কিছুই জানতেন না। তাঁর মুখে একটাই কথা ছিল, বাবার সঙ্গে দেখা করতে চাই! এখন বাবা মেয়ে দু' জনেই রয়েছেন তিহাড় জেলে। গত পরশুদিনই অনুব্রত এবং সুকন্যা মণ্ডলের নামে থাকা যাবতীয় সম্পত্তি বাজেয়াপ্ত করার পাশাপাশি ব্যাঙ্ক অ্যাকাউন্টে থাকা টাকাও ফ্রিজ করে দিয়েছে ইডি।

কুন্তলের দাবি

'অভিষেককে ব্যক্তিগতভাবে চিনি না'

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ মেঃ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ব্যক্তিগতভাবে চেনেন না বলে দাবি কুন্তল ঘোষের। আদালত থেকে নির্দেশ পাওয়ার পর জেলে গিয়ে কুন্তল ঘোষকে জেরা করেছে সিবিআই। সূত্রের খবর, সেই জেরাতেই কুন্তল জানিয়েছেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তাঁর ব্যক্তিগত কোনও সম্পর্ক নেই। সবাই যেভাবে চেনেন, তিনিও সেভাবেই চিনতেন। সূত্রের দাবি, কুন্তল এ কথাও বলেছেন, ''শহিদ মিনারে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মন্তব্য খবরের কাগজে পড়েছি।'' দাবি করেছেন, ''চিঠি লেখার জন্য কোনও চাপ দেওয়া হয়নি। নিজে থেকে লিখেছি।'' একইসঙ্গে অভিষেকের সঙ্গে তাঁর ছবি প্রসঙ্গেও কুন্তল বলেছেন, রাজনৈতিক অনুষ্ঠানে দেখা হয়েছিল। সেখানেই ছবি তুলেছেন তিনি। এর আগে একই সুর শোনা গিয়েছে অভিষেকের বক্তব্যেও। গত শনিবার নিজাম প্যালেসে কুন্তল ঘোষ প্রসঙ্গে অভিষেকও বলেছিলেন, ''আমি কোনওদিন দেখিইনি, চিনিই না আমার ফোনে কথাও হয়নি।'' একইসঙ্গে অভিষেক বলেছিলেন, ''২৯ মার্চ শহিদ মিনার ময়দানে যে বক্তব্য রেখেছিলাম, কোথাও কুন্তল ঘোষের নাম নিইনি। অনেকেই তো গ্রেফতার হয়েছেন। আমি তো কারও নাম নিই নি। আমি কি একবারও বলেছি কুন্তলকে চাপ দেওয়া হয়েছে? আমি বলেছি, মদন মিত্র ও কুণাল ঘোষের সঙ্গে এই কাজ করা হয়েছে। তাঁরা জামিনে মুক্তি পাওয়ার পর, হেফাজতে থাকাকালীন তাঁদের অভিজ্ঞতা আমাকে জানিয়েছেন। সেই ভিত্তিতে আমি বলেছি।'' তবে কুন্তলের সাম্প্রতিক বয়ান সামনে আসতেই জোর চর্চা বিভিন্ন মহলে। কারণ, কুন্তলের এজেন্সির বিরুদ্ধে চাপ দিয়ে নাম বলানোর চেষ্টার অভিযোগকে সামনে রেখেই প্রথমবার নিয়োগ মামলায় অভিষেকের প্রসঙ্গ উত্থাপিত হয়। আদালত ও হেস্টিংস থানায় কুন্তলের অভিযোগপত্রকে সামনে রেখেই কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় অভিষেককে জিজ্ঞাসাবাদের নির্দেশ দিয়েছিলেন। সিবিআই সেইমতো অভিষেককে তলবও করে। ৯ ঘণ্টা ৪০ মিনিট নিজাম প্যালেসে সিবিআইয়ের প্রশ্নের মুখে পড়তে হয় ডায়মন্ড হারবারের সাংসদকে। যে কুন্তলের বক্তব্যের পরই এত কিছু, এবার সেই কুন্তলের ইউটার্ন।

অভিষেককে জিজ্ঞাসাবাদে বাধা নেই

তবে ২৫ লক্ষ জরিমানায় সুপ্রিম-স্থগিতাদেশ

নয়াদিল্লি, ২৬ মেঃ সুপ্রিম কোর্টে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের মামলার শুনানি। শুক্রবার সেই শুনানিতে অভিষেকের অস্বস্তি বহাল রইল। জিজ্ঞাসাবাদ করা যাবে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে, তদন্ত যেমন চলছে চলবে, জিজ্ঞাসাবাদের উপর কোনও স্থগিতাদেশ নয় বলেই এদিন নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। সুপ্রিম-নির্দেশ, অভিষেক বন্দ্যাপাধ্যায়কে কুন্তল ঘোষের চিঠি সংক্রান্ত মামলায় প্রয়োজনে জিজ্ঞাসাবাদ করতে পারবে সিবিআই। কার্যত, কলকাতা হাইকোর্টের রায়কেই বহাল রাখল দেশের শীর্ষ আদালত। দেওয়া হল না কোনও রক্ষাকবচ। তবে ২৫ লক্ষ টাকা জরিমানার যে নির্দেশ হাইকোর্ট দিয়েছে, তাতে স্থগিতাদেশ দেওয়া হয়েছে। একইসঙ্গে নোটিস জারি করে সবপক্ষের জবাব তলব করা হয়েছে। আগামী ১০ জুলাই ফের এই মামলার শুনানি। সুপ্রিম কোর্টের অবকাশকালীন বেঞ্চে এদিন অভিষেকের মামলার শুনানি ছিল। বিচারপতি জেকে মাহেশ্বরী ও বিচারপতি পিএস নরসিমার বেঞ্চে শুনানি হয়। কলকাতা হাইকোর্টের মতোই তদন্তে হস্তক্ষেপ করবে না সুপ্রিম কোর্ট, বলে জানিয়ে দেয় বেঞ্চ। এদিন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার

আইনজীবী বলেন, শিক্ষাক্ষেত্রে বিশাল দুর্নীতি হয়েছে। উঠে আসে প্রাক্তন শিক্ষামন্ত্রী, ৫০ কোটি টাকা উদ্ধারের কথাও। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হয়ে এই মামলায় সওয়াল করছেন বর্ষীয়ান আইনজীবী অভিষেক মনুসিংভি। গত শনিবারই নিজাম প্যালেসে জিজ্ঞাসাবাদ করা হয় অভিষেককে। সেখানে যাওয়ার আগেই অভিষেক জানিয়ে দেন, তিনি হাজিরা দিচ্ছেন ঠিকই। তবে একইসঙ্গে সুপ্রিম কোর্টেরও দ্বারস্থ হয়েছেন। সাড়ে ৯ ঘণ্টা জিজ্ঞাসাবাদের পর নিজাম থেকে বেরিয়ে এসে অভিষেক জানান, জিজ্ঞাসাবাদপর্ব আসলে 'অশ্বডিম্ব'। কিছুই হয়নি। এদিকে ২২ মে সোমবার সুপ্রিম কোর্টে অভিষেকের আইনজীবী অভিষেক মনুসিংভি তাঁর মক্কেলের জন্য সুরক্ষাকবচের আর্জি জানান। যাতে ইডি-সিবিআই কড়া পদক্ষেপ করতে না পারে তার আর্জি জানান তিনি। পাশাপাশি অভিষেকের গ্রেফতারির আশঙ্কাও প্রকাশ করেছিলেন তিনি। যদিও বিচারপতি অনিরুদ্ধ বসু ও বিচারপতি সঞ্জয় কারোলের বেঞ্চ সেই আর্জি খারিজ করে দেয়। শুক্রবার অবকাশকালীন বেঞ্চেও বহাল রইল অভিষেকের অস্বস্তি। চাইলে আবারও ডাকতে পারে সিবিআই। এ বিষয়ে বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেন, ''কোর্টে গিয়ে মামলায় ব্যাঘাত সৃষ্টি করা, সময় নষ্ট করা, সরকারি খরচ বাড়ানোর জন্যই কোর্ট জরিমানা করেছিলেন। আপাতত তা স্থগিত আছে। কিন্তু জিজ্ঞাসাবাদ আটকানোর জন্য যে কোর্টে কোর্টে দৌড়ানো, সেটা বন্ধ হয়নি। যখন ইচ্ছা সিবিআই তাঁকে ডাকবেন, যেতে হবে, তথ্য দিতে হবে।'' অন্যদিকে সিপিএম নেতা সুজন চক্রবর্তী বলেন, ''কেন উনি রক্ষাকবচ চাইছেন? বরং এখনও যারা ধরা পড়েছেন তাঁদের বড় অংশের সঙ্গে তো অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি আছে, কারও সঙ্গে সম্পর্ক শোনা যাচ্ছে। জিজ্ঞাসাবাদটাই বড় কথা নয়। গভীরে যেতে হবে।''

'মমতাকে ছেড়ে রাখা হয়েছে, অভিষেককে যেন না ছাড়া হয়'

সুপ্রিম-নির্দেশের পর শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ মেঃ কুন্তল ঘোষের চিঠি প্রসঙ্গে যে মামলা, তাতে রক্ষাকবচ চেয়ে সুপ্রিম কোর্টে গিয়েছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা যাতে কঠোর কোনও পদক্ষেপ না করতে পারে, তাই দেশের শীর্ষ আদালতের দ্বারস্থ হন তিনি। শুক্রবার সুপ্রিম কোর্ট জানিয়ে দিয়েছে, জিজ্ঞাসাবাদ করতে পারে তদন্তকারী সংস্থা। অর্থাৎ এই মামলায় কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চ ও ডিভিশন বেঞ্চ যে রায় দিয়েছিল তা বহাল রেখেছে শীর্ষ আদালতও। তবে ২৫ লক্ষ টাকার যে জরিমানা, তাতে আপাতত স্থগিতাদেশ দিয়েছে বিচারপতি জেকে মাহেশ্বরী ও বিচারপতি পিএস নরসিমার বেঞ্চ। আদালতের এই নির্দেশের পরই শুভেন্দু অধিকারী বলেন, ''সারদাকাণ্ডে সিবিআই মমতা বন্দ্যোপাধ্যায়কে ছাড় দিয়েছে। তবে এক্ষেত্রে যেন তেমনটা না হয়।'' এদিন শুভেন্দু অধিকারী বলেন, ''উনি আর্থিক জরিমানায় অন্তর্বর্তী স্থগিতাদেশ ছাড়া আর কিছু পাননি। স্বাভাবিকভাবে যে উদ্দেশ্য নিয়ে হাইকোর্ট বা সুপ্রিম কোর্টে গিয়েছিলেন, তারা মনে করেছে এটা একটা বড় দুর্নীতি। তদন্ত হস্তক্ষেপ করতে চায়নি কোর্ট। বিরোধী দলনেতা হিসাবে আমি এই নির্দেশকে স্বাগত জানাই। যারা গ্রেফতার হয়েছে, কালেক্টর, তাদের সঙ্গে এখানকার শাসকদলের মাথাদের সরাসরি যোগাযোগ ছিল। আমি আশা করব এজেন্সি যেভাবে সারদা চিটফান্ড দুর্নীতিতে মমতা বন্দ্যোপাধ্যায়কে ছেড়ে রেখেছেন, অন্তত এ ক্ষেত্রে সেটা করবেন না। গোটা পশ্চিমবাংলার জনগণ এটা চাইছেন, মাথাকে ধরতে হবে।'' ধর্মতলায় শহিদ মিনারে এক সভামঞ্চ থেকে অভিষেকের বক্তব্য ছিল, মদন মিত্রদের

গ্রেফতারির পর বারবার তাঁর নাম নেওয়ার জন্য চাপ দেওয়া হয়েছিল এজেন্সির তরফে। অন্যদিকে নিয়োগ মামলায় ধৃত কুন্তল ঘোষ আদালত ও হেস্টিংস থানায় অভিযোগ জানিয়েছিলেন, তাঁকে ইডি-সিবিআই অভিষেকের নাম বলার জন্য চাপ দিচ্ছে। এ নিয়ে হাইকোর্টে মামলা হয়। আদালত জানায়, এ অভিযোগ যেহেতু গুরুতর, তাই এজেন্সি চাইলে অভিষেকের সঙ্গে কথা বলতে পারে। অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সিঙ্গল বেঞ্চের রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যান অভিষেক। শীর্ষ আদালতের রায়ে বিচারপতি গঙ্গোপাধ্যায়ের এজলাস থেকে এই মামলা বদলে বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে যায়। তবে নির্দেশে হেরফের হয়নি। এরপর ডিভিশন বেঞ্চে গেলেও সেই জিজ্ঞাসাবাদ সংক্রান্ত যে নির্দেশ তা বহাল থাকে। সঙ্গে ৩৫ লক্ষ টাকা জরিমানা দিতেও নির্দেশ দেওয়া হয়। এরপরই সিবিআই তাঁকে ডেকে পাঠায়। অভিষেকও সুপ্রিম কোর্টে যান। শুক্রবার সুপ্রিম নির্দেশেও অস্বস্তি বহাল তৃণমূলের সেকেন্ড-ইন-কমান্ডের। এদিনের সুপ্রিম-নির্দেশ প্রসঙ্গে তৃণমূল সাংসদ শান্তনু সেন বলেন, ''এর আগেও বহুবার অভিষেক বাঘের বাচ্চার মতো ইডি-সিবিআইয়ের মুখোমুখি হয়েছে। তবে একটা জিনিস বুঝলাম না, কুন্তল ঘোষের মুখে অভিষেকের নাম বসানোর চেষ্টা করা হচ্ছে, সিবিআই অফিসাররা চেষ্টা করছে, আর তার জন্য যদি অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ডেকে জিজ্ঞাসাবাদ করা যেতে পারে। সারদাকর্তা সুদীপ্ত সেনের লেখা চিঠি যেখানে শুভেন্দু অধিকারী, সুজন চক্রবর্তী, অধীর চৌধুরীদের টাকা নেওয়ার কথা লেখা আছে, তাহলে কেন তাঁদের ডাকা হবে না?''

বাংলায় পটকা ফাটানোয় নিষেধাজ্ঞা

দীপাবলি ও ছটে ২ ঘণ্টার ছাড় গ্রিন ক্র্যাকারে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ মেঃ এগরা, বজবজ ও মালদহের বাজি কারখানায় বিস্ফোরণ এবং আগুন লাগার ঘটনায় ৮ দিনে ১৬ জনের মৃত্যু হয়েছে। তারপর বাজি তথা পটকা ফাটানো নিয়ে কঠোর অবস্থান নিল মমতা বন্দ্যোপাধ্যায় সরকার। শুক্রবার সরকারের তরফে স্পষ্টভাবে জানিয়ে দেওয়া হল বাংলায় আর পটকা ফাটানো যাবে না। সরকার জানিয়ে দিয়েছে, কেবলমাত্র গ্রিন ক্র্যাকার ফাটানো যাবে। দীপাবলী, ছট ২ ঘণ্টা করে গ্রিন ক্র্যাকার ফাটানোর অনুমতি থাকবে। দীপাবলীতে রাত ৮টা থেকে ১০টা পর্যন্ত, ছটের দিন সকাল ৬টা থেকে ৮টা পর্যন্ত এবং

বড়দিনে রাত ১১টা ৫৫ থেকে সাড়ে ১২টা পর্যন্ত মাত্র ৩৫ মিনিট গ্রিন ক্র্যাকার ফাটানো যাবে। তবে এই উৎসবগুলির বাইরে অন্যকোনও উৎসবে যদি গ্রিন বাজি ফাটাতে হয় তবে জেলাশাসক, সংশ্লিষ্ট জেলার পুলিশ কমিশনার, পুলিশ সুপারের থেকে অনুমতি নিতে হবে। সেক্ষেত্রেও সময়সীমা ২ ঘণ্টা বেঁধে দেওয়া হয়েছে। গ্রিন ক্র্যাকার বাদ দিয়ে রাজ্যে আর কোনও বাজি কারখানা চলতে দেওয়া হবে না। আবার গ্রিন ক্র্যাকার তৈরির জন্য শিল্প তালুক তৈরি করে দেওয়ার চেষ্টাও করবে সরকার। যদিও এই নিয়ম নতুন নয়। দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের পরামর্শে আগেই এই নিয়ম বলব করেছিল রাজ্য সরকার। পরিবেশ রক্ষার্থে ২০২১ সাল থেকে বাজি ফাটানোর বিষয়ে এই নিয়ম চালু করা হয়েছিল। কিন্তু বাস্তবে দেখা গেছে উৎসবের মরশুম ছাড়াও দেদার বাজি ফাটানো চলছে রাজ্যজুড়ে। সম্প্রতি পরপর বাজি বিস্ফোরণের ঘটনা ঘটল বাংলায়, তাতেই কড়া পদক্ষেপ নিতে চলেছে পশ্চিমবঙ্গ সরকার।

আগামী সপ্তাহে ভারতে আসছেন মার্কিন প্রতিরক্ষা সচিব লয়েড যাবেন জাপান, সিঙ্গাপুর ও ফ্রান্সেও

নয়াদিল্লি, ২৬ মে ঃআগামী সপ্তাহে ভারত সফরে আসছেন আমেরিকার প্রতিরক্ষা সচিব লয়েড জেমস অস্টিন তৃতীয়। ভারতের পাশাপাশি তিনি জাপান, সিঙ্গাপুর ও ফ্রান্সেও যাবেন। সফরের শুরুতে তাঁর জাপান সফরে যাওয়ার কথা, এরপর সিঙ্গাপুরে যাওয়ার কর্মসূচি রয়েছে, সেখান থেকে আসবেন ভারতে এবং সবশেষে ফ্রান্সেও যাবেন আমেরিকার প্রতিরক্ষা সচিব লয়েড জেমস অস্টিন তৃতীয়।ভারত সফরে এসে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ও অন্যান্য নেতৃত্বের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন আমেরিকার প্রতিরক্ষা সচিব লয়েড জেমস অস্টিন তৃতীয়। প্রসঙ্গত, ভারত ও আমেরিকা প্রতিরক্ষা অংশীদারিত্বের আধুনিকায়ন অব্যাহত রেখেছে।

তামিলনাড়ুতে মন্ত্রী ঘনিষ্ঠদের বাড়ি ও অফিসে আয়কর হানা, ৪০টির বেশি স্থানে চলছে তল্লাশি

চেন্নাই, ২৬ মে ঃতামিলনাড়ু বিজেপির সভাপতি কে আন্নামালাই অভিযোগ করেছিলেন, রাজ্য সরকারের মন্ত্রী সেন্থিল বালাজি বড় দুর্নীতির সঙ্গে জড়িত। তামিলনাড়ুর সেই মন্ত্রী সেন্থলি বালাজি ঘনিষ্ঠ সরকারি ঠিকাদারের বাড়ি ও অফিসে হানা দিল আয়কর দফতর। তামিলনাড়ুর চেন্নাই, কারুর-সহ মোট ৪০টিরও বেশি ঠিকানায় চলছে আয়কর হানা।আয়কর কর্তৃপক্ষ শুক্রবার সকাল থেকে রাজ্যের বিদ্যু মন্ত্রী ভি সেন্থিল বালাজির ঘনিষ্ঠ তামিলনাড়ুর বিভিন্ন স্থানে সমন্বিত অনুসন্ধান শুরু করেছে। পুলিশ সূত্র জানিয়েছে, চেন্নাই, কারুর এবং কোয়েম্বাটোর-সহ বিভিন্ন স্থানে তল্লাশি চালানো হচ্ছে, মন্ত্রীর ঘনিষ্ঠ ব্যক্তিদের ঠিকানায়।

সংসদ ভবনের উদ্বোধন কোনও দলীয় কর্মসূচি নয়ঃসঞ্জয় রাউত

মুম্বই, ২৬ মে ঃ নতুন সংসদ ভবনের উদ্বোধন নিয়ে বিজেপির বিরুদ্ধে তোপ দাগলেন উদ্ধব ঠাকরের শিবিরের নেতা সঞ্জয় রাউত। শুক্রবার সঞ্জয় রাউত বলেছেন, সংসদ ভবনের উদ্বোধন কোনও দলীয় কর্মসূচি নয়। একইসঙ্গে তিনি জানিয়েছেন, বিরোধীরা কেন সংসদ ভবনের উদ্বোধনী অনুষ্ঠান বয়কট করার সিদ্ধান্ত নিয়েছে। এদিন সকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সঞ্জয় রাউত বলেছেন, রাষ্ট্রপতি এবং সংবিধানের প্রতি শ্রদ্ধার বিষয় এটি... রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানানো হয়নি, এমনকি প্রাক্তন রাষ্ট্রপতিকেও আমন্ত্রণ জানানো হয়নি, কেন?সঞ্জয় রাউত এরপর যোগ করেছেন, সংসদ ভবনের উদ্বোধন কোনও দলীয় কর্মসূচি নয়। উল্লেখ্য, আগামী ২৮ মে, রবিবার নতুন সংসদ ভবন দেশকে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কিন্তু, উদ্বোধনী অনুষ্ঠান বয়কট করার সিদ্ধান্ত নিয়েছে ১৯টি বিরোধী রাজনৈতিক দল। বিরোধীরা চাইছে, রাষ্ট্রপতির হাতে উদ্বোধন হোক নতুন সংসদ ভবন। আর তা নিয়ে বিতর্ক তৈরি হয়েছে।

মেঘলা আকাশে স্বস্তি ফিরে পেল রাজধানী, দিল্লিতে সর্বনিম্ন তাপমাত্রা কমে পৌঁছল ২০.৫ ডিগ্রিতে

নয়াদিল্লি, ২৬ মে ঃবৃষ্টির সৌজন্যে মনোরম আবহাওয়া ফিরল রাজধানী দিল্লিতে। সর্বনিম্ন তাপমাত্রা কমল অনেকটাই, শুক্রবার সকালে দিল্লিতে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৬ ডিগ্রি কম। বৃহস্পতিবার সন্ধ্যায় হালকা বৃষ্টিতে ভিজেছে রাজধানী, এরপ শুক্রবার মেঘলা সকালে ঘুম ভেঙেছে দিল্লিবাসীর। আগামী দুই থেকে তিন দিনের মধ্যে দিল্লি-এনসিআর অঞ্চলে একই রকম আবহাওয়া থাকবে বলে মনে করা হচ্ছে।বৃহস্পতিবার সন্ধ্যার পর থেকে বৃষ্টিতে ভিজেছে দিল্লি ও সংলগ্ন অঞ্চল। বৃহস্পতিবার রাত ৮.৩০ মিনিট থেকে শুক্রবার সকাল ৮.৩০ মিনিট পর্যন্ত মাত্র ২ মিলিমিটার বৃষ্টি হয়েছে দিল্লিতে। এদিন সকালে দিল্লিতে আপেক্ষিক আর্দ্রতা ছিল ৬৭ শতাংশ। সকাল ৯টা নাগাদ বাতাসের গুণগত মান ছিল ৭৫, যা স্বস্তিজনক।

সাফল্যের আরও এক মাইলফলকে নৌ-সেনা, আইএনএস বিক্রান্তে অবতরণ যুদ্ধবিমান মিগ ২৯ কে-র

নয়াদিল্লি, ২৬ মে ঃভারতের প্রথম দেশে তৈরি বিমানবাহী রণতরী আইএনএস বিক্রান্ত-এর ডেকে রাতে মিগ ২৯ কে যুদ্ধবিমান অবতরণ করিয়ে সাফল্যের আরও এক মাইলফলক স্পর্শ করেছে ভারতীয় নৌ-সেনা। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এই সাফল্যের জন্য নৌ-বাহিনীকে অভিনন্দন জানিয়েছেন। আত্মনির্ভর ভারতের পথে এটি নৌ-বাহিনীর এক বড় সাফল্য বলে মনে করা হচ্ছে। ২০২২-এর দোসরা সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ভারতীয় নৌ-বাহিনীর অন্তর্ভুক্ত হয় আইএনএস বিক্রান্ত।যত দ্রুত সম্ভব এই রণতরীকে যুদ্ধের জন্য প্রস্তুত করে তুলতে বর্তমানে এতে বিমানের পরীক্ষামূলক অবতরণ প্রক্রিয়া চলেছে। ভারতের নৌসেনার ইতিহাসে ২৫ মে ২০২৩ দিন স্বর্ণাক্ষরে লেখা থাকবে। এমনটাই মনে করছেন নৌসেনা বহু প্রাক্তন আধিকারিক। কারণ, ওই দিন রাতেই প্রথম ভারতীয় নেভির অত্যাধুনিক বিমানবহকারী আইএনএস বিক্রান্তে ল্যান্ড করল যুদ্ধবিমান মিগ-২৯ কে। যা ভারতকে প্রতিরক্ষা ক্ষেত্রকে কয়েকগুণ এগিয়ে দিল বলে মনে করছেন প্রতিরক্ষা ও সামরিক বিশেষজ্ঞরা।ঐতিহাসিক নজির তৈরির এই প্রচেষ্টা সফল হওয়ার পর ভারতীয় নৌসেনার পক্ষ থেকে জানানো হয়েছে, মাত্র তিন মাসের মধ্যে রাতের অন্ধকারে যুদ্ধবিমান নামানোর এই ধরনের প্রচেষ্টা সফল হওয়ার পিছনে ভারতীয় সেনা, বিক্রান্তের কর্মীরা ও নাভাল পাইলটদের দক্ষতা, পেশাগত দায়বদ্ধতা ও অক্লান্ত পরিশ্রমই আসল কারণ।

সংসদের নতুন ভবনের উদ্বোধন গণতন্ত্রের উৎসবঃএস জয়শঙ্কর

নর্মদা, ২৬ মে ঃ সংসদের নতুন ভবনের উদ্বোধন আসলে গণতন্ত্রের উৎসব। এই মন্তব্য করলেন দেশের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। শুক্রবার গুজরাটের নর্মদায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন, সংসদের নতুন ভবনের উদ্বোধন গণতন্ত্রের উৎসব। এটি সংঘাতের ইস্যু হওয়া উচিত নয়। যে কোনও কিছুর জন্য রাজনীতি করার একটা সীমা আছে। আমি মনে করি আমাদের সকলের একসঙ্গে এটি উদযাপন করা উচিত।উল্লেখ্য, দু'দিনের সফরে শুক্রবার সকালেই গুজরাটের নর্মদায় পৌঁছেছেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। এদিন সকালে ভাদোদরা বিমানবন্দরে পৌঁছন এস জয়শঙ্কর। সেখান থেকে তিনি যান নর্মদায়। সেখানে বেশ কিছু কর্মসূচি রয়েছে তাঁর। এদিন সংসদ আদর্শ গ্রাম যোজনার অধীনে গৃহীত নর্মদার তিলকভাদা তালুকার ব্যাধর গ্রামে স্মার্ট অঙ্গনওয়াড়ির ভূমিপূজন করেছেন এস জয়শঙ্কর। এরই ফাঁকে নতুন সংসদ ভবনের উদ্বোধন নিয়ে মন্তব্য করলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর।

বারামুল্লায় অগ্নিকাণ্ডে পুড়ল দু'টি বাড়ি আগুন নেভাল দমকল, হতাহতের কোনও খবর নেই

শ্রীনগর, ২৬ মে ঃ উত্তর কাশ্মীরের বারামুল্লা জেলায় ভয়াবহ আগুনে পুড়ে গেল দু'টি বাড়ি। শুক্রবার সকালে বারামুল্লা জেলার কালান্তরা পায়েন এলাকায় অবস্থিত দু'টি বাড়িতে আগুন লাগে। প্রথমে একটি বাড়িতে আগুন লাগে, সেই আগুন ছড়িয়ে পড়ে পার্শ্ববর্তী একটি বাড়িতে। দু'টি বাড়ি আগুনের লেলিহান শিখায় পুড়ে যায়।দমকল সূত্রের খবর, শুক্রবার সকাল ৫.১০ মিনিট নাগাদ একটি বাড়িতে আগুন লাগে। দমকল পৌঁছে প্রায় সাড়ে ৩ ঘন্টায় চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। সম্পত্তির ন্যূনতম ক্ষতির সঙ্গে আগুন নিযন্ত্রণে আনা হয়েছে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত

নীতি আয়োগের বৈঠক বয়কট করতে পারে পঞ্জাব সরকার, কেন্দ্রের বিরুদ্ধে ক্ষোভ ভগবন্ত মানের

চণ্ডীগড়, ২৬ মে ঃ নীতি আয়োগের বৈঠকে যোগ দিচ্ছেন না পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। শুক্রবার সূত্র মারফত এমনটাই জানা গিয়েছে। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ক্ষোভের কারণেই নীতি আয়োগের বৈঠক বয়কট করতে পারে পঞ্জাব সরকার। পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান একটি নোট লিখে অভিযোগ করেছেন, কেন্দ্রীয় সরকার পঞ্জাবের স্বার্থের বিষয়ে উদাসীন।গত আগস্টের বৈঠকে মুখ্যমন্ত্রী আরডিএফ, খড়বিচুলি এবং কৃষক সম্পর্কিত সমস্যাগুলি উত্থাপন করেছিলেন, যার প্রতি কেন্দ্রীয় সরকার কোনও মনোযোগ দেয়নি বলে অভিযোগ উঠেছে। প্রসঙ্গত, নীতি আয়োগের বৈঠকে যোগ দিচ্ছেন না পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও। শুক্রবার তাঁর দিল্লি যাওযার কর্মসূচি থাকলেও তিনি তা বাতিল করেছেন।প্রধানমন্ত্রীর সভাপতিত্বে শনিবার বসছে নীতি আয়োগের গভর্নিং কাউন্সিলের অষ্টম বৈঠক। তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জনসংযোগ যাত্রায় অংশ নিতে পশ্চিম মেদিনীপুরের শালবনী যাচ্ছেন মুখ্যমন্ত্রী। পূর্ব মেদিনীপুরের এগরার খাদিকুল গ্রামেও যেতে পারেন তিনি। দেখা করতে পারেন বেআইনি বাজি কারখানায় বিস্ফোরণে নিহতদের পরিবারের সঙ্গে। জেলাপ্রশাসনের আধিকারিকদের সঙ্গেও তাঁর কথা হতে পারে।

শর্তসাপেক্ষে সত্যেন্দ্র জৈনকে জামিন দিল সুপ্রিম কোর্ট, অনুমতি ছাড়া দিল্লির বাইরে যেতে পারবেন না

নয়াদিল্লি, ২৬ মে ঃ শর্তসাপেক্ষে দিল্লির প্রাক্তন মন্ত্রী ও আম আদমি পার্টির নেতা সত্যেন্দ্র জৈনকে জামিন দিল সুপ্রিম কোর্ট। সত্যেন্দ্র জৈনের স্বাস্থ্যের বিষয়টি বিবেচনা করে তাঁকে ৬ সপ্তাহের জন্য অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছে সর্বোচ্চ আদালত। অনুমতি ছাড়া দিল্লির বাইরে যেতে পারবেন না তিনি এবং সংবাদ মাধ্যমের সামনে কোনও বক্তব্য রাখতে পারবেন না। বেশ কিছু দিন আগে সুপ্রিম কোর্টে জামিনের আবেদন জানিয়েছিলেন সত্যেন্দ্র জৈন। এরইমধ্যে বৃহস্পতিবার অসুস্থ হয়ে পড়েন তিনি। বৃহস্পতিবার

রানের বন্যা বইয়েছেন, তবুও শিরোপা না ছোঁয়ার আফসোসে কোহলি

কলকাতা, ২৬ মে ঃ আন্তর্জাতিক ক্রিকেটের মতো আইপিএলেও তাঁর ব্যাটে থাকে রানের ফুলঝুরি। সেই সঙ্গে গড়ছেন একের পর এক রেকর্ড। এত দাপট দেখিয়েও একটা আক্ষেপে হযতো তিনি পু।ছেন। তা হল, এই ১৬-তম আইপিএলে এসেও এই ব্যাটারের শোকেসে এখনও পর্যন্ত ওঠেনি কোনো আইপিএল শিরোপা।এবারের আইপিএলটা যেন আরসিবির কাছে ভালো কিছু করার ইঙ্গিত দিচ্ছিল। প্লে অফে এসে নিজের ব্যাট দিয়ে প্রতিপক্ষকে শাসন করেও এবারের আইপিএল থেকে বিদায় নিতে হল।এবারের আইপিএলে কি করেননি কোহলি।গুজরাট টাইটান্সের বিপক্ষে ৬১ বলে ১০১ রানের করে ক্রিস গেইলের ৬ সেঞ্চুরি ছাপিয়ে গিয়ে আইপিএল ইতিহাসে গড়েছেন সর্বোচ্চ সেঞ্চুরির রেকর্ড।২৩৭ ম্যাচের আইপিএল ক্যারিয়ারে ৭ সেঞ্চুরি করে ভারতীয় হিসেবে করেছেন রেকর্ড।এবারের আইপিএলে তৃতীয় ক্রিকেটার হিসেবে পরপর দুই ম্যাচে সেঞ্চুরি করে গড়েছেন রেকর্ড।আর আরসিবির অধিনায়ক ডু প্লেসির সঙ্গে জুটি বেঁধে এই আইপিএলে করেছেন ৯৩৯ রান, যা একটা আইপিএলে জুটির রানে যৌথভাবে সর্বোচ্চ।এত কিছু করেও এবারের আইপিএলে কোহলিদের দৌ। থেমে যায় লিগ পর্বেই। দুর্ভাগ্য কোহলির! আইপিএলে কোহলির কাছে এটা কিন্তু নতুন কিছু নয়। এর আগেও ঘটেছে কয়েকবার। ২০১৬ সালের আইপিএলে ফর্মের তুঙ্গে থেকে করেছিলেন ৯৭৩ রান। গড় ছিল ৮১.০৮ আর স্টাইক রেট ১৫২.০৩। এই রান ছিল আইপিএল ইতিহাসে এক মৌসুমে সর্বোচ্চ। ৪টি সেঞ্চুরিও ছিল। ম্যান অব দ্য টুর্নামেন্ট ও হয়েছেন। এতকিছুর পরেও ফাইনালে উঠে স্বপ্নভঙ্গ হয় বেঙ্গালুরুর সানরাইজার্স হায়দরাবাদের কাছে ৮ রানে হেরে । তৃতীয়বারের মতো রানার্সআপ হয়েছেন কোহলিরা।এর আগে ২০০৯ ও ২০১১ আইপিএলে বেঙ্গালুরুকে কাঁদিয়েছিল ডেকান চার্জার্স ও চেন্নাই সুপার কিংস। ২০০৯ মৌসুমে কোহলি করেন ২৪৬ রান আর ২০১১ তে ভারতীয় এই ব্যাটারের ব্যাট থেকে এসেছিল ৫৫৭ রান। এ ছাড়াও আইপিএলের এক মৌসুমে ৬০০-এর বেশি রান কোহলি করেছেন তিনবার। ২০১৬ আইপিএল তো রয়েছেই। এবার ভারতীয় এই ব্যাটার করেছেন ৬৩৯ রান।এখন পর্যন্ত এই আইপিএলের তৃতীয় সর্বোচ্চ রান সংগ্রাহক। আর ২০১৩ আইপিএলে ৬ ফিফটিতে করেন ৬৩৪ রান। ১০ বছর আগেও লিগ পর্ব থেকে ছিটকে যান কোহলিরা। সুতরাং এত কিছু আইপিএলে করেও শিরোপা না ছোঁয়ার আফসোসে হয়তো পুড়ছেন রানের সম্রাট কোহলি!

"ডবল ইঞ্জিন সরকার ডবল শক্তি এবং ডবল গতির সঙ্গে কাজ করছে"

নয়াদিল্লি,২৬মেঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে দেরাদুন থেকে দিল্লি বন্দে ভারত এক্সপ্রেসের প্রথম যাত্রার সূচনা করলেন। তিনি জাতির উদ্দেশে উৎসর্গ করলেন নতুন করে বৈদ্যুতিকীকরণ হওয়া রেল শাখার এবং উত্তরাখণ্ডকে ১০০ শতাংশ বৈদ্যুতিক রেল লাইনের রাজ্য বলে ঘোষণা করেছেন। সমাবেশে প্রধানমন্ত্রী দেরাদুন থেকে দিল্লি প্রথম বন্দে ভারত এক্সপ্রেসের সূচনার জন্য উত্তরাখণ্ডের প্রত্যেককে অভিনন্দন জানালেন এবং বললেন যে এই ট্রেন দেশের রাজধানীকে উত্তরাখণ্ডের দেবভূমির সঙ্গে যুক্ত করবে। তিনি জানান, এই দুই শহরের মধ্যে ভ্রমণের সময় আরও কমবে এবং এই ট্রেন যাত্রা আরও সুখকর এবং স্বাচ্ছন্দ্যমূলক হবে।জাপান, পাপুয়া নিউ গিনি এবং অস্ট্রেলিয়া - এই তিন দেশ সফরের বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, বিশ্ব এখন ভারতের দিকে অনেক আশা নিয়ে তাকিয়ে আছে। শ্রী মোদী বলেন, অর্থনীতিকে মজবুত করা এবং দারিদ্র্যের বিরুদ্ধে লড়াইয়ের ক্ষেত্রে বিশ্বের কাছে ভারত আশার রেখা। করোনা ভাইরাস অতিমারীর মোকাবিলায় ভারতের সাফল্যের উল্লেখ করে বিশ্বে সর্ববৃহ টিকাকরণ অভিযান চালানোর কথা বলেন প্রধানমন্ত্রী। তিনি উত্তরাখণ্ডের মতো রাজ্যগুলির ওপর জোর দিয়েছেন যাদের জন্য সারা বিশ্ব থেকে মানুষজন ভারতে ছুটে আসছেন। তিনি এও বলেন উত্তরাখণ্ড যাতে এই সুযোগের পূর্ণ সদ্ব্যবহার করতে পারে বন্দে ভারত ট্রেন সেই সাহায্যে করবে।প্রধানমন্ত্রী তাঁর কেদারনাথ দর্শনের কথা বলেন এবং তাঁর এক স্বতঃস্ফূর্ত উক্তির উল্লেখ করেন যেটি হল - বর্তমান দশকটি উত্তরাখণ্ডের দশক হয়ে উঠতে চলেছে। এই রাজ্য আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রেখে যেভাবে এগিয়ে চলেছে তার প্রশংসা করেন প্রধানমন্ত্রী। তাঁর আশা, দেবভূমি বিশ্বের আধ্যাত্মিক চেতনার কেন্দ্র হয়ে উঠবে। তিনি বলেন যে এই সম্ভাবনার পূর্ণ সদ্ব্যবহার করতে আমাদের কাজ করতে হবে। চারধাম যাত্রায় তীর্থযাত্রীদের সংখ্যা পুরনো রকর্ড ভেঙে দিয়েছে তাও জানান তিনি। বাবা কেদার, কুম্ভ অর্থ-কুম্ভ এবং কানোয়ার যাত্রায় দলে দলে ভক্তদের আসার কথাও বলেন তিনি। শ্রী মোদী বলেন, খুব বেশি রাজ্যে এত ভক্ত আসে না। এটা একটা উপহারের পাশাপাশি বিশাল কাজের বিষয়। তিনি বলেন, ডবল ইঞ্জিন সরকার ডবল শক্তি এবং ডবল গতির সঙ্গে কাজ করছে এই ' কাজকে সহজ করে তুলতে। প্রধানমন্ত্রী বলেন যে সরকার জোর দিচ্ছে উন্নয়নের জন্য নয়টি রত্নের ওপর। প্রথম রত্নটি হল কেদারনাথ-বদ্রীনাথ ধামে ১,৩০০ কোটি টাকার পুনরুজ্জীবনের কাজ। দ্বিতীয়টি হল গৌরীকুণ্ড-কেদারনাথ এবং গোবিন্দঘাট-হেমকুণ্ড সাহিবে ২,৫০০ কোটি টাকার রোপওয়ে প্রকল্প। তৃতীয়টি হল মানসখণ্ড মন্দিরমালা কর্মসূচিতে কুমায়ুনে প্রাচীন মন্দিরগুলির সংস্কার। চতুর্থটি হল গোটা রাজ্যে হোম-স্টে-র সংখ্যা বাড়ানো যেখান ইতিমধ্যেই ৪ হাজারের বেশি হোম-স্টে নথিভুক্ত আছে। পঞ্চমটি হল ১৬টি পরিবেশ-বান্ধব পর্যটন স্থলের উন্নয়ন। ষষ্ঠটি উত্তরাখণ্ডে স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণ। এইমস স্যাটেলাইট সেঃ টার তৈরি হচ্ছে উধম সিং নগরে। সপ্তমটি হল ২ হাজার কোটি টাকার তেহরি লেক উন্নয়ন প্রকল্প। অষ্টমটি যোগ এবং রোমাঞ্চকর পর্যটনের রাজধানী হিসেবে হরিদ্বার-ঋষিকেশের উন্নয়ন এবং শেষটি টনকপুর-বাগেশ্বর রেললাইন।তিনি বলেন, এই নবরত্নগুলিকে কাজে লাগানো হচ্ছে রাজ্যের পরিকাঠামো উন্নয়নে নতুন মাত্রা দিতে। তিনি জানান, ১২ হাজার কোটি টাকার চারধাম মহাপরিযোজনার কাজ হচ্ছে দ্রুতগতিতে। দিল্লি-দেরাদুন এক্সপ্রেসওয়ে যাতায়াত আরও দ্রুত ও সহজ করবে। তিনি উত্তরাখণ্ডে রোপওয়ে সংযোগেরও কথা বলেন। তিনি বলেন, পর্বতমালা প্রকল্প আগামীদিনে রাজ্যের ভাগ্যের পরিবর্তন করতে চলেছে। তিনি জানান, ১৬ হাজার কোটি টাকার ঋষিকেশ-কর্ণপ্রয়াগ রেল প্রকল্পের কাজ ২-৩ বছরে শেষ হয়ে যাবে। এই প্রকল্পের ফলে উত্তরাখণ্ডের অধিকাংশ অঞ্চল সুগম হবে এবং বাড়বে লগ্নি, শিল্প ও কর্মসংস্থান।প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকারের সহায়তায় উত্তরাখণ্ড পর্যটন, রোমাঞ্চকর পর্যটন, চলচ্চিত্রের শ্যুটিং এবং বিবাহের গন্তব্যস্থল হিসেবে উঠে আসে। তিনি বলেন, রাজ্যের পর্যটন স্থলগুলি সারা বিশ্বের পর্যটকদের টেনে নিয়ে আসছে এবং এই বন্দে ভারত এক্সপ্রেস তাঁদের পক্ষে খুব সুবিধাজনক হবে। প্রধানমন্ত্রী জানান, যাঁরা সপরিবারে যাতায়াত করেন তাঁদের পক্ষে ট্রেনে যাতায়াত সুবিধাজনক। বন্দে ভারত ক্রমশ পরিবহণের গুরুত্বপূর্ণ মাধ্যম হয়ে উঠছে। আগেকার সরকার পরিকাঠামোর গুরুত্ব বুঝতে পারেনি। তারা দুর্নীতি এবং পরিবারতন্ত্র নিয়েই ব্যস্ত ছিল মন্তব্য করে প্রধানমন্ত্রী বলেন, একবিংশ শতাব্দীর ভারত পরিকাঠামোর সম্ভাবনা সম্পূর্ণ ব্যবহার করে উন্নয়নের নতুন মাত্রায় উঠতে পারে। প্রধানমন্ত্রীর অভিযোগ, আগেকার সরকারগুলি দ্রুতগামী ট্রেন চালানোর বিষয়ে অজস্র প্রতিশ্রুতি দিয়েছিল। প্রহরাবিহীন রেলগেট তুলেও দিতে পারেনি। রেললাইনের বৈদ্যুতিকীকরণের অবস্থা ছিল আরও খারাপ। প্রধানমন্ত্রী জানান, ২০১৪-র আগে পর্যন্ত দেশের রেল নেটওয়ার্কের এক-তৃতীয়াংশ মাত্র বৈদ্যুতিকীকরণ করা হয়। ফলে, দ্রুতগামী ট্রেনের ভাবনা অসম্ভব ছিল। শ্রী মোদী বলেন, ২০১৪-র পরই রেলের আমূল পরিবর্তনের কাজ শুরু হয়েছে। দেশের প্রথম হাইস্পিড ট্রেন চালানোর স্বপ্ন রূপায়ণের কাজ শুরু হয়েছে দ্রুতগতিতে। সেইসঙ্গে সেমি-হাইস্পিড ট্রেন চালানোর নেটওয়ার্কও তৈরি হচ্ছে। তিনি জানান, ২০১৪-র আগে প্রতি বছর গ। ৬০০ কিলোমিটার রেললাইনের বৈদ্যুতিকীকরণ হত, সেখানে আজ প্রতি বছর ৬ হাজার কিলোমিটার রেললাইন বৈদ্যুতিকীকরণ করা হচ্ছে। প্রধানমন্ত্রী জানান, বর্তমানে দেশের ৯০ শতাংশের বেশি রেললাইনের বৈদ্যুতিকীকরণ হয়ে গেছে। উত্তরাখণ্ডে ১০০ শতাংশ বৈদ্যুতি কীকরণের কাজ হয়েছে। প্রধানমন্ত্রী উন্নয়ন কাজের কৃতিত্ব দেন সঠিক উদ্দেশ্য, নীতি এবং কাজের আগ্রহকে। ২০১৪-র তুলনায় বাজেট বরাদ্দ বৃদ্ধি পাওয়ায় উত্তরাখণ্ড উপকৃত হয়েছে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, ২০১৪-র পাঁচ বছর আগে এই রাজ্যের জন্য গ। বাজেট বরাদ্দ ছিল ২০০ কোটি টাকারও কম, সেখানে আজ রেল বাজেট হয়েছে ৫ হাজার কোটি টাকার যা প্রায় ২৫ গুণ বেশি। প্রধানমন্ত্রী পার্বত্য অঞ্চলে যোগাযোগের গুরুত্বের ওপর জোর দেন যেখানে গ্রামগুলি থেকে মানুষ যোগাযোগের অভাবে অন্য জায়গায় চলে যান। শ্রী মোদী বলেন, সরকার চায় আগামী প্রজন্ম যাতে ক্ষতিগ্রস্ত না হয়। তিনি বলেন, যোগাযোগ আধুনিক হলে সীমান্তে যাতায়াতও সুবিধাজনক হবে। এতে দেশকে যাঁরা রক্ষা করছেন সেই সৈন্যদের যে অসুবিধা ভোগ করতে হত তা আর করতে হবে না।ভাষণের শেষে প্রধানমন্ত্রী বলেন, ডবল ইঞ্জিন সরকার উত্তরাখণ্ডের উন্নয়নে দায়বদ্ধ। উত্তরাখণ্ডের দ্রুত উন্নয়ন হলেই ভারতের দ্রুত উন্নয়ন হবে। সবশেষে প্রধানমন্ত্রী বলেন, দেশ এখানেই থেমে যাবে না, দেশ গতির রথে উঠে পড়েছে। সমগ্র দেশ এখন বন্দে ভারতের গতিতে এগিয়ে চলেছে এবং এগোতেই থাকবে।

২০২৪-এ প্রধানমন্ত্রী হিসেবে ফিরে আসা উচিত মোদীর ঃশ্রী হরিহর দেশিকা স্বামীগল



নয়াদিল্লি, ২৬ মে ঃ নরেন্দ্র মোদীকেই পুনরায় দেশের প্রধানমন্ত্রী হিসেবে দেখতে চান মাদুরাই অধিনামের প্রধান পুরোহিত শ্রী হরিহর দেশিকা স্বামীগাল। তিনি বলেছেন, ২০২৪-এ প্রধানমন্ত্রী হিসেবে ফিরে আসা উচিত মোদীর। আগামী ২৮ মে, নতুন সংসদ ভবনের উদ্বোধনের সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে 'সেঙ্গোল' উপস্থাপন মাদুরাই অধিনামের প্রধান পুরোহিত শ্রী হরিহর দেশিকা স্বামীগাল। তিনি জোর দিয়ে বলেছেন, নরেন্দ্র মোদীর ২০২৪ সালে আবারও প্রধানমন্ত্রী হিসাবে ফিরে আসা উচিত।উল্লেখ্য, আগামী ২৮ মে নতুন সংসদ ভবনের উদ্বোধনের সময়য়রাজদণ্ড 'সেঙ্গোল' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কাছে পেশ করবেন শ্রী হরিহর দেশিকা স্বামীগাল। তিনি বলেছেন, প্রধানমন্ত্রী মোদী বিশ্বব্যাপী প্রশংসা পেয়েছেন এবং দেশের সবাই তাঁকে নিয়ে গর্বিত। তাঁর কথায়, প্রধানমন্ত্রী মোদী এমন একজন নেতা যিনি বিশ্বব্যাপী প্রশংসা পেয়েছেন। তিনি মানুষের জন্য ভালো কাজ করছেন। আবার ২০২৪ সালে তাঁকে প্রধানমন্ত্রী হতে হবে এবং মানুষকে পথ দেখাতে হবে। আমরা সকলেই গর্বিত, কারণ বিশ্ব নেতারা আমাদের প্রধানমন্ত্রী মোদীর প্রশংসা করছেন।

সংক্রমণ ফের কিছুটা কমল সক্রিয় রোগী কমে ৫,৭০৭, ভারতে করোনায় মৃত্যু দু'জনের



নয়াদিল্লি, ২৬ মে ঃভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের কিছুটা কমল, সুস্থতার সংখ্যা দ্রুততার সঙ্গে বাড়ছে। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৪৯০ জন, এই সময়ে দু'জনের মৃত্যু হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ৫,৭০৭-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০১ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। দু'জনের মৃত্যুর পর শুক্রবার সকাল আটটা পর্যন্ত মৃত্যু হয়েছে ৫,৩১,৮৫৬ জনের (১.১৮ শতাংশ)।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৫১,৩৫৩ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮০ শতাংশ। বিগত ২৪ ঘঃটায় টিকা পেয়েছেন ০১,৩৮০ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,০৪,২৫২ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৫ মে সারা দিনে ভারতে ১,২৪,৭৫৩ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

কৃষকদের জন্য বিমা প্রকল্প শুরু

নিজস্বসংবাদদাতা,কলকাতাঃ'বাংলা শস্য বিমা যোজনা' ও 'কৃষকবন্ধু'প্রকল্পের পর রাজ্য সরকার প্রাণিসম্পদ, মৎস্য ও রেশম চাষের সঙ্গে যুক্ত কৃষকদের জন্য বিমা প্রকল্প শুরু করতে চলেছে। ইতিমধ্যেই এই বিমা চালু করার জন্য সরকারি কৃষি বিমা সংস্থা এআইসিআইয়ে'র কৃশি দফতরের আলোচনা শুরু হয়েছে বলে ওই দফতর সূত্রে জানা গিয়েছে। এর ফলে প্রাণিপালন, মাছচাষ ও রেশম চাষের ক্ষেত্রে কোনও ক্ষয়ক্ষতি হলে কৃষকরা ক্ষতিপূরণের সুযোগ পাবেন। এআইসিআইয়ে'র প্রধান গিরিজা সুব্রহ্মণ্যম জানিয়েছেন প্রাণীসম্পদ, মস্য ও রেশম চাষের ক্ষেত্রে বিমা চালু করার জন্য তাঁরা দেশের বিমা নিয়ন্ত্রক সংস্থা আইআরডি এআইয়ের কাছে অনুমতি চেয়েছিলেন। সম্প্রতি সেই অনুমতি মিলেছে। চলতি অর্থবর্ষেই তাঁরা এই বিমা বাজারে নিয়ে আসার পরিকল্পনা করছেন।

চলতি আর্থিক বছরের প্রি ও পোস্ট ম্যাট্রিক বৃত্তির ১৬ শুরু হবে

কলকাতা,২৬মেঃশিক্ষাশ্রী প্রকল্পের আওতায় চলতি আর্থিক বছরের প্রি ও পোস্ট ম্যাট্রিক বৃত্তির ১৬ শুরু হবে।রাজ্যে তফসিলি জাতি ও অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণীর পড়ুয়াদের বৃত্তির আবেদন জানানোর পদ্ধতিতে খামতি দূর করতে গরমের ছুটির পর কেন্দ্রীয়ভাবে অনলাইন প্রশিক্ষণ শিবির খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্কুলের যেসব শিক্ষকরা এই প্রক্রিয়ার র আবেদনপত্র তৈরি করার দায়িত্বে রয়েছেন তাদের বাধ্যতামূলকভাবে এই শিবিরে যোগ দিতে হবে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। যোগ্য পড়ুয়ারা যাতে বৃত্তির সুবিধা থেকে বঞ্চিত না হয় স্কুলগুলির সঙ্গে জেলাশাসকদের যোগাযোগ করে দ্রুত কাজগুলি করতে বলা হয়েছে। । অনগ্রসর শ্রেণী কল্যাণ দফতর সূত্রে জানা গিয়েছে,রাজ্য সরকারের শিক্ষাশ্রী প্রকল্পের মাধ্যমে গত আর্থিক বছর সাড়ে নয় লক্ষ পড়ুয়াকে বৃত্তি দেওয়া হয়েছে ।

আন্তর্জাতিক ক্রিকেট বিপাকে, কেন্দ্রীয় চুক্তি ছেড়ে খেলোয়াড়রা ফ্রাঞ্চাইজি ক্রিকেটে ঝুঁকছে!

মুম্বাই, ২৬ মে ঃআন্তর্জাতিক ক্রিকেট এখন বিপাকে। জাতীয় দল থেকে ছুটি নিয়ে আইপিএল খেলছেন দেশ-বিদেশের ক্রিকেটাররা। এ বার ফ্র্যাঞ্চাইজি টি-২০ লিগে খেলার জন্য জাতীয় দলের ক্রিকেটারই এখন জাতীয় দলকেই গুডবাই জানানোর পথে। এ পথে চলে গিয়েছেন বেশ কিছু আন্তর্জাতিক ক্রিকেটারও। আর টি-২০ ক্রিকেটের মোহে ফিকে হয়ে যাচ্ছে আন্তর্জাতিক ক্রিকেট। এর কারণটা লোভনীয় অর্থ। দেশের জার্সিতে যা নেই, টি-২০ ফ্র্যাঞ্চাইজির ক্রিকেটে তা আছে। অর্থা কোটি কোটি টাকার লোভনীয় চুক্তি এখানে রয়েছে।আইপিএলের ফ্র্যাঞ্চাইজিগুলি কিছুদিন আগেই এই লোভনীয় অফার দিয়েছে ক্রিকেটারদের। ফ্রাঞ্চাইজিগুলির এই প্রস্তাবে দেখা গেছে, বোর্ডের কেন্দ্রীয় চুক্তির টাকার অঙ্ক থেকে এদের টাকার অঙ্ক অনেক অনেক বেশি। তাই ক্রিকেটাররা এই টাকার লোভে বছরভর ফ্র্যাঞ্চাইজির লিগই বেছে নিচ্ছেন। বোর্ডের চুক্তি থেকে বেরিয়ে এলে জাতীয় দলে জায়গা অনিশ্চিত হয়ে পড়বে তা জেনেও কলকাতা নাইট রাইডার্স ফ্র্যাঞ্চাইজির সঙ্গে বছরে ৩ লাখ পাউন্ডের বিনিময়ে চুক্তির পথে এগিয়ে গিয়েছেন জেসন রয়।শুধু জেসনই নন, ইংল্যান্ডের জাতীয় দলের ৬ জন ক্রিকেটার আছেন। তাঁদেরকে এই লোভনীয় প্রস্তাব দিয়েছে আইপিএল ফ্র্যাঞ্চাইজিগুলি। ডেইলি মেলের প্রতিবেদন অনুযায়ী, জেসন রয়ই হলেন এই পথের প্রথম ক্রিকেটার।যিনি ইসিবির কেন্দ্রীয় চুক্তি বাতিল করে কলকাতা নাইট রাইডার্সের প্রস্তাবে রাজি হয়েছেন । বছরে ৩ লক্ষ ইউরোর বিনিময়ে রয়ের চুক্তি হবে লস অ্যাঞ্জেলস নাইট রাইডার্সের সঙ্গে।সামনের ১৩ জুলাই থেকে মার্কিন মুলুকে শুরু হচ্ছে টি২০ ক্রিকেট লিগ। যার নাম দেওয়া হয়েছে ' লিগ ক্রিকেট'। এই লিগে মুম্বই ইন্ডিয়ান্স, সিএসকে, দিল্লি ক্যাপিটালস, কেকেআর দল কিনেছে। কেকেআরের দলের নাম লস অ্যাঞ্জেলস নাইট রাইডার্স। আর এই মেজর ক্রিকেট লিগে নাইটদের হয়ে খেলার জন্যই ইংল্যান্ডের কেন্দ্রীয় চুক্তি ছাড়ছেন জেসন রয়। বলা যায়, আন্তর্জাতিক ক্রিকেট তিনি ছাড়ছেন এই টি-২০ ফ্র্যাঞ্চাইজি লিগে খেলে অর্থ উপার্জনের জন্যই। সুতরাং এই পথে কেরিয়ার গড়ার জন্য জেসন রয়ই প্রথম পথ দেখালেন, যা ঐতিহাসিক পদক্ষেপ হিসেবে চিহ্নিত হয়ে থাকবে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৭মে শনিবার, ১২ জ্যৈষ্ঠ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৭মেঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ১২ জ্যৈষ্ঠ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১২ জ্যৈষ্ঠ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ১২ জ্যৈষ্ঠ ১৯৪৪, মৈতৈ ঃ১১ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩.২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৫.০২এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯০শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার । জোয়ার- সকাল ৯ টা ২০ মিনিট এবং রাত৯টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৯টা ২০মিনিট। রাত-৯টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ০১মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ২ মিনিটে হবে।

রাশিফল

মেষরাশিঃ জটিল পরিস্থিতিতে ঘাব। যাবেন না। খাবারের স্বাদের জন্য যেমন নুন দায়ী তেমনি একটু অশান্তি না থাকলে সুখের গুরুত্ব বোঝা যায় না।শুভদিন।
বৃষভ রাশিঃআপনার জন্য নিছকই আনন্দ এবং মজা-যেহেতু আপনি পূর্ণমাত্রায় জীবন উপভোগ করতে নেমে পড়েছেন।
মিথুন রাশিঃকিছু সৃজনশীল কাজে নিজেকে নিযুক্ত রাখুন। আপনার অলসভাবে বসে থাকার অভ্যাস মানসিক শান্তির জন্য মারাত্মক প্রমাণিত হতে পারে। আপনি যে কারও সাহায্যে অর্থ উপার্জন করতে সক্ষম হতে পারেন। আপনার যা প্রয়োজন তা হল নিজেকে বিশ্বাস করা।শুভ
কর্কট রাশিঃপিতা আপনাকে সম্পত্তির উত্তরাধিকার থেকে বঞ্চিত করতে পারেন। কিন্তু মনোক্ষুণ্ণ হবেন না। অর্থ ব্যয়।
সিংহ রাশিঃএমন একটি দিন যেখানে আপনি আরাম করতে সমর্থ হবেন।বিবাহের যোগ হবে
কন্যা রাশিঃসামঞ্জস্যপূর্ণ ব্যক্তিত্ব তৈরী করুন যাতে ঘৃণা ভাবকে
তুলা রাশিঃস্বাস্থ্য ভালোই থাকবে। বিদেশ যাত্রা শুভ দিন হতে পারে
বৃশ্চিক রাশিঃআজ আপনাকে বিভিন্ন উত্তেজনা এবং মতভেদের
ধনু রাশিঃঅত্যধিক দুশ্চিন্তা আপনার মানসিক শান্তি বিঘ্নিত করতে পারে। আর্থিক উন্নতি হবে
মকর রাশিঃঅফিস থেকে তাড়াতাড়ি বেরোতে চেষ্টা করুন এবং এমন কিছু করুন যা আপনি উপভোগ করেন। সংসারে শান্তি
কুম্ভ রাশিঃআপনার স্বযত্নলালিত স্বপ্ন সত্যে পরিণত হবে। কিন্তু আপনার উত্তেজনা নিযন্ত্রণের রাখা উচিত কারণ খুব বেশী আনন্দ কিছু সমস্যার কারণ হবে।
মীন রাশিঃআপনার পিতা মাতার প্রতি অমর্যাদা আপনার ভবিষ্যত সম্ভাবনা ক্ষুণ্ণ করতে পারে। ভালো সময় কখনোই খুব দীর্ঘ হয় না। মানুষের কীর্তি শব্দ তরঙ্গের মত। যা মধুর স্বর অথবা শ্রতিকটু শব্দ সৃষ্টি করে। এগুলি অনেকটা বীজে প্র.তুলতে পারে।

খানাকুলের গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে আগুন, নষ্ট বহু গুরুত্বপূর্ণ নথি

দুরন্ত বার্তা, হুগলি, ২৬ মে ঃ শুক্রবার সাতসকালে খানাকুলের অরুণ্ডা গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে আগুন লাগে। পুড়ে ছাই গুরুত্বপূর্ণ নথি ও জিনিসপত্র। হতভম্ব স্থানীয় বাসিন্দারা। পঞ্চায়েতে আগুন লাগার ঘটনায় সরব হয়েছে বিজেপি। যদিও বিজেপির অভিযোগ উড়িয়ে দিয়েছেন

আরামবাগ সাংগঠনিক জেলার চেয়ারম্যান জয়দেব জানা। শুক্রবার সকালে ভেতর থেকে ধোঁয়া বেরোতে দেখা যায়। ধীরে ধীরে গোটা ভবনটি কালো ধোঁয়ায় ঢেকে যায়। ভিতর দাউ দাউ করে জ্বলতে থাকে গুরুত্বপূর্ণ নথিপত্র। স্থানীয় বাসিন্দারাই প্রাথমিকভাবে আগুন নেভানোর চেষ্টা করেন। বাড়ি থেকে বালতি, গামলা করে জল এনে ঢালতে থাকেন। স্থানীয় বিদ্রোহী তৃণমূল কর্মী, নেতারাও। তাঁরাও ঘটনাস্থলে যান। ঘটনাস্থলে যান বিডিও, পঞ্চায়েত প্রধান। এলাকায় মোতায়েন হয় পুলিশ। খবর দেওয়া হয় পুলিশ ও দমকলে। রাস্তা সংকীর্ণ হওয়ায় ঘুরপথে আরামবাগ থেকে দুটি দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে যায়। আগুন নেভানোর কাজ শুরু করতে দেরি হয়। পঞ্চায়েতের কার্যালয়টির তিন তলা ভবন সম্পূর্ণ ভস্মীভূত হয়ে গেছে। পঞ্চায়েতের প্রধান রিঙ্কু বরের বক্তব্য, শর্ট সার্কিট থেকেই আগুন লেগে গেছে। এই অভিযোগ মানতে রাজি নয় পুড়শুড়ার বিজেপির বিধায়ক বিমান ঘোষ। অন্যদিকে খানাকুলের বিজেপি বিধায়ক সুশান্ত ঘোষ বলেন, আগুন লাগিয়ে দেওয়া হয়েছে পঞ্চায়েতের দুর্নীতির প্রমাণ লোপাট করতে।

উদ্‌যাপিত নজরুল জয়ন্তী, আলিপুর জেল মিউজিয়ামে সংগ্রহশালার উদ্বোধন

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ মে ঃ রাজ্যজুড়ে যথাযথ মর্যাদায় পালিত হল নজরুল জয়ন্তী। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উপলক্ষ্যে শুক্রবার নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। নজরুল জয়ন্তী উপলক্ষ্যে আলিপুর জেল মিউজিয়ামে নজরুল নামাঙ্কিত সংগ্রহশালার উদ্বোধন করা হয়। উদ্বোধনের পর সংগ্রহশালা ঘুরে দেখেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। নবান্নে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে মাল্যদান করেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। আবার বিধানসভায় বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় ও মেয়র ফিরহাদ হাকিম। পশ্চিম বর্ধমানের চুরুলিয়া গ্রামে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী পালন করা হয়, বর্ণাঢ্য প্রভাত ফেরির মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয় এদিন। কবি স্মরণে শুরু হয়েছে নজরুল মেলাও।

অবসরপ্রাপ্ত কর্মী ও পেনশন প্রাপকদের সমস্যার সমাধান রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ মে ঃ অবসরপ্রাপ্ত কর্মী এবং পারিবারিক পেনশন প্রাপকদের বয়সের প্রমাণপত্র নিয়ে জটিলতার সমাধান করল রাজ্য সরকার। অবসরপ্রাপ্ত কর্মী ও পারিবারিক পেনশন প্রাপকরা ৮০ বছর বয়স হলেই ২০ শতাংশ অতিরিক্ত পেনশন পান। এক্ষেত্রে প্রাপকের বয়সের প্রমাণপত্র জমা দিতে হয় রাজ্য সরকারের কাছে। অবসরপ্রাপ্ত কর্মীদের সার্ভিস বুক থাকায় তাঁদের বিশেষ সমস্যা হয় না। কিন্তু পারিবারিক পেনশন প্রাপকদের বেশিরভাগ ক্ষেত্রে দেখা যায়, না আছে জন্মের শংসাপত্র, না আছে মাধ্যমিক পরীক্ষার শংসাপত্র। সবার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিমার চিকিৎসকরাও জন্মের শংসাপত্র দিতে পারেন না। তাই রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে, ভোটার আইকার্ড, প্যানকার্ড এবং আধারকার্ডে লেখা বয়স সংক্রান্ত তথ্য এক্ষেত্রে গ্রাহ্য করা হবে। যদিও মাধ্যমিক বা মাধ্যমিক সমতুল্য পরীক্ষার শংসাপত্র রয়েছে তাও দেওয়া যাবে। আবার স্বাস্থ্যবিমার চিকিৎসকরা শংসাপত্র দিলে তাও গৃহীত হবে। সম্প্রতি অর্থদপ্তর থেকে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করে বলা হয়েছে এই সংক্রান্ত তথ্য জানিয়ে দেওয়া হয়েছে। শংসাপত্র সংক্রান্ত আরও একটি জটিলতা মেটানো হয়েছে। ভোটার, প্যান ও আধারে যাদের এক এক রকম বয়স দেওয়া আছে, তাদের ক্ষেত্রে সরকার সিদ্ধান্ত নিয়েছে, সবচেয়ে পুরনো সচিত্র পরিচয়পত্রে যে বয়স রয়েছে সেটাই পারিবারিক পেনশন প্রাপকদের ক্ষেত্রে গৃহীত হবে। এই আদেশনামা ২৩ মে থেকে চালু করা হয়েছে। দীর্ঘদিন ধরেই এই সমস্যা সংক্রান্ত ফাইল জমা হচ্ছিল অর্থ দপ্তরে। সমাধান না হওয়ায় ৮০ বছর বয়স পেরিয়ে গেলেও অতিরিক্ত পেনশন থেকে বঞ্চিত হচ্ছিলেন। তাঁরা যাতে এই বঞ্চনার শিকার আর না হন, তাই এই সিদ্ধান্ত নিল সরকার। প্রসঙ্গত, ৮০ বছর বয়স হয়ে গেলেই রাজ্য সরকারের নিয়ম অনুযায়ী ২০ শতাংশ অতিরিক্ত পেনশন পাওয়া যায়।

৪ বছরের স্নাতক এবং পোর্টালের মাধ্যমে কলেজ ভর্তির বিষয়ে পরিকল্পনা রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ মে ঃ জাতীয় শিক্ষানীতি মেনে রাজ্যের সরকারি কলেজে চার বছরের স্নাতক পাঠক্রম চালু করা এবং কেন্দ্রীয় পোর্টালের মাধ্যমে কলেজে ভর্তির মত দুটি নতুন বিষয় চালুর আগে প্রয়োজনীয় পরিকাঠামো নেওয়া দরকার বলে রাজ্য সরকার জানিয়েছে। এদিন নিউটাউনে সংস্কৃত কলেজ বিশ্ববিদ্যালয়, সিধু-কানু-বীরসা বিশ্ববিদ্যালয় ও সাধু রাম চাঁদ মুর্মু বিশ্ববিদ্যালয়ের মধ্যে এক মউ স্বাক্ষর অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু সাংবাদিকদের বলেন, সব দিক খতিয়ে দেখা হচ্ছে। আগামী সপ্তাহে এই নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে তার বৈঠক হতে পারে বলে তিনি জানিয়েছেন। মুখ্যমন্ত্রীর সবুজ সংকেত পেলেই উচ্চশিক্ষা দপ্তর এই বিষয়ে সিদ্ধান্ত ঘোষনা করবে। উল্লেখ্য রাজ্যের বেশ কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই চার বছরের স্নাতক পাঠক্রম চালু করার কথা ঘোষনা করেছে।

উদ্ধার লক্ষ টাকার নিষিদ্ধ শব্দবাজি

দুরন্ত বার্তা, হাওড়া, ২৬ মে ঃ হাওড়ার জগবল্লভপুরের পাতিহালে ফের উদ্ধার হল কয়েক লক্ষ টাকার নিষিদ্ধ শব্দবাজি ও বাজি তৈরির মশলা। শুক্রবার পাতিহাল মালপাড়ায় তল্লাশি অভিযান চালিয়ে ওই শব্দবাজি ও তার মশলা বাজেয়াপ্ত করে পুলিশ। উদ্ধার হয় প্রায় ৭০০ কেজি বাজি ও ৩০ কেজি বাজি তৈরির মশলা। এগুলির কোনও দাবিদার পাওয়া যায়নি। একটি জায়গায় মজুত করে রাখা হয়েছিল। গোপন সূত্রে খবর পেয়ে বিপুল পরিমাণ ওই বাজি ও তার মশলা উদ্ধার করে পুলিশ। কে বা কারা ওই বাজি মজুত করে রেখেছিল তা জানতে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। গ্রামীণ জেলা পুলিশ সূত্রে খবর, হাওড়া গ্রামীণ জেলার অধীনে বেআইনি আতশবাজির বিরুদ্ধে অভিযান চলাকালীন এদিন সূত্রের তথ্যের ভিত্তিতে জগবল্লভপুর থানা এলাকার পাতিহাল মালপাড়ায় অভিযান চালানো হয়। পুলিশ প্রায় ৭০০ কেজি বাজি এবং বাজি তৈরির জন্য ব্যবহৃত প্রায় ৩০ কেজি কাঁচামালের দাবিহীন আতশবাজি বাজেয়াপ্ত করে। একটি মামলা নথিভুক্ত করা হয়েছে।

নীতি আয়োগের বৈঠকে নেই বাংলার কোনও প্রতিনিধি

দুরন্ত বার্তা, কলকাতা, ২৬ মে ঃ কেন্দ্রীয় সরকার অনুমতি না দেওয়ায় আজ নতুন দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে প্রস্তাবিত নীতি আয়োগের বৈঠকে রাজ্যের তরফে কোন প্রতিনিধি উপস্থিত থাকবেন না বলে জানা গিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পরিবর্তে বৈঠকে উপস্থিত থাকার জন্য রাজ্যের প্রতিনিধি হিসাবে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য ও মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদীর নাম প্রস্তাব করে চিঠি পাঠানো হলেও কেন্দ্রের তরফে তার কোন অনুমতি দেওয়া হয়নি বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য মুখ্যমন্ত্রী গত ১৫ মে নবান্নে এক সাংবাদিকদের এই বৈঠকে উপস্থিত থাকবেন বলে জানিয়েছিলেন। পরে তা বাতিল করে দেন তিনি।

গুলিকাণ্ডে ধৃত বেড়ে ২

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগণা, ২৬ মে ঃ ব্যারাকপুরে সোনার দোকানে বুধবারের গুলিকাণ্ডে গ্রেফতার ২। গত রাতে হাওড়া থেকে গ্রেফতার হয়েছে সাকিল খান। সূত্রের খবর, শুক্রবার বীরভূমের মুরারই থেকে গ্রেফতার হয়েছে জামশেদ আনসারি। পুলিশ সূত্রে খবর, আগে ২ জনকে আটক করে পুলিশ। তাদের মধ্যে থেকে ১ জন গ্রেফতার করা হয়। পরে গ্রেফতার করা হয়েছে আরও ১ জনকে। পুলিশের দাবি, 'ধৃত ২ জন ঘটনার সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত। তবে, কী কারণে খুন এখনও জানা যায়নি, তদন্ত চলছে। একটি বাইক বাজেয়াপ্ত করা হয়েছে'। বুধবার বিকেলে ব্যারাকপুরে আনন্দপুরীতে দুষ্কৃতীদের গুলিতে মৃত্যু হয় দোকানের মালিকপুত্র তথা ২৭ বছরের তরতাজা এক যুবকের। ব্যারাকপুর পুরসভার চেয়ারম্যানের দাবি, দুষ্কৃতীদের মধ্যে একজন কামারহাটির বাসিন্দা, আর বাকি ৪ জনই ঝাড়খণ্ডের। পুর চেয়ারম্যান দাবি করেন, 'ধৃতকে জেরা করে বাকিদের খোঁজার চেষ্টা করা হচ্ছে। ই কর্মাস সংস্থার মাধ্যমে উলুবেড়িয়া ও কলকাতা থেকে ২ টি বাইক কেনে দুষ্কৃতীরা। দলটির আরও কয়েকটি অপরাধ করার পরিকল্পনা ছিল। সূত্রের খবর, পুলিশের থেকে বাঁচতে মাথা ন্যাড়া করে গা ঢাকা দিয়েছিল সানি। প্রসঙ্গত, বুধবার ভরা বাজারের মধ্যে, ভরসন্ধ্যায় এই ঘটনায় সিসিটিভি ফুটেজ দেখে শিউরে উঠেছেন সবাই। এই ঘটনায় পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন খোদ তৃণমূল নেতা ও ব্যারাকপুরের সাংসদ অর্জুন সিং।

উদ্ধার মানুষের মাথার খুলি

দুরন্ত বার্তা, হাওড়া, ২৬ মে ঃ জগাছায় উদ্ধার মানুষের মাথার খুলি। হাওড়ার জগাছা থানা এলাকার জিআইপি কলোনি প্রেস কোয়ার্টারের ফাঁকা জায়গায় মানুষের মাথার খুলি উদ্ধারকে ঘিরে শুক্রবার সকালে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এদিন সকালে এলাকার স্থানীয় বাসিন্দারা ওই খুলিটি ফাঁকা জায়গায় পড়ে থাকতে দেখেন। খুলিটির মাথায় সিঁদুর লাগানো ছিল। তবে এটি কোনও তান্ত্রিকের ব্যবহার করা জিনিস কিনা বা অন্য কোথাও থেকে আনা হয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। এদিন খুলিটি দেখতে এলাকার মানুষ ভিড় জমায়। পুলিশকেও খবর দেওয়া হয় বলে খবর।

নিরাপত্তা ছাড়তে তৈরি, 'লজ্জিত' অর্জুন! তৃণমূলের অস্বস্তি বাড়িয়ে দিলেন ব্যারাকপুরের সাংসদ

দুরন্ত বার্তা, ব্যারাকপুর, ২৬ মে ঃ সোনার দোকানে ডাকাতিতে বাধা দিতে গিয়ে যুবক খুনের ঘটনায় ফের বিস্ফোরক অর্জুন সিং। এবার নিজের নিরাপত্তা ছাড়তে চাইলেন ব্যারাকপুরের সাংসদ। ব্যারাকপুরে পরের পর দুষ্কৃতী তাণ্ডবের ঘটনায় তিনি লজ্জিত বলেও দাবি করেছেন অর্জুন। দাবি করেছেন, সাধারণ মানুষের নিরাপত্তার স্বার্থে পুলিশ চাইলে তাঁর নিরাপত্তা প্রত্যাহার করে নিতে পারে। অর্জুনের এই মন্তব্যে স্বভাবতই

অস্বস্তিতে পড়েছে শাসক দল। অর্জুন বিরোধী নেতাদের সুরে কথা বলছেন বলে পাল্টা ব্যারাকপুরের সাংসদকে কটাক্ষ করেছেন তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ। ঘটনার সূত্রপাত গত বুধবার। সেদিন ভরসন্ধ্যায় ব্যারাকপুরের একটি সোনার দোকানে হানা দেয় চার জনের ডাকাত দল। লুঠপাটে বাধা দিতে গেলে ওই দোকানের মালিকের ছেলে ২৭ বছরের নীলাদ্রি সিংহকে গুলি করে খুন করে দুষ্কৃতীরা। এই ঘটনার পরই পুলিশের সমালোচনায় সরব হন অর্জুন সিং। পুলিশের দক্ষতা নিয়েও সরাসরি প্রশ্ন তোলেন তিনি। গতকালই অর্জুন সিং নিহত নীলাদ্রির বাড়িতে গিয়েছিলেন। ক্ষুব্ধ অর্জুন বলেন, পরিস্থিতি দেখে মনে হচ্ছে পুলিশের ভূমিকা সঠিক নয়। পুলিশ-প্রশাসনের উপরে মানুষের ক্ষোভ তৈরি হচ্ছে। তাতে আমাদের দলের ক্ষতি হবে। এখানেই না থেমে এ দিন আরও সুর চড়িয়েছেন অর্জুন। ব্যারাকপুরের সাংসদ এ দিন দাবি করেন, কিছু দুষ্কৃতী জেল থেকেই ব্যারাকপুর শিল্পাঞ্চল এলাকায় এখনও তোলাবাজি চালিয়ে যাচ্ছে। যেভাবে ব্যারাকপুর এলাকায় দুষ্কৃতী তাণ্ডব দিন দিন বাড়ছে, তাতে এলাকার সাংসদ হিসেবে তিনি লজ্জিত বলেও দাবি করেন অর্জুন। ক্ষোভের সঙ্গেই এর সঙ্গে তিনি যোগ করেন, 'দরকার পড়লে আমার নিরাপত্তা তুলে নেওয়া হোক কিন্তু সাধারণ মানুষের নিরাপত্তা দিক পুলিশ। কারণ আমজনতাকে সংবিধান-প্রশাসনের উপরে ভরসা রাখতে হয়। দেশের সংবিধানকে সবাই মেনে চলে। আমি চাই সাধারণ মানুষের নিরাপত্তা সুনিশ্চিত করুক পুলিশ প্রশাসন। আমি জনপ্রতিনিধি হিসেবে খুবই দুঃখিত যে আমার সংসদীয় ক্ষেত্রে বারবার এরকম ঘটনা ঘটছে।' এ দিনই অবশ্য পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, ব্যারাকপুরে সোনার দোকানে খুনের ঘটনায় দুই অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। তবে খুনের কারণ এখনও স্পষ্ট নয়। তবে অর্জুনের এই ধরনের মন্তব্য যে দল ভালভাবে নিচ্ছে না বুঝিয়ে দিয়েছেন তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ। তিনি বলেন, 'কিছু ঘটনা এমন ঘটে যা সত্যিই দুঃখজনক। কিন্তু তা বলে দলের সিনিয়র নেতারা বিরোধীদের ভাষায় কথা বললে ঠিক নয়।' ২০১৯ সালে বিজেপি-র হয়ে ব্যারাকপুর লোকসভা কেন্দ্র থেকে জয়ী হন অর্জুন সিং। এর পর তৃণমূলে যোগ দেন তিনি। সাম্প্রতিক কালে অবশ্য এগরার বাজি কাণ্ড থেকে শুরু করে বাবুল সুপ্রিয়কে মন্ত্রী করা নিয়ে বিতর্কিত মন্তব্য করে দলের অস্বস্তি বাড়িয়েছেন তিনি।

জয়নগরে পথ দুর্ঘটনায় আহত জেলা পরিষদ সদস্য খান জিয়াউল হক

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ২৬ মে ঃ জয়নগরে একটি পথ দুর্ঘটনায় গুরুতর আহত জেলা পরিষদ সদস্য তথা জয়নগর সাংসদ প্রতিনিধি শিক্ষক খান জিয়াউল হক। আহত হয়ে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েও বেহাল চিকিৎসা পরিষেবার জন্য গুনতে ৮৮ হাজার টাকা। গত বুধবার পেশায় শিক্ষক খান জিয়াউল হক স্কুল থেকে মোটরসাইকেলে বাড়ি ফেরার পথে জয়নগর থানার গোড়ের হাটের কাছে চৌরাস্তার মোড়ে দুর্ঘটনার শিকার হন। তার সাথে আহত হন তার দেহরক্ষী। খান জিয়াউল হকের নাকে, বামহাতে ও ডান পায়ে মারাত্মক চোট পান। স্থানীয় মাটির গাড়ির চালক। তাকে উদ্ধার করে পদ্মেরহাট গ্রামীন হাসপাতালে ভর্তি করান। কিন্তু সেখানে নাক দিয়ে রক্তক্ষরন বেড়ে চলায় কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করানো হয়। কিন্তু সেখানে ৫-৬

ঘন্টা আহত রোগীর কোনো পরিষেবা দেওয়া হয় নি বলে অভিযোগ। আর পরিষেবা ভালো না থাকা ও চিকিৎসা ঠিক মতন না হওয়ায় জেলাপরিষদ সদস্যকে তার পরিবার ওই হাসপাতালের এক রাত থাকার খরচ ৮৮ হাজার টাকা গুনে দিতে বাধ্য হন। আর তাঁর দক্ষিন বারাসতের বাড়িতে শুয়ে আহত জেলা পরিষদ সদস্য খান জিয়াউল হক বলেন, আমি জন প্রতিনিধি হয়েও পরিষেবা না পেয়েও মোটা অংকের টাকা গুনে মৃত্যু হাতে নিয়ে ফিরলাম। আর সাধারণ মানুষের তাহলে কি হবে। আমি সরকারের কাছে অনুরোধ করবো এই সব বেসরকারি হাসপাতালের দিকে আরও কঠোর ভাবে নজর দেওয়া হোক।

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে মাল্যদান করছেন কলকাতার মহানাগরিক এছাড়াও মাল্যদান করেন কলকাতা পৌরসভার চেয়ারপার্সন, মেয়র পরিষদ (উদ্যান) মেয়র পরিষদ (শিক্ষা ও আইটি) এবং কলকাতা পৌরসভার আধিকারিকগন।

২৭.০৫.২৩ শনিবার মেট্রো পরিষেবার কোনও পরিবর্তন নেই

কলকাতা, ২৬ মে ঃ ২৭.০৫.২৩ (শনিবার) মহানায়ক উত্তম কুমার থেকে কবি সুভাষ মেট্রো স্টেশনের মধ্যে কোনও ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজ করা হবে না। ০৪.০৫.২৩ এবং ২৫.০৫.২৩ তারিখে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়েছিল যে মেগা পাওয়ার ব্লকের কারণে ২৭.০৫.২৩ তারিখে ০৬.৫০ টা থেকে মহানায়ক উত্তম কুমার থেকে কবি সুভাষ পর্যন্ত মেট্রো পরিষেবাগুলি নিয়ন্ত্রিত হবে। ১০.০০ ঘন্টা পর্যন্ত। ফলস্বরূপ, মহানায়ক উত্তম কুমার-কবি সুভাষ স্ট্রেচে ০৬.৫০ থেকে ১০.০০ ঘণ্টা পর্যন্ত কোনও পরিষেবা পাওয়া যাবে না। ওইদিন ১০.০০ টা থেকে। পরবর্তীতে সমগ্র দক্ষিণেশ্বর- কবি সুভাষ স্ট্রেচ জুড়ে স্বাভাবিক পরিষেবা পাওয়া যাবে। এখন, যেহেতু আগামীকাল কোনও ট্র্যাফিক ব্লক থাকবে না, তাই কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত প্রথম পরিষেবা ০৬.৫০ টায় উপলব্ধ হবে। সারা দিন স্বাভাবিক শনিবার পরিষেবাগুলি আগামীকাল পুরো ব্লু লাইন প্রসারিত জুড়ে চলবে। প্রথম পরিষেবা ঃ ০৬.৫০ টায়। দমদম থেকে কবি সুভাষ। ০৬.৫০ টায়। কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর। ০৬.৫৫ টায় দমদম থেকে দক্ষিণেশ্বর। ০৭.০০ টায়। দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ। শেষ পরিষেবা ঃ ২১.২৮ টায়, দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ। ২১.৩০ টায়, কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর। ২১.৪০ টায়, দমদম থেকে কবি সুভাষ। ২১.৪০ টায়, কবি সুভাষ থেকে দমদম।

TRIBUTE TRADING AND FINANCE LIMITED

CIN: L35991WB1986PLC139129
Regd. Office: : 3, Bentinck Street (2nd Floor), Kolkata - 700 001,
Ph No:(033) 2210 0875
e-mail: ttfltd@gmail.com, Website: www.ttfltd.co.in

STATEMENT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED MARCH 31, 2023

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter Ended			Year Ended	
		31-March 2023	31-Dec 2022	31-March 2022	31-March 2023	31-March 2022
		Audited	Unaudited	Audited	Audited	Audited
1	Total Income from Operations	101.02	37.77	20.92	214.12	136.66
2	Net Profit/ (Loss) for the period before Tax	16.55	11.17	0.73	50.01	(0.19)
3	Net Profit/ (Loss) for the period after tax	20.23	8.04	(7.47)	44.88	(8.39)
4	Total Comprehensive Income for the period [comprising profit/(Loss) for the period after tax and Other Comprehensive Income after tax]	20.23	8.04	(7.47)	44.88	(8.39)
5	Equity Share Capital	600.00	600.00	600.00	600.00	600.00
6	Other Equity	-	-	-	2273.25	2234.37
7	Earnings per Share (EPS) (of Rs.10/-each) (for continuing and discontinuing operations) a.Basic(Rs.)	0.34	0.13	(0.12)	0.75	(0.14)
	b.Diluted(Rs.)	0.34	0.13	(0.12)	0.75	(0.14)

Note:
The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI(Listing Obligations and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange at www.cse-india.com and on the Company's website at www.ttfltd.co.in

For Tribute Trading and Finance Limited
Manoj Sethia
Chairman
(DIN: 00585491)

Place : Kolkata
Date: May 26, 2023

SARVOTTAM FINVEST LIMITED

CIN: L65993WB1978PLC031793
Regd. Office: : 3, Bentinck Street (2nd Floor), Kolkata - 700 001
Ph No:(033) 2210 0875
e-mail: sarvottamfinvest@gmail.com,Website: www.sarvottamfinvest.in

STATEMENT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED MARCH 31, 2023

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter Ended			Year Ended	
		31-March 2023	31-Dec 2022	31-March 2022	31-March 2023	31-March 2022
		Audited	Unaudited	Audited	Audited	Audited
1	Total Income from Operations	57.18	50.08	27.49	192.71	158.61
2	Net Profit/ (Loss) for the period before Tax	45.43	(174.26)	(29.92)	(124.09)	(16.81)
3	Net Profit/ (Loss) for the period after tax	52.13	(174.05)	(27.96)	(118.42)	(24.16)
4	Total Comprehensive Income for the period [comprising profit/(Loss) for the period after tax and Other Comprehensive Income after tax]	52.13	(174.05)	(27.96)	(118.42)	(24.16)
5	Equity Share Capital	750.00	750.00	750.00	750.00	750.00
6	Other Equity	-	-	-	1732.49	1850.90
7	Earnings per Share (EPS) (of Rs.10/-each) (for continuing and discontinuing operations) a.Basic(Rs.)	0.70	(2.32)	(0.37)	(1.58)	(0.32)
	b.Diluted(Rs.)	0.70	(2.32)	(0.37)	(1.58)	(0.32)

Note:
The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and other Disclosure Requirements), 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange at www.bse-india.com and on the Company's website at www.sarvottamfinvest.in

For Sarvottam Finvest Limited
Dilip Kumar Gupta
Managing Director
(DIN:01168576)

Place : Kolkata
Date: May 26, 2023

MIHIKA INDUSTRIES LIMITED

CIN: L70101WB1983PLC035638
Regd. Off.: 3, Bentinck Street (2nd Floor) Kolkata-700001,
Ph No:(033) 2210 0875,
e-mail: mihikaindustries@gmail.com, Website: www.mihika.co.in

STATEMENT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED MARCH 31, 2023

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter Ended			Year Ended	
		31-March 2023	31-Dec 2022	31-March 2022	31-March 2023	31-March 2022
		Audited	Unaudited	Audited	Audited	Audited
1	Total Income from Operations	3.61	48.16	33.40	126.79	316.92
2	Net Profit/ (Loss) for the period before Tax	(314.49)	(0.92)	(15.20)	(324.14)	(1.62)
3	Net Profit/ (Loss) for the period after tax	(233.73)	5.29	(13.38)	(241.54)	(1.92)
4	Total Comprehensive Income for the period [comprising profit/(Loss) for the period after tax and Other Comprehensive Income after tax]	(233.73)	5.29	(13.38)	(241.54)	(1.92)
5	Equity Share Capital	1000.00	1000.00	1000.00	1000.00	1000.00
6	Other Equity	-	-	-	1165.21	1406.77
7	Earnings per Share (EPS) (of Rs.10/-each) (for continuing and discontinuing operations) a.Basic(Rs.)	(2.34)	0.05	(0.13)	(2.42)	(0.02)
	b.Diluted(Rs.)	(2.34)	0.05	(0.13)	(2.42)	(0.02)

Note:
The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange at www.bseindia.com and on the Company's website at www.mihika.co.in

For Mihika Industries Limited
Kuldeep Kumar Sethia
Managing Director
(DIN: 00325632)

Place : Kolkata
Date: May 26, 2023

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDERS

ABRIDGED NIT

The **DG (E), KMC** will invite tender online, two bid system for the following works:

1. NIT No.: **KMC/DG(E)/LTG/HQ/65/1/23-24**
Name of work: **Improvement of Ductable AC system at the 5th floor of IT centre, KMC.** Estimated Amount: **Open Quotation**. Earnest Money: ₹ **9,200.00**. Period of Completion: **45 days.**

2. NIT No.: **KMC/DG(E)/LTG/HQ/13/23-24**
Name of work: **Annual maintenance contract for air conditioning unit at 3rd floor of Hogg Market (Phase-II West Block) PD Building under KMC.** Estimated Amount: **Open Quotation**. Earnest Money: ₹ **8,200.00**. Period of Completion: **365 days.** Last Date and Time of submission of Bid: **08.06.2023 (2 p.m.)** (for Sl.No. 1) & **07.06.2023 (2 p.m.)** (for Sl.No. 2). The bid forms and other details are available on and from **01.06.2023 (2 p.m.)** (for Sl.No. 1) & **31.05.2023 (2 p.m.)** (for Sl.No. 2) from the website **https://wbtenders.gov.in** (for Sl.No. 1 & 2).

The **Executive Engineer (W.S.)/(TPS), KMC** invites tender online in two-bid system for the following works:

1. NIT No.: **KMC/WS/TPS/06/2023-2024**
Name of work: **Maintenance of chlorinators of chlorine plant of station 2 of Tallah Pumping Station.** Estimated Amount: ₹ **2,91,544.58**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **180 days.**

2. NIT No.: **KMC/WS/TPS/07/2023-2024**
Name of work: **Preventive maintenance of LT electrical installation of station number one of Tallah Pumping Station.** Estimated Amount: ₹ **1,92,522.00**. Earnest Money: ₹ **4,000.00**. Period of Completion: **180 days.** Last Date and Time of submission of Bid: **08.06.2023 upto 2 p.m.** (for Sl.No. 1 & 2). For details information please visit website: **https://wbtenders.gov.in** (for Sl.No. 1 & 2).

The **Executive Engineer (Elec), Lighting, Zone-II, KMC** invites E-tender by two-bid system for the following works:

1. NIT No.: **KMC/LTG/19/60/VI/Z-II/23-24**
Name of work: **Repairing and replacement of bustee lighting system at different places in Ward No.-60.** Estimated Amount: ₹ **1,48,956.82**. Earnest Money: ₹ **3,000.00**. Period of Completion: **12 days.**

2. NIT No.: **KMC/LTG/20/62/VI/Z-II/23-24**
Name of work: **Repairing and replacement of bustee lighting system at different places in Ward No.-62.** Estimated Amount: ₹ **1,49,755.73**. Earnest Money: ₹ **3,000.00**. Period of Completion: **12 days.**

3. NIT No.: **KMC/LTG/18/55/VI/Z-II/23-24**
Name of work: **Repairing and replacement of bustee lighting system at different places in Ward No.-55.** Estimated Amount: ₹ **1,49,534.54**. Earnest Money: ₹ **3,000.00**. Period of Completion: **12 days.** Last Date and Time of submission of Bid: **07.06.2023 upto 4 p.m.** (for Sl.No. 1 to 3). The bid forms and other details are available on and from **27.05.2023 (4 p.m.)** from the website **https://etender.wb.nic.in** (for Sl.No. 1 to 3).

The **Dy. CE(M)/Sewer Cleansing Wing under S&D Department, KMC** invites e-Tender online for below mentioned work:

NIT No.: **KMC/S_D/SCD(S)/2023-2024/03**
Name of work: **Miscellaneous repairing with replacement of various S.C. machineries under M.S.C.D. (South), KMC Area (from Ward No. 1 to Ward No.-144).** Estimated Amount: **Not Applicable**. Time and last date of closing/opening of tender: **07.06.2023 at 12 noon/09.06.2023 at 2 p.m.** (Technical bid). The bid forms and other details will be available on and from **28.05.2023 (9 a.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Controlling Officer/EWS, KMC** invites e-Tender for the under mentioned work:

NIT No.: **KMC/EWS/OVH/NZ/01/2023-24**
Name of work: **Servicing and overhauling of 6 nos. Drum controller at EWS.** Estimated Cost: **Quotation**. Earnest Money: ₹ **4,500.00**. Last Date and Time of submission of Bid (online): **09.06.2023 (12.30 p.m.).** The bid forms and other details are available on and from **26.05.2023 at 4.30 p.m.** from the website **https://etender.wb.nic.in**

The **Deputy Chief Engineer (Elec.)/S&D, KMC** invites e-tender online percentage rate two-bid system for the following work:

NIT No.: **KMC/PBPS/AD/M-4/2023-2024**
Name of work: **Replacement of 02 nos. dilapidated M.S. Staircases of the sump chamber & repairing of 04 nos. M.S. Gates including others allied works at Jameslong Sarani DPS under PBPS (DRG.)/S&D.** Estimated Cost: ₹ **2,98,912.00**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **21 days.** Last Date and Time of submission of Bid: **07.06.2023 upto 3 p.m.** The bid forms and other details are available on and from **29.05.2023 (5 p.m.)** from the website **https://wbtenders.gov.in**

The **Executive Engineer (C), Br-V, KMC** invites tender online percentage rate two-bid system for the following work:

NIT No.: **KMC/EE(C)/Br-V/049/04/2023-2024/BUSTEE**
Name of work: **Repairing of bustee Privy at 162/1 B.B. Ganguly Street (Napit Bagan) and adjacent bustee area in Ward No.-49, Br-V.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,99,739.31**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **60 days.** Last Date and Time of submission of Bid: **05.06.2023 – 11 a.m.** Date and time of opening of Tender: **07.06.2023 – 11 a.m.** The bid forms and other details are available on and from **26.05.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (Civil), Br-XII, KMC** invites tender online percentage rate two-bid system for the following works:

1. NIT No.: **KMC/EE(C)/XII/PUMP/101-102/23-24**
Name of work: **Supplying installation & operation of 3"/4" dia portable pumps at different water logging pockets of Ward No.-101, 102.**

2. NIT No.: **KMC/EE(C)/XII/PUMP/105/23-24**
Name of work: **Supplying installation & operation of 3"/4" dia portable pumps at different water logging pockets of Ward No.-105.**

3. NIT No.: **KMC/EE(C)/XII/PUMP/106/23-24**
Name of work: **Supplying installation & operation of 3"/4" dia portable pumps at different water logging pockets of Ward No.-106.**

4. NIT No.: **KMC/EE(C)/XII/PUMP/107/23-24**
Name of work: **Supplying installation & operation of 3"/4" dia portable pumps at different water logging pockets of Ward No.-107.**

5. NIT No.: **KMC/EE(C)/XII/PUMP/108/23-24**
Name of work: **Supplying installation & operation of 3"/4" dia portable pumps at different water logging pockets of Ward No.-108.**

6. NIT No.: **KMC/EE(C)/XII/PUMP/109/23-24**
Name of work: **Supplying installation & operation of 3"/4" dia portable pumps at different water logging pockets of Ward No.-109.** Estimated Cost: **NA** (for Sl.No. 1 to 6). Earnest Money: ₹ **3,000.00** (for Sl.No. 1 to 6). Period of Completion: **180 days** (for Sl.No. 1 to 6). Last Date and Time of submission of Bid: **05.06.2023 – 11 a.m.** (for Sl.No. 1 to 6). Date and time of opening of Bid: **07.06.2023 – 11 a.m.** (for Sl.No. 1 to 6). The bid forms and other details are available on and from **26.05.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in** (for Sl.No. 1 to 6).

The **Executive Engineer (C), Br-XV, KMC** invites tender online percentage rate two-bid system for the following work:

NIT No.: **KMC/EE(C)/Br-XV/137/008/2023-2024/R/P&S**
Name of work: **Miscellenious repairing works including cutting of branches, desilting and other works at Tajia Talab etc. in view of Muharam Festival in Ward No.-137 under Br-XV.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **3,57,562.95**. Earnest Money: ₹ **7,200.00**. Period of Completion: **60 days.** Last Date and Time of submission of Bid: **09.06.2023 – 11 a.m.** Tender will be opened on: **12.06.2023 – 11 a.m.** The bid forms and other details are available on and from **31.05.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (C), Br-III, KMC** invites tender online percentage rate two-bid system for the following work:

NIT No.: **KMC/EE-III/014/B2/23-24**
Name of work: **Maintenance of bustee sewer line at 41A/32 B.B. Ghosh Sarani, 40/H/13, 16/1/H/24 M.P. Road and its surrounding areas in Ward No.-14.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **1,29,910.27**. Earnest Money: ₹ **2,600.00**. Period of Completion: **55 days.** Last Date and Time of submission of Bid: **05.06.2023 – 12 noon.** Date and Time of opening of Bid: **07.06.2023 - 12 noon.** The bid forms and other details are available on and from **27.05.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

The **Executive Engineer (C), Br-VIII, KMC** invites E-tender online percentage rate two-bid system for the following work:

NIT No.: **KMC/EE(C)/Br-VIII/088/006/2023-2024/R**
Name of work: **Renovation of the store room at the junction of Chandra Mondal Lane and Tollygunge Road in Ward No.-88.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **1,81,364.40**. Earnest Money: ₹ **3,650.00**. Period of Completion: **45 days.** Last Date and Time of submission of Bid: **08.06.2023 – 12 noon.** Date of opening of Tender: **10.06.2023 - 12 noon.** The bid forms and other details are available on and from **30.05.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in**

189/23-24

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ১৭৬ সংখ্যা, শনিবার, ১২ জ্যৈষ্ঠ ১৪৩০

তালিবানদের সঙ্গে বিদেশ মন্ত্রক

সম্পাদকীয় ১

পাকিস্তান কোনও কালে ভারতের বন্ধু রাষ্ট্রে পরিণত হবে না সেটা পরিস্কার হয়ে গিয়েছে ভারতের বিদেশ মন্ত্রকের কাছে। পাকিস্তান ভারতের অর্থনীতির ওপরে ব'কলমে যে চাপ সৃষ্টি করার চেষ্টা করছে। মুম্বাইয়ের ডন দাউদ ইব্রাহিমের হাত ধরে অন্ধকার জগতে একটি বড় টাকা পাকিস্তানের পকেটে যেত সেটা পরিস্কার হয়ে গিয়েছে। শিব সেনা নেতা বাল ঠাকরে। ক্ষমতায় এসেই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে মুম্বই থেকে দাউদ রাজ খতম করতে হবে। দাউদ ইব্রাহিম সারা ভারত জুড়ে সাট্টা খেলার রাজ করতে শুরু করে দিয়েছিল। এক সময়ে বোম্বাই সাট্টা ভারতকে গ্রাস করে ফেলেছিল। সাট্টায় টাকা লাগিয়ে বহু গরিব পরিবার নিঃশ্ব হয়েছে। শিব সেনার নেতা বাল ঠাকরে সিদ্ধান্ত গ্রহণ করেন মুম্বই থেকে সাট্টা খেলা একেবারে বন্ধ করে দেবেন। সেটাই হল পরবর্তী কালে। বহু সময় লেগেছিল সাট্টা খেলাটা বন্ধ করতে। সাট্টা খেলাটা আসলে একটি জুয়া খেলা। এর কোনও সরকারি অনুমোদন ছিল না। সরকার সাট্টার খেলাকে স্বীকৃতি দেয়নি। এদিকে দাউদের গোষ্ঠীরা সাট্টা খেলাটাকে ভারত ব্যাপী ছড়িয়ে দিতে সক্ষম হয়েছিল। প্রতিদিন কোটি কোটি টাকা লেনদেন সাট্টার মধ্যে দিয়ে হতো। সেই টাকার একটি বেশ অংশ পাকিস্তানে চোরাপথে যেত বলে জানতে পারা গিয়েছে। কিন্তু মহারাষ্ট্রে শিব সেনা দল প্রতিষ্ঠা হতেই পাকিস্তানের সঙ্গে কোনও রকম সম্পর্ক রাখা চলবে না তা নিয়ে ব্যাপক আন্দোলন করতে শুরু করে। মুম্বইতে ভারত পাকিস্তান ক্রিকেট খেলা পর্যন্ত বন্ধ করে দিয়েছে শিব সেনার দলের সমর্থকেরা। তারা ওয়াংখাড়ে স্টেডিয়ামে ঢুকে ক্রিকেট খেলার ক্রিজ পর্যন্ত নষ্ট করে দিয়েছে যাতে করে সেখানে ভারত পাকিস্তানের কোনও খেলা সম্ভব না হতে পারে। পরে দেখতে পাওয়া গিয়েছে যে ভারত পাকিস্তানের ক্রিকেট খেলাটা অন্য দেশে সরিয়ে নিয়ে যায়। দুবাইতে ভারত পাকিস্তানের ক্রিকেটের বহু খেলা হয়েছে। কিন্তু মুম্বইয়ের মাটিতে করা তা করা সম্ভব হবে না সেটা স্পষ্ট করে দিয়েছে শিব সেনারা। তারা একেবারে কট্টর পাকিস্তান বিরোধী রাজনৈতিক দল। এই দলের সিদ্ধান্তই ছিল মুম্বই থেকে দাউদ ইব্রাহিমকে তাড়াতে হবে। কারণ মুম্বইয়ের চলচ্চিত্র জগতের একটি বিশাল অঙ্কের টাকার লেনদেনের সঙ্গে যুক্ত রয়েছে দাউদের গোষ্ঠীর সদস্যরা। তারা যা বলবে তাই মুম্বই চলচ্চিত্র জগত শুনে চলবে। দাউদ হচ্ছে মুম্বই চলচ্চিত্র জগতে আর্থিক লেনদেনের কর্তা। তার নির্দেশ ছাড়া আর কেউ মুম্বইয়ের চলচ্চিত্র জগতে টাকা ঢালতে পারতো না। প্রতিটি ছবি করার পেছনে দাউদের হাত ছিল। এবং সেই সব চলচ্চিত্র পাকিস্তান গিয়ে দেখানোর সময়ে যে আয় হতো তাও দাউদের তহবিলে জমা পড়তো। দাউদ যে রকম ছবি করতে বলবে সেই রকম ছবি হবে। তার নির্দেশের বাইরে আর কেউই ছবি করতে পারতো না। মুম্বই চলচ্চিত্র জগতটাকে কিনে নিয়েছিল দাউদ ইব্রাহিম। মুম্বই শেয়ার জগতে টাকা ঢালতেন দাউদ। বলা যেতে পারে গোটা মুম্বই জগতটাকে পরিচালনা করতো দাউদ। সে যা বলতো রাজনৈতিক দলের নেতারা সেটাই শুনে চলতো। সরকারকে প্রভাবিত করতো দাউদের দলের লোকেরা। দাউদের শক্তিশালী নেটওয়ার্ক ছিল সারা ভারত জুড়ে। সাট্টার নেটওয়ার্ক থেকে শুরু করে স্মাগলিং নেটওয়ার্ক ছিল দাউদের। কোটি কোটি টাকার লেনদেন হতো প্রতিদিন।

পাকিস্তানকে জব্দ করতে পাল্টা কৌশল

সম্পাদকীয় ২

কাশ্মীর ভারত অন্যায়ভাবে অধিকার করে রেখে দিয়েছে এই কথাকে প্রতিষ্ঠা করতে পাকিস্তান একেবারে জান কবুল করে দিয়েছিল। কিন্তু ভারতের শক্তিশালী কূটনীতির ফলে পাকিস্তান বহুবার রাষ্ট্রপুঞ্জে কাশ্মীরের কথা তুলে পরাস্ত হয়েছে। কাশ্মীরের স্বাধীন ভারতের পতাকা তুলতে গিয়েছিলেন শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়। তিনি সেখানে ভারতের পতাকা তোলার পর মারাও গিয়েছিলেন। কাশ্মীরে শ্যামা প্রসাদ মুখোপাধ্যায়ের মৃত্যু কীভাবে হয়েছিল তা নিয়ে কোনও তদন্ত করা হয়নি। নেহরু সরকারকে চাপ দেওয়া হয়েছিল ডক্টর শ্যামা প্রসাদ মুখোপাধ্যায়ের মৃত্যু নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হোক। সেই সময়ে অধিকাংশ লোকেরা বিশ্বাস করতে শুরু করে দিয়েছিলেন যে কাশ্মীরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মৃত্যুটা স্বাভাবিক ছিল না। তাঁর মৃত্যুটা রহস্যময় ছিল। কিন্তু তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী পণ্ডিত জওহর লাল নেহরু শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মৃত্যুকে নিয়ে কোনও তদন্ত করার আগ্রহ প্রকাশ করেননি। আজও তাঁর মৃত্যু নিয়ে কোনও তদন্ত করা হচ্ছে না। ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর মৃত্যুকে অনেকে অস্বাভাবিক বলে মনে করেছিলেন। তাসখন্দে ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর মৃত্যু হয়। তখন ভারত পাকিস্তান যুদ্ধ পরিস্থিতি ছিল। তাসখন্দ চুক্তি হওয়ার ফলে ভারতকে পাকিস্তানের অধিকৃত অংশ ছেড়ে চলে আসতে হয়। সেই সময়ে ভারতের সেনা প্রধান ছিলেন জয়ন্ত রায়চৌধুরী। সেই সময়ে প্রতিরক্ষা মন্ত্রকের উদ্যোগে ভারত প্যাটন ট্যাঙ্ক তৈরি করে ফেলে। যদিও রাশিয়ার প্রযুক্তিবিদেরা ভারতকে প্যাটন ট্যাঙ্ক তৈরি করতে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিল। আমেরিকা তখন পাকিস্তানকে তাদের বন্ধু রাষ্ট্র বলে মনে করে। কিন্তু পরবর্তীকালে পাকিস্তানকে পরিত্যাগ করে এখন ভারতকে আমেরিকা বন্ধু রাষ্ট্র বলে মনে করতে শুরু করে দিয়েছে। আমেরিকা বুঝতে পেরে গিয়েছে পাকিস্তানের সঙ্গে বন্ধুত্ব রেখে কোনও লাভ হবে না। তার ফলে ধীরে ধীরে ভারতের দিকে ঝুঁকতে শুরু করে দিয়েছে আমেরিকা। বর্তমানে আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনে ভারতের অন্যতম সেরা বন্ধু বলা যেতে পারে। এদিকে ভারতকে রুখতে পাকিস্তান চিনের সঙ্গে হাত মিলিয়ে চলছে।

ঠাকুর রামকৃষ্ণ কথামৃত

ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, নরেন আমার নিজের সন্তান। স্বামী বিবেকানন্দ বলতেন, সত্যকে জানার চেষ্টা করতে হবে। সত্যকে প্রতিষ্ঠা করার চেষ্টা করবি। তাহলে সুস্থ সমাজ জীবন প্রতিষ্ঠিত হতে পারবে। জীবনের সত্যকে গ্রহণ করার মধ্যে অকৃত্রিম আনন্দ থাকে। যে সারা জীবন ধরে সত্যকে অবলম্বন করে চলে তার কোনওদিন কোথাও বিপদ হয় না। তিনি সব সময়ে বিজয়ের মুকুট পরে থাকেন। জীবন সত্যকে প্রকাশ করতে হবে। মা সারদা দেবী বলতেন, নরেন আমরা প্রাণ। নরেনের গান না শুনলে রাতে আমি ভালো করে ঘুমাতে পারি। ঠাকুরও ভালোভাবে বিশ্রাম গ্রহণ করতে পারে। সন্ধ্যা হলেও গানের আসর বসতো দক্ষিণেশ্বরের নাটমন্দিরে। ঠাকুর রামকৃষ্ণদেব তো নরেনের গানে বিহ্বল হয়ে যেতেন।

'এক ভারত, এক দেশ, এক জাতি' তত্ত্বটি করেন শ্রীকৃষ্ণ

বিশেষ প্রতিনিধি

'এক ভারত এক দেশ এক জাতি' তত্ত্বটি মহাভারতে করে গিয়েছিলেন শ্রীকৃষ্ণ। এই 'এক ভারত এক দেশ এক জাতি' নির্মাণ করতে তিনি কুরুক্ষেত্র যুদ্ধের সৃষ্টি করেছিলেন। এ সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর 'কৃষ্ণ চরিত' প্রবন্ধে। তিনি সেখানে বলেছেন, কৃষ্ণ একমাত্র মহান চরিত্র যিনি ভারতকে একটি সূত্রে গাঁথতে চেষ্টা করে গিয়েছেন। তখন ভারতে বহু ছোট ছোট রাজ্য ছিল। সেই সব ছোট ছোট রাজ্যের রাজাদের মধ্যে প্রায় সময়ে যুদ্ধ বিগ্রহ লেগে থাকতো। তার ফলে ভারত ক্রমশ দুর্বল হয়ে পড়তে শুরু করে। শ্রীকৃষ্ণ পাঞ্চবদের পক্ষ নিয়ে কৌরবদের বিরুদ্ধে কুরুক্ষেত্র যুদ্ধে অংশ গ্রহণ করলেন। এবং ছেলেবলে কৌশলে ছোট ছোট রাজাদের তিনি অর্জুনকে দিয়ে হত্যা করালেন। তার ফলে ভারতের সব ছোট রাজ্যের বীর রাজারা কুরুক্ষেত্র যুদ্ধে মারা গেলেন এবং পরবর্তীকালে এক রাজার শাসনে ভারতবর্ষ অর্পিত হল। ঐক্যবদ্ধ ভারত গড়তে শ্রীকৃষ্ণ আগেই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। সেই কারণে তিনি পাণ্ডবদের পক্ষ নিয়ে কৌরবদের বিপক্ষে উপস্থিত হন। শ্রীকৃষ্ণ কারাগারে জন্ম গ্রহণ করেছিলেন। বড় হয়ে তিনি বুঝতে পারলেন যে ভারতের সব শক্তিশালী রাজারা প্রজাদের ওপরে অত্যাচার করতে শুরু করে দিয়েছে। প্রজাদের সুখ স্বাচ্ছন্দ্যের দিকে তাদের মন নেই। বাক স্বাধীনতা নেই। কাজের স্বাধীনতা নেই। বসবাস করার স্বাধীনতা নেই। অত্যাচারী রাজার বিরুদ্ধে কোনও কথা বললে তার স্থান কারাগারে। রাজার বিপক্ষে কথা বললেই তিনি রাজদ্রোহী বলে পরিচিত হন। শ্রীকৃষ্ণ তখন থেকেই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন শক্তি সঞ্চয় করতে হবে। অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। অত্যাচারী রাজাদের একেবারে হত্যা করতে হবে। তবেই ভারত মহান হয়ে উঠতে পারবে। নাহলে এই ভারত একেবারে ধ্বংস হয়ে যেতে বেশি সময় নেবে না। শ্রীকৃষ্ণ নারী স্বাধীনতায় বিশ্বাসী ছিলেন। প্রেম ভালোবাসায় নারীদের স্বাধীনতা দিতে হবে। সেই কারণে তিনি ঘরে বন্ধ থাকা রাধার প্রতি আকর্ষিত হয়ে পড়েছিলেন। মানবিক স্বাধীনতা রাধাকে দিয়েছিলেন শ্রীকৃষ্ণ। রাধা যাকে পছন্দ করেন না তার সঙ্গে তার বিবাহ দেওয়া হয়েছিল। মনে প্রাণে রাধা তাকে নিজের স্বামী বলে গ্রহণ করতে পারেননি। সেই কারণে তিনি কৃষ্ণপ্রেমে মাতোয়ারা হয়ে গিয়েছিলেন। শ্রীকৃষ্ণের মধ্যে ভগবানের শক্তি দেখতে পেয়েছিলেন তৎকালীন পণ্ডিত সমাজ। সেই কারণে আমরা 'গীতা'তে দেখতে পেলাম শ্রীকৃষ্ণকে অবতার বলে গ্রহণ করা হচ্ছে। 'মহাভারতে' শ্রীকৃষ্ণকে অবতার বলে গ্রহণ করা হয়েছে। ভগবান শ্রীকৃষ্ণ এর সঙ্গে রাধার প্রেমকে 'ভাগবত প্রেম' বলে গ্রহণ করা হয়েছে। আমরা রাধাকৃষ্ণ শব্দটি ব্যবহার করি। লক্ষ্য করতে হবে আগে রাধা তারপরে কৃষ্ণ। সেই সময়ে নারীকে সম্মান দেওয়ার রীতি ছিল। রাধা ছিলেন নারীর প্রতিনিধি। রাধাকে সম্মান দিয়ে তাঁর নাম আগে উচ্চারিত হয়। সেই কারণে রাধাকৃষ্ণ নামটা সারা ভারতে ছড়িয়ে পড়েছে। নারীর সম্মানকে রক্ষিত করতেই রাধাকৃষ্ণ নামটি উচ্চারিত করা হয়ে থাকে। কৃষ্ণ এর আগে রাধা শব্দটি ব্যবহার করা হয়। ছোটবেলায় মনে পড়ছে তখন সেন বাড়িতে জন্মাষ্টমীর দিন একটি বড় ধরনের চৌবাচ্চা তৈরি করা হতো উঠানে। সেখানে একটি ফোয়ারা তৈরি করে পাথরের তৈরি শ্রীকৃষ্ণকে একটি চুপড়িতে করে মাথায় নিয়ে ঘন দুর্যোগের মধ্যে দিয়ে পিতা শিশু কৃষ্ণকে মাথায় নিয়ে কারাগার থেকে পালিয়ে যাচ্ছেন। অন্য কোথাও শিশু কৃষ্ণকে লুকিয়ে রাখার চেষ্টা করছেন তাঁর পিতা। শেষ পর্যন্ত মথুরাতে গিয়ে একটি গোয়ালার ঘরে শ্রীকৃষ্ণকে রেখে দিয়ে কারাগারে ফিরে আসেন। শ্রীকৃষ্ণকে রক্ষা করতেই পিতা এই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। অত্যাচারী রাজা কংস শ্রীকৃষ্ণের কোনও হদিস পাননি। শ্রীকৃষ্ণ নিরাপদ স্থানে থেকে বড় হতে লাগলেন। তারপরে তিনি শক্তি অর্জন করে একের পর এক অত্যাচারী রাজাদের হত্যা করলেন ছলে বলে কৌশলে। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় অত্যন্ত দক্ষতার সঙ্গে কৃষ্ণ চরিত্রকে অঙ্কিত করে গিয়েছেন। সেই সময়ে শ্রীকৃষ্ণের রাজনীতির পরিচয় আমরা পেয়ে থাকি। শ্রীকৃষ্ণ কূটকুশলী রাজনীতিবিদ ছিলেন। অতি সাধারণ ঘর থেকে উঠে এসে তিনি রাজ সিংহাসনে নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন। শ্রীকৃষ্ণের মতো সমান শক্তি নিয়ে জন্ম গ্রহণ করেছিলেন নবদ্বীপের চৈতন্যদেব। তিনি অসাধারণ পণ্ডিত ছিলেন। তাঁর পাণ্ডিত্যের পরিচয় সারা ভারত জুড়ে ছড়িয়ে পড়তে শুরু করে। ভারতের সব বিখ্যাত পণ্ডিতেরা সবাই তাঁর কাছে তর্ক যুদ্ধে পরাস্ত হয়েছিলেন। পরবর্তীকালে চৈতন্যদেব একেবারে বাংলার সমাজ পরিবর্তন করার কাজে হাত দিলেন। তিনি উচু নিচু ভেদাভেদ একেবারে তুলে দিলেন। মানুষ সব সমান। মানুষের মধ্যে জাত নেই। জাতি ভেদাভেদ একেবারে তুলে দিলেন। তিনি পরিস্কার করে বললেন, ঈশ্বরের নাম স্মরণ করতে পুজোর প্রয়োজন হয় না। এক মনে তাঁকে ডাকলেই তিনি সড়া দিয়ে থাকেন। সেই কারণে তিনি সবাইকে বললেন 'হরে কৃষ্ণ হরে নাম' সংকীর্তন করতে হবে। সংকীর্তনের মধ্যে দিয়ে ঈশ্বর লাভ করা সম্ভব। পুরোহিতেরা একেবারে ক্ষেপে গেল। তারা বুঝতে পারলো এবারে তাদের স্বার্থে আঘাত করতে শুরু করে দিয়েছেন চৈতন্যদেব। পুরোহিতসহ বেশ কিছু জমিদার নবাবের কাছে নালিশ করলো। তাঁরা বললেন যে চৈতন্যদেবকে গ্রেফতার করে কারাগারে ঢুকিয়ে দিতে হবে। কিন্তু বাংলার নবাব হুসেন শাহ রাজি হলেন না। তিনি পরিস্কার করে বলে দিয়েছিলেন বাংলার এত বড় পণ্ডিতকে গ্রেফতার করার ক্ষমতা তাঁর নেই। নবাব চৈতন্যদেবকে গ্রেফতার না করায় পুরোহিত সমাজ নবাবের ওপরে ক্ষুব্ধ হয়ে গিয়েছিল। চৈতন্যদেবকে শ্রীকৃষ্ণ মনে করে বৃন্দাবন দাস 'চৈতন্য ভাগবত' এবং কৃষ্ণদাস কবিরাজ 'চৈতন্য চরিতামৃত' গ্রন্থ রচনা করেছিলেন। শ্রীকৃষ্ণই চৈতন্যদেব হয়ে নবদ্বীপে জন্মগ্রহণ করেছিলেন বৈষ্ণবরা এখন বিশ্বাস করেন। চৈতন্যদেবকে ঘিরে পদাবলী সাহিত্য সৃষ্টি হতে থাকে। মুরারী গুপ্ত, নরহরি ঠাকুর, জ্ঞান দাস, রূপ, সনাতন, জীব এর মতো বিখ্যাত পদাবলীকাররা বিশ্বাস করতেন চৈতন্যদেব সাক্ষাৎ শ্রীকৃষ্ণ। বাংলার নবজাগরণ সৃষ্টি করার পিছনে চৈতন্যদেবের বিশাল ভূমিকা ছিল। বাংলায় দুটি নবজাগরণ হয়েছিল। প্রথম নবজাগরণ হয়েছিল চৈতন্যদেবের সময়ে। তারপরে দ্বিতীয় নবজাগরণ সৃষ্টি হয়েছিল ইংরেজরা আসার পরে। নবদ্বীপ এক সময়ে বাংলাকে পথ দেখাতো। সেই সময়ে চৈতন্যদেব সারা ভারতকে বাচাঁর পথ দেখিয়েছিলেন। তিনি বলেছিলেন অস্ত্র দিয়ে জয় করা নয়, প্রেম ভক্তি দিয়ে জয় করতে হবে। তবেই সেই জয় চিরস্থায়ীত্ব লাভ করবে। সেই পথ ধরে এখনও ভারতবাসীরা চলছে। হিংসা নয় অহিংসার মধ্যে দিয়ে প্রেমভক্তির মধ্যে দিয়ে বিশ্বকে জয় করতে চেষ্টা করছে ভারত সরকার। শ্রীকৃষ্ণ এবং চৈতন্যদেবের পথ ধরে এগিয়ে গিয়েছিলেন ঋষি অরবিন্দ। তিনি তাঁর বিপ্লবী জীবনে চেষ্টা করেছিলেন আধ্যাত্মিক বিপ্লব করার। কিন্তু সেটা সম্ভব হয়নি। ১৯০৬ সালে তিনি কলকাতায় এসে সশস্ত্র বিপ্লবী সংগঠন গড়ে তোলার দিকে মন দিলেন। তিনি তখন বিশ্বাস করেছিলেন অস্ত্র দিয়ে ইংরেজদের পরাস্ত করে ভারতকে স্বাধীন করবেন। কিন্তু সেই পথটা যে ভুল ছিল তিনি তা কারাগারে গিয়ে বুঝতে পারেন। কারাগারে তিনি শ্রীকৃষ্ণের সাক্ষাৎ লাভ করেন। সেখানেই তিনি ভাগবত প্রেমে দীক্ষিত হন। ১৯০৯ সালে কারাগার থেকে বের হয়ে তিনি উত্তরপাড়ায় গিয়ে অভিভাষণ দিয়েছিলেন। সেই অভিভাষণ দেওয়ার সময়ে তিনি বলেছিলেন, 'আমি বিপ্লবী পথকে পরিত্যাগ করছি। ভারতের আধ্যাত্মিক পথকে গ্রহণ করছি।' ভগবান শ্রীকৃষ্ণের সাক্ষাৎ লাভ করেছি কারাগারে থাকার সময়ে। কারাগারে শ্রীকৃষ্ণ জন্ম গ্রহণ করেছিলেন। সেই কারাগারেই তিনি শ্রীকৃষ্ণের দর্শন পেয়েছেন। এবারে অস্ত্র নয় প্রেমভক্তি দিয়ে তিনি বিশ্বকে জয় করতে চান। সেই কারণে অরবিন্দ সব কিছু ত্যাগ করে দিয়ে একেবারে পণ্ডিচেরীতে চলে গেলেন। সেখানে গিয়ে তিনি আশ্রম প্রতিষ্ঠা করেছিলেন। ভারতের আধ্যাত্মিক ধ্যান ধারনাকে বিশ্বের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে দিতে সমর্থ হয়েছিলেন। ঠাকুর রামকৃষ্ণদেবও শ্রীকৃষ্ণ ভক্ত ছিলেন। তিনি শাক্ত ধর্মের প্রতি বিশ্বাসী হলেও শ্রীকৃষ্ণ প্রেমভক্তি প্রতি তিনি শ্রদ্ধা প্রদর্শন করেছিলেন। প্রখ্যাত সঙ্গীত সম্রাজ্ঞী মীরাবাঈও কৃষ্ণপ্রেমে মুগ্ধ ছিলেন। তিনি শ্রীকৃষ্ণকে নিয়ে বহু ভজন গেয়েছিলেন। সেই সব ভজনগুলি মীরার ভজন নামে ভারতখ্যাত হয়েছে। পুরীর মঃন্দিরে জন্মাষ্টমী পালন করা হয়ে থাকে। বাংলার বহু পরিবারের গৃহদেবতা শ্রীকৃষ্ণ। তারাও নিষ্ঠার সঙ্গে জন্মাষ্টমী পালন করে থাকে। বাংলায় একটি কথা প্রচলন রয়েছে- 'তালের বড়া খেয়ে নন্দ নাচিতে লাগিল'। নন্দ হচ্ছে এখানে শ্রীকৃষ্ণ। বাংলার শ্রীকৃষ্ণ একটি বিশেষ স্থান দখল করে নিয়েছিল। চৈতন্যদেবই শ্রীকৃষ্ণ প্রেমলীলাকে বাংলার সর্বত্র ছড়িয়ে দিয়েছিলেন। আগে বাংলা কিন্তু তন্ত্র সাধনার দেশ ছিল। শক্তি সাধনার দেশ ছিল। এখানে দুর্গা পুজো, কালী পুজো থেকে শুরু করে সব শক্তি পুজোর প্রচলন ছিল। শ্রীকৃষ্ণ পুজো এখানে প্রবেশ করতে পারেনি। চৈতন্যদেবই শ্রীকৃষ্ণকে বাংলায় প্রতিষ্ঠা দিলেন। তিনি 'গীতা'কে বাংলার নিয়ে এসে উপস্থিত করলেন। 'মহাভারতে'র ব্যাখ্যা দিতে শুরু করলেন। গৌড়ীয় বৈষ্ণব চিন্তাধারার প্রকাশ করলেন। তার ফলে বাংলা একেবারে কৃষ্ণপ্রেমে মাতোরায়া হয়ে গেল। শক্তি পূজো পরাস্ত হল। যদিও বাংলায় শক্তি পুজোর প্রচলন এখনও রয়েছে। দুর্গা পুজো, কালী পুজো, কার্তিক পুজো, মনসা পুজো হচ্ছে শক্তির পুজো। চৈতনদেব এসে বাংলার ঘরে ঘরে শ্রীকৃষ্ণকে গৃহদেবতা হিসাবে পরিচিতি দিয়ে গেলেন। বাংলার লোকেরা পুরীতে গিয়ে বসবাস করতে শুরু করলো। চৈতন্যদেবই বাংলার মানুষকে পুরী প্রীতিতে পরিণত করে দিয়ে গিয়েছিলেন। চৈতন্যদেবের আগে বাংলার কোনও মানুষ পুরীতে যেত না। চৈতন্যদেবের দেখাদেখি বাংলার মানুষেরা পুরীতে যাতায়াত করতে শুরু করলো। জগন্নাথকে বাঙালির গৃহ দেবতা হিসাবে প্রতিষ্ঠতা করতে শুরু করলো। প্রভু জগন্নাথের পুজো দিল বাঙলিরা। প্রভু জগন্নাথও বাংলার গৃহদেবতার পরিণত হল। এর মূলে রয়েছেন চৈতন্যদেব। শ্রীকৃষ্ণ ও জগন্নাথ এক হয়ে গেলেন চৈতন্যদেবের কাছে। বাংলা ও উড়িশা এক মন্ত্রে দীক্ষিত হতে থাকলো। বিহারের মিথিলা এবং দ্বারভাঙা বাংলার সংস্কৃতিকে গ্রহণ করলো। তারা সেখানে শ্রীকৃষ্ণ চর্চা করতে শুরু করে দিল। তন্ত্র সাধনা বাংলা থেকে প্রায় উঠে গেল। এলো প্রেম ভক্তি সাধনা। 'এক ভারত এক দেশ এক জাতি' তত্ত্বের সাধনা স্থলে পরিণত হল ভারত।



আফগান নীতির জন্য বাইডেনকে দুষলেন ট্র্যাম্প

বিশেষ প্রতিনিধি

আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আবার আমেরিকার প্রেসিডেন্ট পদের জন্য নির্বাচনে দাঁড়ানোর ইচ্ছা প্রকাশ করেছেন। সেই কারণে তিনি এখন বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনের দোষ ধরতে শুরু করেছেন। ট্রাম্প নিজেকে আমেরিকার সেরা প্রেসিডেন্ট হিসাবে স্বীকৃতি দিতে চান। তিনি এ ব্যাপারে জনসমর্থন আদায় করতে শুরু করে দিয়েছেন। কিন্তু আদালতে তাঁর নামে অভিযোগ থাকার ফলে তিনি চুপ করে রয়েছেন। আদালত শাস্তি ঘোষণা করলেও তা কার্যকর হয়নি। তবে যা পরিস্থিতি তাতে ট্রাম্পকে দোষ স্বীকার করতে হবে এবং শাস্তি ভোগ করতে হবে বলে জানতে পারা গিয়েছে। এদিকে তিনি প্রেসিডেট পদে দাঁড়ানোর ব্যাপারে প্রস্তুতি গ্রহণ করতে শুরু করেছেন। সেই কারণে তিনি বাইডেনকে আক্রমণ করে কথা বলছেন। আফগানিস্তানে তালিবানদের সঙ্গে আগেই কথা বলেছিলেন আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি চেয়েছিলেন, আমেরিকার সেনা প্রত্যাহার কালে আফগানে গণতান্ত্রিক শাসন ব্যবস্থাকে বজায় রেখে তালিবানরা তাতে অংশ গ্রহণ করুক। সেই রকমই কথাবার্তা এগোতে শুরু করে দিয়েছিল। আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কিন্তু সম্প্রতি আফগান পরিস্থিতির জন্য বর্তমান প্রেসিডেন্টকে বাইডেনকে দুলেন। আফগানে তালিবান সরকারের ছবি প্রকাশ্যে আসার পরই একের পর এক বিবৃতি দিয়ে জো বাইডেনের বিরুদ্ধে তোপ দাগতে শুরু করে দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেছেন, বাইডেনের পদত্যাগ করার সময় এসে গিয়েছে। আফগানিস্তানে উনি যা করলেন, আমেরিকার ইতিহাসে তা সবচেয়ে লজ্জাজনক পরায়জয়। অথচ ট্রাম্পের আমলেই তো আফগান থেকে আমেরিকার সেনা প্রত্যাহারের সিদ্ধান্ত হয়েছিল। বাইডেনের দিকে আঙ্গুল তুলে ট্রাম্প এখন কথা বলতে শুরু করে দিয়েছেন। শুধু ট্রাম্প নন, গোটা পরিস্থিতির জন্য বর্তমান প্রেসিডেন্টকে দুষতে শুরু করে দিয়েছে আমেরিকার অধিকাংশ নাগরিকেরা। আফগান নিয়ে একটি কথাও বাইডেন ব্যয় করছেন না। শুধু মাত্র জাতীয় নিরাপত্তা আধিকারিকদের সঙ্গে আফগান পরিস্থিতি নিয়ে একটি মাত্র ভার্চুয়াল বৈঠক করেছেন। রিপাবলিকান হাউসের সদস্য মাইকেল ম্যাককেল বলেছেন, প্রেসিডেন্ট হিসাবে বাইডেনের হাতে কিন্তু দাগ গেলে গেল। রক্তের দাগ। প্রেসিডেন্টের নিরবতা নিয়ে প্রশ্ন তুলতে শুরু করে দিয়েছে আমেরিকার সংবাদমাধ্যমও। তালিবান সরকার দ্রুত আফগানে প্রতিষ্ঠা লাভ করতে পেরেছে। সেটা বাইডেন প্রশাসন ভাবতে পারেনি। আমেরিকা সহ প্রায় ৬৫টি দেশ তালিবান নেতৃত্বদের কাছে আবেদন করেছে যেসব বিদেশিরা যাতে আফগানে নিরাপদ অবস্থায় থাকে। বেজিংয়ের বিদেশ মন্ত্রক থেকে বলা হয়েছে, আমরা আশা করছি শান্তি এবং অহিংসার মধ্যে দিয়ে আফগানিস্তানে তালিবান সরকার চলবে। আফগানিস্তানের পড়শি দেশ চিন আরও জানিয়েছে, অহিংসার পথ ধরে হাঁটলে তালিবানদের আর্থিক সহায়তা দিয়ে সাহায্য করা হবে। গোটা পরিস্থিতির জন্য বাইডেন প্রশাসনকে দায়ী করেছে বেজিং। কমিউনিস্ট পার্টির মুখপাত্র লিখেছে যে আমেরিকাকে বিশ্বাস করলে কি হয় তা গোটা বিশ্ব জানে। তাও তারা এই দেশের ওপরে বিশ্বাস রেখে ঠকে। আমেরিকার বিরুদ্ধে মুখ খুলেছেন পড়শি দেশ পাকস্তানের রাষ্ট্র প্রধানরা। আমেরিকার নাম না করে তাঁরা বলেছেন, অন্য দেশের সংস্কৃতিতে আপন করতে গেলে মানসিক ভাবে পরাধীন হয়ে যেতে হয়। আফগানিস্তানের মানুষ সেই পরাধীনতার শৃঙ্খল ভেঙেছে। ইরানের সদ্য নিযুক্ত অতিরক্ষণশীল প্রেসিডেন্ট ইব্রাহিম রইসিও এক বিবৃতিতে বলেছেন, এটা আমেরিকার পরাজয়। আসলে আমেরিকা আর কোনও দেশের নিরাপত্তার দায়িত্ব গ্রহণ করবে না। বিশ্বের আর্থিক এবং রাজনৈতিক পরিস্থিতি ক্রমশ ভয়াবহ হতে শুরু করে দিয়েছে। রাশিয়া ইউক্রেন যুদ্ধ আরও বিশ্বকে বিপদের মুখে ফেলে দিচ্ছে। সেই কারণে এখন থেকে আমেরিকা শুধু মাত্র তাদের দেশের নিরাপত্তার দিকটা বিবেচনা করবে এবং প্রাধান্য দেবে। তার বাইরে আর কোনও দেশের জন্য আমেরিকা সেনা পাঠাবে না। অস্ত্র দেবে। খাদ্য দেবে। কিন্তু সেনা দেবে না। তার ফলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে আফগান থেকে আর্মেরিকা সেনা সরিয়ে নেওয়া হবে। আপগানে তালিবান সরকার একন কি করছে তার দেখার দায়িত্ব আমেরিকার নয়। আফগানে জনগণেই এর দায়িত্ব গ্রহণ করতে হবে। বহু বছর ধরে আমেরিকা অফগানে থেকেছে। সেখানে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করতে সাহায্য করেছে। একন আর আমেরিকার আফগান ব্যাপারে কোনও রকম মাথা গলাতে চায় না। আফগানের জনগণ তালিবান সরকার থাকবে কি থাকবে না তার সিদ্ধান্ত তারা নিজেরাই গ্রহণ করুক। সেখানে আমেরিকার আর বেশি মাথা গলাবে না। নোবেল পুরস্কার জয়ী মালালা ইউসুফজাই বলেছেন, তালিবান যেভাবে আফগানিস্তানকে নিজেদের কব্জায় নিয়ে এসেছে, তা দেখে আমি রীতিমতো স্তব্ধ। দেশের মহিলা, সংখ্যালঘু ও মানবাধিকারের পক্ষে কথা বলা মানুষজনের জন্য চিন্তা হচ্ছে।

হেরিটেজ ভীম চন্দ্র নাগ

কলকাতায় যতগুলি মিষ্টির দোকান রয়েছে তার একটি নাম করা মিষ্টির দোকান হল ভীমচন্দ্র নাগ। এদের মিষ্টির একটি বিশেষ খ্যাতি রয়েছে। ভীম নাগের জলভরা তালশাঁস এর মিষ্টি জামাই ষষ্ঠির স্পেশাল মিষ্টি বলে জানতে পারা গিয়েছে। এখানে সব মিষ্টিই স্বাদ একেবারে আলাদা রকমের। দাম একটু বেশি হতে পারে। কিন্তু মিষ্টি মুখে দিলে একেবারে মুখ মুখর হয়ে ওঠে। পনেরো টাকার নিচে কোনও মিষ্টি এখানে নেই বলতে গেলে চলে। দশ টাকা দিয়ে শুরু। তারপরে সেই দাম গিয়ে পৌঁছে পঞ্চাশ টাকা বা ষাট টাকায়। একটা মিষ্টির দাম যদি ষাট টাকা হয় তাহলে কতজন বাঙালি তা খেতে পারবে বলে মনে হয়। আসলে এই দাম রাখতে হয়েছে ভালো মিষ্টি দেওয়ার জন্য। একেবারে ষোল আনা খাঁটি। সব কিছু এক নম্বর দিয়ে তৈরি করা। ভীম চন্দ্র নাগ বড় মা শীতলা দেবীর পুজোর সময়ে এক টাকা করে দেবী পুজোর জন্য মিষ্টি তৈরি করে। এটা শুধু শীতলা পুজোর জন্য করা হয়। জেলে পাড়ার শীতলা মা খুব জাগ্রত বলে শোনা যায়। দেবী মা শীতলা স্বপ্ন দিয়েছিলেন ভীম নাগের মালিককে। স্বপ্নে বলেছিলেন, তুই আমার জন্য ষোল আনার মিষ্টি তৈরি করি আমার পুজোর দিন। সবাই যাতে তোর মিষ্টি দিয়ে পুজো দিতে পারে আমাাকে তার ব্যবস্থা করবি। সেই দেবীর স্বপ্নাদেশকে আজও পালন করে চলেছে ভীম নাগের মিষ্টির দোকান। প্রায় এক লক্ষের মতো প্যাকেট তৈরি করা হয় ষোল আনার একটি করে মিষ্টি দিয়ে। দাম নেওয়া হয় এক টাকা। ষোল আনার একটি টাকা হয়। সেই প্রথা এখনও চলছে। ভীম নাগের মিষ্টি না হলে শীতলা পুজো স্বার্থক হয় না বলে ভক্তরা বলে থাকেন। ভীম চন্দ্র নাগের দোকানে একটি ঘড়ি রয়েছে তা বলতে গেলে ইতিহাস প্রসিদ্ধ। প্রাচীন ঘড়ি। এই ঘড়ি দেখতে বহু পর্যটকেরা দোকানে এসে উপস্থিত হয়। বাংলায় সংখ্যা লেখা ঘড়ি।

বিদ্যুৎ না থাকায় সমস্যায় গ্রামবাসী

দুরন্ত বার্তা, মালদা, ২৬ মে ঃ ঝড়ে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়েছে গোটা গ্রাম। ৬ দিন ধরে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে থাকা প্রশাসনের তরফ থেকে কোন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। গ্রামে বিদ্যুৎ না থাকায় চরম পানীয় জল সংকট ও বিভিন্ন সমস্যায় পড়েছেন গ্রামের বাসিন্দারা। ৬ দিন ধরে বিদ্যুৎ সংযোগ মেরামতির কাজ না হওয়ায় খুব প্রকাশ পুরাতন মালদাহের সাহাপুর পঞ্চায়েতের শান্তিপুর গ্রামের বাসিন্দাদের। গ্রামে বিদ্যুৎ না থাকায় মূলত পানীয় জলের সমস্যায় পড়েছেন গ্রামের বাসিন্দারা। দূর দূরান্ত থেকে পানীয় জল সংগ্রহ করে নিয়ে আসতে হচ্ছে। প্রচন্ড গরমে বিদ্যুৎ না থাকায় সমস্যায় পড়তে হচ্ছে গ্রামের বাসিন্দাদের। প্রশাসনের কাছে বহুবার বিদ্যুৎ সংযোগ মেরামতির কাজের দাবি জানালেও এখনও পর্যন্ত কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি বলে দাবি স্থানীয়দের। এলাকাবাসীরা জানাচ্ছেন এত কষ্টের মধ্যে পড়ে রয়েছি। ঘর বাড়ি নেই, বিদ্যুৎ নেই, জল নেই, কিন্তু এখনও অব্দি পঞ্চায়েত প্রশাসন, ব্লক প্রশাসন থেকে কেউ আমাদের খোঁজ নিতে আসেনি। ভোটের সময় অনেকেই এলাকায় এসে আমাদের কাছ থেকে ভোট চায়। এলাকায় প্রায় ৫০০ পরিবারের বসবাস। আমাদের জল চাই, বিদ্যুৎ চাই,। বাচ্চাদের নিয়ে অন্ধকারে গরমের মধ্যে খুব কষ্ট হচ্ছে। পানীয় জল এক কিলোমিটার দূর থেকে আনতে হচ্ছে। এলাকায় তার ছিঁড়ে পড়ে রয়েছে। বিদ্যুৎ এলেও যে কোন সময় বড় দুর্ঘটনা ঘটে যেতে পারে। জলের এত সংকট সেই ক্ষেত্রে পকুরের জলও ব্যবহার করতে হচ্ছে। এ বিষয়ে উত্তর মালদা বিজেপির সহ সভাপতি তাপস গুপ্ত জানিয়েছেন, শান্তিপুর এলাকার মানুষরা খুব কষ্টের মধ্যে রয়েছে। সরকারের থেকে বা প্রশাসনের থেকে কোন হেলদোল নেই। আমরা প্রথম দিন বিএসএফের মাধ্যমে জলের ট্যাংকের ব্যবস্থা করে দিয়েছিলাম। আমরা ধিক্কার জানাচ্ছি এই সরকারকে। আজকে টাকা মারার ক্ষেত্রে তৃণমূলের আমলারা এগিয়ে আসছে কিন্তু মানুষের পরিষেবা দিতে পারছে না। যদিও বিজেপির তোলা অভিযোগ মানতে নারাজ সাহাপুর গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের প্রধান অনীক ঘোষ। তিনি বলেন, শান্তিপুর এলাকার মানুষদের পাশে আমরা রয়েছি, আমরা এলাকায় জলের ব্যবস্থা জেনেটার মাধ্যমে করেছি। বাড়ি এলাকায় ক্ষতিগ্রস্ত হয়েছে। আমরা ত্রিপলের ব্যবস্থা করছি। বর্তমানে সেখানে লাইন নেই তার জন্য সমস্যা দেখা দিচ্ছে। তবে আমরা এই বিষয়ে যথেষ্ট তাদের পাশে রয়েছি। খুব তাড়াতাড়ি সমস্যার সমাধান হয়ে যাবে।

ফের বোমা উদ্ধার হল বীরভূমে

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২৬ মে ঃ ফের বোমা উদ্ধার বীরভূমে। বীরভূমের নলহাটি ও তারাপীঠ থানা এলাকায়। একই সঙ্গে উদ্ধার হয়েছে প্রচুর পরিমাণে বিস্ফোরক। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। শুক্রবার সকালে নলহাটি থানার লস্করপুর গ্রামের কাছে রাস্তার ধারে ঝোপ থেকে একটি ব্যাগভর্তি তাজা বোমা উদ্ধার করে পুলিশ। সকালে এলাকার পথচারীরা ঝোপের আড়ালে একটি হলুদ রঙের প্লাস্টিকের ব্যাগ দেখতে পান বলে পুলিশের দাবি। কাছে গিয়ে দেখেন সেগুলিতে বোমা মজুদ রয়েছে। এরপর পুলিশে খবর দিলে নলহাটি থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে এলাকাটিকে ঘিরে রাখে। পুলিশের পক্ষ থেকে খবর দেওয়া হয়েছে বোম্ব স্কোয়াডে। সেখান থেকে পুলিশ ১০টি বোমা উদ্ধার করে। অন্যদিকে, তারাপীঠ থানার সাহাপুর পঞ্চায়েতের নুরুদ্দিপুর গ্রামের মাঠের পুকুর পাড়ের ঝোপ থেকে এক বালতি তাজা বোমা উদ্ধার করে পুলিশ। ঘটনাস্থলটিকে ঘিরে রেখেছে পুলিশ। খবর দেওয়া হয়েছে বোম্ব স্কোয়াডে। পুলিশের অনুমান ৮ থেকে ১০ টি বোমা রয়েছে সেখানে। কারা সেখানে বোমা রেখে গেল তার তদন্ত শুরু করেছে পুলিশ। শুধু তাজা বোমা নয়, নলহাটি থানার পুলিশ প্রচুর পরিমানে বিস্ফোরকও উদ্ধার করেছে নলহাটি থানার পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে নলহাটি থানার মধুপুর গ্রামে একটি পরিত্যক্ত বাড়ি থেকে বিস্ফোরক গুলি উদ্ধার করে পুলিশ। বিস্ফোরক গুলির মধ্যে রয়েছে দুই বস্তা জিলেটিন স্টিক এবং ৩২০০ পিস ডিটোনেটর। বিস্ফোরক উদ্ধারের জায়গাটিকে ঘিরে রেখেছে নলহাটি থানার পুলিশ। তবে কে বা কারা কি উদ্দেশ্য নিয়ে বিস্ফোরক গুলি মজুদ করে রেখেছিল সেই বিষয়টি তদন্ত করছে নলহাটি থানার পুলিশ।

PARSOLA GRAM PANCHAYAT
VILL-RENGURBANDH,P.O- PUKHURIA,P.S- SIMLAPAL,
DIST. - BANKURA.PIN- 722160(W.B)
Re e-NIT – 05/Par/2023-24, Dated: 23/05/2023
e-Tenders are hereby invited by this office from the bonafied, reliable, resourceful and experienced Contractor, Agency, Registered Un-employed Engineer Co-operative Societies and Labour Co-operatives for 2(Two)Nos. different works. Last date of downloading bid documents(Online) **31.05.2023 up to 06.00 PM.** Date of opening of Technical Bid at office of the Parsola Gram Panchayat on **02.06.2023 at 6.00 PM.** For details please visit website:- **www.wbtenders.gov.in**
Sd/- Pradhan
Parsola Gram Panchayat

হিন্দকোন কেমিক্যালস লিমিটেড

CIN NO : L24117WB1998PLC087800
রেজি অফিস ঃ ৬২বি, ব্রাউনফিল্ড রো, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০২৭
E-mail : contactus@hindcon.com, Website : www.hindcon.com

সংক্ষিপ্ত নিরীক্ষিত একত্রীকরণ আর্থিক ফলাফল বিবরণী
ত্রৈমাসিক এবং বর্ষ সমাপ্তে ৩১ মার্চ, ২০২৩

(লক্ষ টাকায়)

	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্তে			বর্ষ সমাপ্তে	
		তিন মাস সমাপ্তে ৩১.০৩.২০২৩ নিরীক্ষিত	পূর্বেকার তিন মাস সমাপ্তে ৩১.১২.২০২২ অনিরীক্ষিত	চলতি তিন মাস সমাপ্তে ৩১.০৩.২০২২ নিরীক্ষিত	৩১.০৩.২০২৩ তারিখে নিরীক্ষিত	৩১.০৩.২০২২ তারিখে নিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে (নিট)	১,৯৫২.০০	২,৬৯০.৮৮	২,১৭১.০৬	৮,৬৭৭.৯৪	৬৭৯৮.৭৫
২	মোট লাভ মেয়াদে (করের পূর্বে এবং ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত-সাধারণ আইটেমে#)	১৮৪.৬৮	১৯৫.২৯	৬০৯.১১	১৫৬.৮৩	৬০২.২৮
৩	মোট লাভ মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী এবং/ অথবা অতিরিক্ত-সাধারণ আইটেম পর#)	১৮৪.৬৮	১৯৫.২৯	৬০৯.১১	১৫৬.৮৩	৬০২.২৮
৪	মোট লাভ মেয়াদে করের পর (ব্যতিক্রমী এবং/ অথবা অতিরিক্ত-সাধারণ আইটেম পর#)	১৩৬.৪১	১৪১.২৩	১২১.৩২	৪৩৫.৫৯	৪২৬.৩১
৫	মোট ব্যাপক লাভ / ক্ষতি মেয়াদে (সংযুক্ত লাভ / ক্ষতি মেয়াদে করের পর এবং অন্যান্য ব্যাপক লাভ / ক্ষতি করের পর)	৮৪.০০	১৩৮.৩১	১৭৭.১৪	৩৭৭.৭৫	৬০৯.৩১
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৭৬৭.২০	৭৬৭.২০	৭৬৭.২০	৭৬৭.২০	৭৬৭.২০
৭	সংরক্ষিত (রেভলিউশান রিজার্ভ ছাড়া)	-	-	-	৩৪৬৭.৬১	৩,১৪৬.৬১
৮	শেয়ার প্রতি আয় (১০ টাকা প্রতি) (চলতি এবং অচলতি আয় থেকে)- মূল	১.৭৮	১.৮৪	১.৫৮	৫.৬৮	৫.৫৬
	মিশ্র	১.৭৮	১.৮৪	১.৫৮	৫.৬৮	৫.৫৬

#কোম্পানির কোন ব্যতিক্রমী এবং অতিরিক্ত-সাধারণ আয় নেই।

স্বতন্ত্র আর্থিক ফলাফলের মুখ্য বিষয়সমূহ (লক্ষ টাকায়)

	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্তে			বর্ষ সমাপ্তে	
		তিন মাস সমাপ্তে ৩১.০৩.২০২৩ নিরীক্ষিত	পূর্বেকার তিন মাস সমাপ্তে ৩১.১২.২০২২ অ-নিরীক্ষিত	চলতি তিন মাস সমাপ্তে ৩১.০৩.২০২২ নিরীক্ষিত	৩১.০৩.২০২৩ তারিখে নিরীক্ষিত	৩১.০৩.২০২২ তারিখে নিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে	১,৯৪৮.৩৫	২,২৯৪.৪১	২,১৬৭.৪৬	৮,২৭২.৩৫	৬,৫২৫.৮২
২	লাভ/ ক্ষতি করের পূর্বে চলতি আয় থেকে	১৮২.৯০	১৮৭.৫৬	১৫৪.৬৬	৫৮৮.৯৮	৬২৫.৭৩
৩	লাভ/ ক্ষতি করের পর চলতি আয় থেকে	১৩৪.৯৬	১৩৫.৬৮	১১৬.৪৫	৪৩০.৯৬	৪৭৩.০১

দ্রষ্টব্য ঃ
১. উপরোক্ত সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফলাফলের নিরীক্ষিত ত্রৈমাসিক এবং বর্ষ সমাপ্তে আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশান্স অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ অনুসারে। বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক আর্থিক আর্থিক ফলাফল পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে (https://www.hindcon.com) এবং ন্যাশনাল স্টেক এক্সচেঞ্জ ওয়েবসাইটে-(www.nseindia.com)।
২. কোম্পানি প্রস্তুত করেছে একত্রীকরণ আর্থিক বিবরণী বার্ষিক ভিত্তিতে এবং একত্রীকরণ আর্থিক রাশি সঙ্গে সহযোগী কোম্পানির যা হল হিন্দকোন সলিউশান প্রা.লি.।
৩. বিধিসম্মত অডিটরগন প্রস্তুত করেছেন অ-পরিবর্তিত অডিট ফলাফল ত্রৈমাসিক এবং বার্ষিক নিরীক্ষিত আর্থিক ফলাফল (স্বতন্ত্র এবং একত্রীকরণ) কোম্পানির মেয়াদ সমাপ্তে ৩১.০৩.২০২৩।
৪. পূর্বেকার মেয়াদের রাশি পুনঃসজ্জিত / পুনঃসংগ্রহ করা হয়েছে প্রয়োজন অনুসারে, চলতি মেয়াদের রাশির সাথে সামঞ্জস্য করার জন্য।
৫. কোম্পানির কোনরূপ ব্যতিক্রমী এবং অসাধারণ আইটেম নেই।

বোর্ডের আদেশানুসারে
গোপাল বিশ্বাস, নদীয়া, ২৬ মে ঃ শুক্রবার নদিয়ার রানাঘাট পুলিশ জেলার শান্তিপুর থানায় হারিয়ে যাওয়া মোবাইল পুনঃরুদ্ধার করে সেই সমস্ত ব্যাক্তির হাতে তুলে দিলেন রানাঘাট পুলিশ জেলার সুপার কে কান্নর।সাথে ছিলেন অতিরিক্ত জেলা পুলিশ রুপান্তর সেনগুপ্ত, রানাঘাট থানার ভারপ্রাপ্ত আধিকারিক সঞ্জীব সেনাপতি ও অন্যন্য আধিকারিকেরা। এদিন রানাঘাট সহ বিভিন্ন এলাকা থেকে হারিয়ে যাওয়া মোবাইল ফেরত পেয়ে স্বাভাবতই খুশি ওই সব মোবাইল মালিকেরা। এর পাশাপাশি এবছর মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক কৃতী ছাত্র- ছাত্রীদেরকে সংবর্ধনা জানানো হয় শান্তিপুর থানা এবং জেলা পুলিশের আধিকারিকদের পক্ষ্য থেকে। শান্তিপুর থানার অফিসার ইন চার্জ সুব্রত মালাকারের একান্ত প্রচেস্টায় এই অনুষ্ঠান স্বার্থকের রুপ নেয়। এছাড়াও এদিন নদীয়ার কৃষ্ণনগর পুলিশ জেলার তরফেও ১৮৮ জন ব্যক্তিকে ফিরিয়ে দেওয়া হল হারিয়ে যাওয়া মোবাইল। মোবাইল তুলে দেন কৃষ্ণনগর পুলিশ জেলার সুপার ইশানী পাল। হারিয়ে যাওয়া মোবাইল ফিরে পাওয়ায় খুশি মোবাইল গ্রাহকেরা।

জেলা পথ নিরাপত্তা কমিটির বৈঠক, কোচবিহার জেলা শাসকের দপ্তরে

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৬ মে ঃ জেলা পথ নিরাপত্তা কমিটির বৈঠক অনুষ্ঠিত হলো কোচবিহার জেলা শাসকের দপ্তরে। পিডব্লুডি রোড, ন্যাশনাল হাইওয়ে আধিকারিক, পুলিশ আধিকারিক, মহকুমা শাসক, স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের নিয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়। পথ দুর্ঘটনা এড়াতে জেলায় কি কি পদক্ষেপ গ্রহণ করা উচিত সেই সমস্ত বিষয় নিয়ে আলোচনা হয় এই বৈঠকে। কোচবিহারের জেলাশাসক পবন কালিয়ান জানান, বিগত কয়েক বছরের পথ দুর্ঘটনার রিপোর্ট এনালাইস করে কি করে পথ দুর্ঘটনা কমানো যায় সেই বিষয় নিয়ে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সঙ্গে আলোচনা হয়েছে। বেশ কিছু জায়গায় সিসিটিভি লাগানোর পরিকল্পনা রয়েছে। যে সমস্ত জায়গাগুলিতে বেশি দুর্ঘটনা হয় সেই সমস্ত দুর্ঘটনা কমানোর জন্য যা যা পদক্ষেপ গ্রহণ করা উচিত তা আলোচনার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়াও সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়ানোর জন্য ট্রাফিক পুলিশের সঙ্গে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যাতে বিভিন্ন জায়গায় সাধারণ মানুষকে দিয়ে ট্রাফিক কন্ট্রোল করানো যায়, পুলিশের উপস্থিতিতে সেই বিষয়ে আলোচনা হয়েছে। এর ফলে সাধারণ মানুষ ট্রাফিক সম্বন্ধে আরও বেশি সচেতন হবে।

গণিখান বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-অশিক্ষক কর্মীদের নিয়ে প্রশিক্ষণ শিবিরের আয়োজন

দুরন্ত বার্তা, মালদা, ২৬ মে ঃ বিভিন্ন উচ্চশিক্ষায় পঠন- পাঠনের ক্ষেত্রে গণিখান চৌধুরী কারিগড়ি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-অশিক্ষক কর্মীদের নিয়ে প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হলো। শুক্রবার এই প্রশিক্ষণের সমাপ্তির দিনে গনিখান চৌধুরী কারিগরি বিশ্ববিদ্যালয়ের প্রিন্সিপাল থেকে শুরু করে পদস্থ কর্মকর্তারা উপস্থিত হয়েছিলেন। এছাড়াও ছিলেন উত্তর মালদার বিজেপি দলের সাংসদ খগেন মুর্মু । পোস্ট গ্যাজুয়েট ডিপ্লোমা সহ বিভিন্ন ধরনের শিক্ষা দানের ক্ষেত্রে উপস্থিত শিক্ষক- শিক্ষিকাদের নিয়ে এই প্রশিক্ষণশালার আযোজন করা হয়। গত পাঁচদিন ধরে এই প্রশিক্ষণশালাটি চলছিল। শুক্রবার এটি শেষ হয়। সেখানেই প্রায় ২০০ জন ফ্যাকাল্টি অংশ নেন। আগামীতে গনিখান চৌধুরী কারিগরি বিশ্ববিদ্যালয় উচ্চ শিক্ষার ক্ষেত্রে পড়ুয়াদের যাতে ভালোমতো শিক্ষাদান করানো যেতে পারে, সেই ব্যাপারেও এদিন উপস্থিত শিক্ষক- শিক্ষিকাদের সঙ্গে কর্মশালার মাধ্যমে মতামত বিনিময় করে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Civil), Borough-XIII, KMC invites tender online percentage rate two bid system for the following works :

(1) N.I.T. No.: KMC/XIII/119/001/23-24 (1st Call)

Name of the Work : **Maintenance of Sewer Line Adjacent at Sahapur Main Road, S. N. Roy road and S. N. Chatterjee Road Bye Lane in Ward no. 119, Borough-XIII**; Work Value : **Rs. 1,82,059.78**; Earnest Money : **Rs. 3,700.00**; Period of Completion : **90 Days**;

(2) N.I.T. No.: KMC/XIII/117/001/23-24 (1st Call)

Name of the Work : **Development of under ground sewer at Jyotish Roy road Bye Lane near premises no. 71 in Ward no. 117**; Work Value : **Rs. 2,62,580.07**; Earnest Money : **Rs. 5,300.00**; Period of Completion : **25 Days**;

(3) N.I.T. No.: KMC/XIII/116/007/23-24/C (1st Call)

Name of the Work : **Maintenance of sewer adjuncts at Kalabagan & Canal Road Area in Ward no. 116**; Work Value : **Rs. 1,82,718.35**; Earnest Money : **Rs. 3,700.00**; Period of Completion : **60 Days**;

(4) N.I.T. No.: KMC/XIII/116/008/23-24/C (1st Call)

Name of the Work : **Maintenance of sewer adjuncts at Senhati Colony & Kumar Garden Area in Ward no. 116**; Work Value : **Rs. 2,34,967.87**; Earnest Money : **Rs. 4,700.00**; Period of Completion : **70 Days**; Last Date of submission of Bid : **08.06.2023 up to 11 a.m.** (for Sl. no. 1 to 4); Tender will be opened on : **10.06.2023 at 11 a.m.** (for Sl. no. 1 to 4); The bid forms and other details are available on and from **30.05.2023 from 5 p.m.** from the website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 to 4).

The Director General (S&D), KMC invites e-tender online item rate two bid system for the following works :

(1) N.I.T. No.: KMC/DG(S_D)/N/IV/23/23-24

Name of the Work : **Construction of Manholes (02 nos.) including laying of S-W Lines along Hari Ram Goenka Street in Ward no. 23 under Borough-IV**; Estimated Cost : **Rs. 3,01,780.08**; Earnest Money : **Rs. 7,500.00**; Period of Completion : **30 Days**; Last Date and Time of submission of Bid (Online) : **05.06.2023 at 1 p.m.**; The bid forms and other details are available on and from **26.05.2023 at 1 p.m.** from the website **https://etender.wb.nic.in.**

(2) N.I.T. No.: KMC/S_D/H/12/2023-24 (1st Call)

Name of the Work : **Manufacturing, fitting, fixing of front and intermediate strainers with its cleaning arrangement and other allied works at Hatisur Drainage Pumping Station**; Estimated Amount : **Rs. 4,93,877.00**; Earnest Money : **Rs. 10,000.00**; Period of Completion : **14 Days**; Last Date and Time of submission of Bid : **03.06.2023 at 5 p.m.**; The bid forms and other details are available on and from **26.05.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in.** For corrigendum etc., if any, the same website has to be seen.

The Dy. C.E.(E)/(S&D), KMC invites tender online percentage rate two bid system for the following works :

(1) N.I.T. No.: KMC/DG(S_D)/GRBU/BI-07/23-24 (1st Call)

Name of the Work : **Removing deposited materials from sump, dry pit and screen chamber at Santoshpur MPS under Garden Reach & Behala Unit**; Estimated Cost : **Rs. 2,87,749.00**; Earnest Money : **Rs. 5,800.00**; Period of Completion : **35 Days**; Last Date and Time of submission of Bid : **09.06.2023 at 1 p.m.**; The bid forms and other details are available on and from **31.05.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in.**

(2) N.I.T. No.: KMC/S_D/UDPS/13/2023-24 (1st Call)

Name of the Work : **Repairing of 700 mm dia NRV including replacement of short piece bend of 55 cusec capacity vertical pump unit no-11 at UDPS**; Estimated Amount : **Open Quotation**; Earnest Money : **2% of Quoted Amount**; Period of Completion : **14 Days**; Last Date and Time of submission of Bid : **03.06.2023 at 5 p.m.**; The bid forms and other details are available on and from **26.05.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in.** For corrigendum etc., if any, the same website has to be seen.

Municipal Secretary invites tender on line, two bid system for the following work :

N.I.T. No.: KMC/AM_CT/2023/01

Name of the Work : **Annual maintenance of Dusting and cleaning Work 03 (three) times in a month at 18 (Eighteen) nos. VIP Chamber & 2 (Two) nos VIP Stairs & Photo-Pictures of CMO Buildings, Kolkata Municipal Corporation for one year**; Estimated Amount : **Rs. 1,82,124.00**; Earnest Money : **Rs. 3,700.00**; Last Date and Time of submission of Bid : **02.06.2023 at 5 p.m.**; The bid forms and other details are available on and from **26.05.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in.**

187/23-24

চিকিৎসার গাফিলতিতে রোগী মৃত্যু, নার্সিংহোম কর্তৃপক্ষের বিরুদ্ধে ৩০ লক্ষ টাকা জরিমানা ক্রেতা সুরক্ষা আদালতের

দুরন্ত বার্তা, মালদা, ২৬ মে ঃ চিকিৎসায় গাফিলতির অভিযোগে রোগী মৃত্যুর ঘটনা প্রমাণিত হওয়ার পরেই মালদা শহরের একটি প্রতিষ্ঠিত নার্সিংহোম কর্তৃপক্ষের বিরুদ্ধে ৩০ লক্ষ টাকা জরিমানা করলো ক্রেতা সুরক্ষা আদালত। তিন মাসের মধ্যে সেই জরিমানার টাকা ক্ষতিগ্রস্ত পরিবারে হাতে তুলে দেওয়ার নির্দেশ দিয়েছে ক্রেতা সুরক্ষা আদালত। ক্রেতা সুরক্ষা আদালত সূত্রে জানা গেছে, মালদা শহরের একটি নার্সিংহোম ও চিকিৎসক সহ ক্লিনিকের বিরুদ্ধে এই অভিযোগ দায়ের করেছিলেন এক ব্যক্তি। ২০১৬ সালে মালদা জেলা ক্রেতা সুরক্ষা দফতর আদালতে এই অভিযোগ দায়ের করেছিলেন অমিত সাহা নামে এক ব্যক্তি। ক্রেতা সুরক্ষা আদালতে অমিত সাহা অভিযোগ করে জানিয়েছিলেন, টাকার বিনিময়ে বেসরকারি নার্সিংহোম ও চিকিৎসকের কাছে তার স্ত্রীর চিকিৎসা করাতে গিয়েছিলেন। কিন্তু প্রায় ৬ ঘন্টারও বেশি সময় কোনো চিকিৎসা করা হয় নি তার স্ত্রীর। তারই জেরে মৃত্যু হয়েছে তার স্ত্রীর। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করে ক্রেতা সুরক্ষা দফতর। প্রায় আট বছর ধরে চলে এই মামলা। অবশেষে চলতি বছর ২৪ মে এই মামলার রায় ঘোষণা হয়। দুই পক্ষের সাক্ষী প্রমাণ নেওয়ার পর চিকিৎসক, নার্সিংহোম ও ক্লিনিক কর্তৃপক্ষকে দোষী সাব্যস্ত করা হয়। অমিত সাহাকে ৩০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেয়। উল্লেখ, ২০১৬ সালের এপ্রিল মাসে মালদা শহরের সর্বমঙ্গলাপল্লী এলাকার বাসিন্দা অমিত সাহা ক্রেতা সুরক্ষা আদালতে একটি চিকিৎসার গাফিলতির অভিযোগ দায়ের করেন। তিনি অভিযোগ করে জানান, তার স্ত্রী সন্তান সম্ভবা হলে মালদা শহরের চিকিৎসক এ. কে পোদ্দারকে দেখান। চিকিৎসক ২৩ ফেব্রুয়ারি ২০১৬ সালে সন্তান জন্মানোর তারিখ দেন। কিন্তু ১৭ ফেব্রুয়ারি প্রসূতি অসুস্থ হলে চিকিৎসকের কাছে নিয়ে যায়। চিকিৎসক মালদা শহরের একটি নার্সিংহোমে ভর্তি করায় রোগীকে। ২১ ফেব্রুয়ারি অপারেশন করে কন্যা সন্তানের জন্ম দেন। সকালে অপারেশন করে সন্তান জন্মানোর পর সকাল ১১.৩০ মিনিট থেকে সন্ধ্যা ৬.৩০ মিনিট পর্যন্ত কোন চিকিৎসা হয়নি। রোগীকে চিকিৎসক পর্যবেক্ষণ পর্যন্ত করেন নি বেশ অভিযোগ। তারপর প্রসূতি অসুস্থ হয়ে পড়েন। রাত ৯ টা নাগাদ দ্বিতীয় অপারেশন হয়। তারপর ২২ ফেব্রুয়ারি মৃত্যু হয় মহিলার। প্রথম অপারেশনের পর প্রায় আট ঘন্টা কোন চিকিৎসা হয়নি। এখানেই চিকিৎসার গাফিলতির অভিযোগ তুলে ক্রেতা সুরক্ষা আদালতে অভিযোগ দায়ের হয়। কারণ বেসরকারি নার্সিংহোমে টাকার বিনিময়ে চিকিৎসা পরিষেবা দেওয়া হয়। ওই সময়ের জন্যেও টাকা নেওয়া হয়েছিল। কিন্তু পরিষেবা মেলেনি। সেই ভিত্তিতে অভিযোগ হয়। আদালতের পক্ষ থেকে চিকিৎসার গাফিলতির জন্য কুড়ি লক্ষ টাকা জরিমানা করা হয়েছে চিকিৎসক নার্সিংহোম ও ক্লিনিকের বিরুদ্ধে। পাশাপাশি আরও ১০ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে মৃত প্রস্তুতির কন্যা সন্তানের লালন-পালনের জন্য। ক্রেতা সুরক্ষা দপ্তরের এমন রায়ে খুশি মৃত মহিলার পরিবার।

বাঁকুড়ায় অঙ্গনওয়াড়ি কেন্দ্রে খিচুড়ির সাথে ভাপা টিকটিকি খেয়ে অসুস্থ একাধিক শিশু

অনিরুদ্ধ সরকার, বাঁকুড়া, ২৬ মে ঃ আবারও বাচ্চাদের খাবারে টিকটিকি। রান্না করা খিচুড়ির মধ্যে পড়ে রয়েছে গরমে ভেপে ওঠা টিকটিকি। আইসিডিএস -এর খাবার খেয়ে হাসপাতালে ভর্তি ২০ জন শিশু। বাঁকুড়ার ইন্দপুর থানার হাটগ্রাম উপরপাড়া আইসিডিএস কেন্দ্রের ঘটনা। অঙ্গনওয়াড়ির খিচুড়িতে মরা টিকিটিকি ! সেই খাবার পেয়ে অসুস্থ হয়ে পড়ল প্রায় ২০ জন শিশু। এই ঘটনা ঘিরে উত্তেজনা ছড়ায় বাঁকুড়ার ইন্দপুর থানা এলাকার হাটগ্রামে। অসুস্থ শিশুরা বর্তমানে বাঁকুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ইন্দপুরের হাটগ্রাম উপরপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র থেকে ৬০জন শিশু ও গর্ভবতী মায়েরা খাবার পান। শুক্রবার দুপুরের এক শিশুর মা ওই কেন্দ্র থেকে খিচুড়ি বাড়িতে নিয়ে যান। এদিকে একের পর এক শিশু ওই খাবার খেয়ে অসুস্থ হতে শুরু করে। খাবারে বিষক্রিয়ার ফলে বমি শুরু হয় তাদের। সঙ্গে মাথা ঝিমঝিম করতে থাকে তাদের। অসুস্থ শিশুদের নিয়ে প্রথমে হাটগ্রাম স্বাস্থ্যকেন্দ্র নিয়ে যাওয়া হয়। পরে ২০জন শিশুর অবস্থার অবনতি হলে তাঁদের বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অভিযোগকারিণী এক শিশুর মা উমা ভদ্র বলেন, আমরা তো বাচ্চাদের না দেখেই খাইয়েছি। আমরা তো জানতাম না খাবারে টিকটিকি পড়েছে। একজন হঠাই কান্নাকাটি শুরু করেন। তিনিই বলেন খাবারে টিকটিকি পড়েছে। তখন ভাবলাম, আমরাও তো বাচ্চাকে খাইয়েছি। ওই অঙ্গনওয়াড়ি থেকে নেওয়া খিচুড়ি বাচ্চাকে কয়েক গ্লাস খাওয়ানোর পর দেখতে পাই খিচুড়িতে মরা টিকটিকি পড়েছে। এরপরেই বমি শুরু হয় বাচ্চার। সঙ্গে সঙ্গে তাকে হাসপাতালে ছুটতে হয়। এর আগেও একাধিকা জেলায় মিড ডে মিলে সাপ, টিকটিকি, আরশোলা, পোকা পড়ার অভিযোগ উঠেছে। ওই অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পরে চড়াও হন গ্রামবাসীরা। তাঁদের বিক্ষোভকে কেন্দ্র করে উত্তেজনা তৈরি হয়। অঙ্গনওয়াড়ির সহায়িকাদের দাবি, খাবারে কোথা থেকে টিকটিকি এল তা বুঝতে পারছেন না। তবে স্থানীয়দের দাবি, খাবার তৈরির সময় পরিচ্ছন্নতার দিকে খেয়াল রাখা হয় না। ফলে অঙ্গনওয়াড়ি কর্মীদের দায়িত্বজ্ঞান নিয়ে প্রশ্ন উঠছে।

আদালতে ধাক্কা, হবিবপুরে শুভেন্দুর সভা ২৭ তারিখের পরিবর্তে ১২ জুন

দুরন্ত বার্তা, মালদা, ২৬ মে ঃ আদালতে ধাক্কা। মালদার হবিবপুরে শুভেন্দু অধিকারীর সভা পিছিয়ে দিল বিজেপি নেতৃত্ব। ২৭ তারিখের পরিবর্তে ১২ জুন হবিবপুরে সভা করবেন শুভেন্দু অধিকারী। জানালেন উত্তর মালদার সাংসদ খগেন মুর্মু। তবে আগামীকাল মালদার মানিকচকে সভা করবেন শুভেন্দু। প্রথমে অনুমতি দিয়ে পরে হবিপুর থানার



পুলিশ তা বাতিল করায় তৃণমূলের ষড়যন্ত্র দেখছেন বিজেপি নেতৃত্ব। মালদা ২৭ মে দুইটি সভা ছিল। একটি মালদার মানিকচকের মথুরাপুর। অন্যটি ছিল হব্বিপুর থানার কেন্দপুকুর এলাকায়। সেই মত প্রশাসনের কাছে সভার আবেদন করেন মালদা জেলা বিজেপি। ১৮ মে থানায় সভার অনুমতি চেয়ে আবেদন করেন বিজেপি নেতৃত্ব। উত্তর মালদা সাংগঠনিক জেলার বিজেপি সভাপতি উজ্জ্বল দত্তের অভিযোগ ১৯ তারিখ সভার অনুমতি দেয় পুলিশ। এমনকি ২৪ মাইক বাজানোর অনুমতি দেওয়া হয় মহকুমা শাসকের তরফে। কিন্তু এরপর রাতে সভার অনুমতি বাতিল করে দেয় হবিবপুর থানার পুলিশ। একই দিনে মানিকচকে সভা ছিল শুভেন্দুর সেই কারণে পর্যাপ্ত পুলিশ মোতায়েন করা সম্ভব নয়, জমির মালিকের কাছ থেকে অনুমতি নেওয়া হয়নি এবং ১৫ দিন আগে আবেদন করা হয়নি বলে অনুমোদন বাতিল করা হয়েছে বলে হবিবপুর থানা উল্লেখ করে চিঠিতে। এরপর ২৫ মে হাই কোর্টের দ্বারস্থ হয় বিজেপি। ওইদিন হাইকোর্ট হবিবপুরের রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দুর সভা বাতিল করে দেয়। মানিকচকের সভা ২৭ মে হবে। প্রস্তুতি শুরু হয়েছে।

গাছ কাটা নিয়ে বিবাদ, ভাইপোর হাতে খুন কাকা

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৬ মে ঃ সুপারি গাছ কাটা নিয়ে বিবাদ। ভাইপোর হাতে খুন হলেন কাকা। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে শীতলকুচি ব্লকের গোঁসাইরহাট গ্রাম পঞ্চায়েতের খারিজা ধাপের চাত্রা গ্রামে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন গ্রামের যুবক সেরাজুল মিয়াঁর সঙ্গে কাকা আবেদ আলি মিয়াঁর বাড়ির পিছনে সুপারি গাছ কাটা নিয়ে তুমুল বাক বিতন্ডা শুরু হয়। সে সময় সেরাজুল তাঁর কাকার মাথায় কুড়ুল দিয়ে কোপ মারে। ঘটনাস্থলেই রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পরে যান আবেদ। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। শীতলকুচি থানার ওসি মৃত্যুঞ্জয় চক্রবর্তী জানান, এই ঘটনায় ভাইপোকে আটক করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

২ কুইন্ট্যাল ২৩ কেজি গাঁজাসহ গ্রেফতার দুই

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৬ মে ঃ শুক্রবার সকালে একটি ১২ চাকার ট্রাক থেকে ২ কুইন্ট্যাল ২৩ কেজি গাঁজা উদ্ধার করেছে এনজিপি থানার পুলিশ । পাশাপাশা দুই পাচারকারীকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের নাম নীতিশ কুমার ও মহম্মদ সেলিম। দুজনেই বিহারের বেগুসরাইয়ের বাসিন্দা। বাজেয়াপ্ত গাঁজার আনুমানিক বাজার মূল্য ৩৫ লাখ টাকা। এনজিপি থানার পুলিশ জানায, শুক্রবার ভোরে গোপন সংবাদের ভিত্তিতে ফুলবাড়ীর জিয়াগঞ্জ এলাকায় অভিযান চলাকালীন একটি ১২ চাকার ট্রাককে আটক করা হয়। ট্রাকটিতে তল্লাশি চালিয়ে গোপন কক্ষ থেকে ২৩ কেজি গাঁজার প্যাকেটের দুটি কুইন্ট্যাল উদ্ধার করা হয়, পরে এনডিপিএস আইনে মামলা নথিভুক্ত করে ট্রাকের চালক ও সহ-চালককে গ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদে অভিযুক্তদের কাছ থেকে পুলিশ জানতে পারে ত্রিপুরার আগরতলা থেকে বিহারে গাঁজা পাচার হচ্ছে।

জলপাইগুড়ি শহরে চলছে ফুটপাত দখল মুক্ত করার অভিযান

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৬ মে ঃ জলপাইগুড়ি শহরে যানজট যেন নিত্য দিনের সঙ্গী । চলছে ফুটপাত দখল মুক্ত করার অভিযান। ফুটপাত দখল করে ব্যবসা করছে একশ্রেণীর ব্যবসায়ীরা বলে অভিযোগ। যে কারণে চলাচলের সমস্যা বাড়ছে আম জনতার। শীঘ্রই হকার্স কর্নার সহ পার্কিং প্লেসের ব্যাবস্থা নিয়ে পরিকল্পনা নেওয়া হবে, জানালেন পুরসভা। বিগত কয়েক দিন ধরে পুলিশ শহরে ফুটপাত দখলমুক্ত করতে অভিযান চালায়। শুক্রবার এই অভিযানে সামিল হয় জলপাইগুড়ি পৌরসভা, ভাইস চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায়ের নেতৃত্বে কোতোয়ালি থানার আই

সি অর্ঘ্য সরকার, ওসি ট্রাফিক বাপ্পা সাহার উপস্থিতিতে থানামোড়, সমাজপাড়া মোড়, মার্কেট রোড, দিনবাজার, কামারপাড়া, কদমতলা, ডিবিসি রোড সহ বিভিন্ন জায়গায় জলপাইগুড়ি পুরসভা ও কোতয়ালি পুলিশ। রাস্তার ধারে বহু ফুটপাত দখল করে সাজিয়ে রাখা দোকানের বিভিন্ন সামগ্রী বাজেয়াপ্ত করে । শহরের প্রধান রাস্তা গুলোর ফুটপাত সাধারণ মানুষের চলাচলের জন্য সদা উন্মুক্ত রাখতে এমন অভিযান লাগাতার চলবে বলে পুরসভা সূত্রে খবর। জলপাইগুড়ি পৌরসভার ভাইস চেয়ারম্যান সৈকত চট্টোপাধ্যায় বলেন। ভারতের সংবিধান অনুযায়ী পুরসভা তৃতীয় সরকার শহরের, সেই পুরসভা এবং পুলিশের যৌথ উদ্যোগে এমন অভিযান জারি থাকবে, এর পাশাপাশি খুব শীঘ্রই আমরা হকার্স কর্নার নিয়ে ভাববো এবং পার্কিং প্লেসের ঘোষনা ও করবো। জলপাইগুড়ি পুরসভার চেয়ারপার্সন পাপিয়া পাল বলেন, যে ভাবেই হোক আমাদের শহরের প্রবীণ নাগরিকদের সুষ্ঠ ভাবে চলাচলের ব্যবস্থা করে দিতেই হবে।

বাল্য বিবাহ ও শিশুশ্রম প্রতিরোধে সভার আয়োজন করা হয়

দুরন্ত বার্তা, মালদা, ২৬ মে ঃ বাল্যবিবাহ রোধ এবং শিশু শ্রমিক বন্ধ করার উদ্দেশ্যে প্রশাসনিক আধিকারিকদের নিয়ে বৈঠক করলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন সুদেষ্ণা রায়। শুক্রবার দুপুরে মালদা বিবেকানন্দ যুব আবাসের সভাকক্ষে বৈঠকের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন, রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন সুদেষ্ণা রায়, মুখ্য উপদেষ্টা অনন্যা চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক জামিল ফতেমা জেবা, জেলা পুলিশের ডিএসপি প্রশান্ত দেবনাথ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মকর্তারা। দীর্ঘক্ষণ ধরে চলে বৈঠক। শিশুশ্রম বন্ধ, বাল্যবিবাহ রোধ সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয় বৈঠকে। মহিলা চেয়ারপার্সন সুদেষ্ণা রায় ও মুখ্য উপদেষ্টা অনন্যা চক্রবর্তী বলেন, বাল্যবিবাহ রোধ, শিশুশ্রম বন্ধ সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। মানুষকে সচেতন করতে শিশু সুরক্ষা নিয়ে প্রশাসনিক কর্তা ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মকর্তাদের উপস্থিতিতে আলোচনা করা হয়।

লামডিং ডিভিশনে বিভিন্ন "রেল কোচ রেস্তোরাঁ"

লামডিং ডিভিশনে বিভিন্ন "রেল কোচ রেস্তোরাঁর" পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য ই-নিলামের আমন্ত্রণ জানানো হচ্ছে। নিলাম ক্যাটালগ নং.ঃ সিএটিইআর-এলএমজি-০৬-২৩। নিলাম শুরু (সমস্ত লট) ঃ ০৯-০৬-২০২৩ তারিখে ১০.০০ ঘন্টায়। একক দর ঃ বার্ষিক লাইসেন্সিং ফি। যাত্রা/দিনঃ ১৮২৭।

ক্রম নং.	লট নং./শ্রেণী	স্টেশন
এও/১	এমএসএস-এলএমজি-এনএইচএলজি-আরসিআর-১৪-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	নিউ হাফলং
এও/২	এমএসএস-এলএমজি-কেওয়াইকিউ-আরসিআর-১২-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	কামাক্ষ্যা
এও/৩	এমএসএস-এলএমজি-ডিএমআর-আরসিআর-৪-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	ধর্মনগর
এও/৪	এমএসএস-এলএমজি-এসসিএল-আরসিআর-১৩-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	শিলচর
এও/৫	এমএসএস-এলএমজি-এজিটিএল-আরসিআর-২-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	আগরতলা
এও/৬	এমএসএস-এলএমজি-কেওয়াইকিউ-আরসিআর-১০-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	কামাক্ষ্যা
এও/৭	এমএসএস-এলএমজি-এলএমজি-আরসিআর-৭-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	লামডিং
এও/৮	এমএসএস-এলএমজি-এলকেএ-আরসিআর-৯-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	লঙ্কা
এও/৯	এমএসএস-এলএমজি-এনজিসি-আরসিআর-১১-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	নিউ গুয়াহাটি
এও/১০	এমএসএস-এলএমজি-জেআরএনএ-আরসিআর-৫-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	জিরানিয়া
এও/১১	এমএসএস-এলএমজি-কেওয়াইকিউ-আরসিআর-৬-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	কামাক্ষ্যা
এও/১২	এমএসএস-এলএমজি-বিপিবি-আরসিআর-৩-২৩-১ (এমআইএসসি- স্ট্যাটিক-সার্ভিসেস - রেল কোচ রেস্টুরেন্ট)	বদরপুর

ই-নিলাম বন্ধের তারিখ ও সময়ঃ ০৯-০৬-২০২৩ তারিখে ১২.২০ ঘন্টায়। প্রাথমিক কুলিং অফ সময় হল ৩০ মিনিট। ক্রমাগত লট বন্ধের ব্যবধান ১০ মিনিট। লট ভিত্তিক বন্ধের সময় আইআরইপিএস-এর ই-নিলাম মডিউলে দেখা যেতে পারে। টিকাঃ সম্ভাব্য দরদাতাকে আরও বিস্তারিত জানার জন্য আইআরইপিএস ওয়েবসাইট www.ireps.gov.in -এর ই-নিলাম মডিউল দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।

ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, গুয়াহাটি

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্ন চিত্তে মনুষ্যের সেবায়

EXIM FINANCE LIMITED

CIN : L65999WB1993PLC060888

Regd Office : 1,Grahams Road, Near Indrapuri Studio, Tollygunge LP, Kolkota-700040 **Email :** info@eximfinance.in

STATEMENT OF AUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2023

(In Rupees)

SL NO.	Particulars	Three Months Ended 31.03.2023 Unaudited	31.12.2022 Unaudited	31.03.2022 Unaudited	Year Ended 31.03.2023 Audited	Year Ended 31.03.2022 Audited
1	Total Income from Operations (net)		-	-		
2	Profit/(Loss)from operations before other income, Finance costs and Exceptional items (1-2)	-739,934.00	-251,106.00	-241,848.00	-1,557,474.00	-913,387.00
3	Profit /Loss from ordinary activities before finance costs and exceptional items(3+4)	-739,934.00	-251,106.00	-241,848.00	-1,557,474.00	-913,387.00
4	Profit/ Loss from ordinary activities after finance costs but before exceptional items(5-6)	-739,934.00	-251,106.00	-241,848.00	-1,557,474.00	-913,387.00
5	Profit/ Loss from ordinary activities before tax (7-8)	-739,934.00	-251,106.00	-241,848.00	-1,557,474.00	-913,387.00
6	Net profit/ Loss from Ordinary activities after Tax (9-10)	-739,934.00	-251,106.00	-241,848.00	-1,557,474.00	-913,387.00
7	Net profit/ Loss for the period (11-12)	-739,934.00	-251,106.00	-241,848.00	-1,557,474.00	-913,387.00
8	Paid up Equity share Capital (Face Value Rs.10/-per share)	31,015,000.00	31,015,000.00	31,015,000.00	31,015,000.00	31,015,000.00
9	Reserve excluding Revalution Reserves as per balance sheet of previous accounting year	10,329,340.00	12,882,515.00	12,882,515.00	10,329,340.00	12,882,515.00
10	Earning per share (before extraordinary items)	-0.24	-0.08	-0.08	-0.50	-0.29
11	Earning per share (after extraordinary items)	-0.24	-0.08	-0.08	-0.50	-0.29

Notes:

1 The above is an extract of the detailed format of Standalone Financial Results field with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The Full Format of the Standalone Financial Results is available on the Calcutta Stock Exchange website (www.csindia.com) and Company's website (www.eximfinance.co.in/).

2 The Company has not been carrying any operations since 2007-08 .

3 Prior period figures have been rearranged/ regrouped, whenever necessary.

Place : Kolkata
Dated : 25.05.2023

By Order of the Board
Exim Finance Limited
Sd/- Giriraj Ladha
Director
DIN-00342200

J R D FINANCE LIMITED

Reg. Off : 1/1A, Biplabi Anukul Chandra Street, 5th Floor, Room No. 5G, Kolkata - 700 072, Tel: + 91 33 4006 6062; **Email Id:** fin.jrd@gmail.com
Website : www.jrdfinance.com **CIN: L65999WB1993PLC058107**

EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2023

(₹. in Lacs)

Sl. no	Particulars	Quarter Ended 31.03.23 (Audited)	31.12.22 (Unaudited)	31.03.22 (Audited)	Year Ended 31.03.23 (Audited)	Year Ended 31.03.22 (Audited)
1	Total Income from operations	84.34	98.25	84.44	310.31	243.20
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items #)	(0.34)	2.84	14.99	7.77	18.03
3	Net Profit /(Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items#)	(0.34)	2.84	14.99	7.77	18.03
4	Net Profit /(Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items#)	(3.06)	2.13	15.55	3.74	17.62
5	Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	(3.06)	2.13	15.55	3.74	17.62
6	Equity Share Capital	272.03	272.03	272.03	272.03	272.03
7	Reserves (excluding Revaluation Reserve as shown in the Audited Balance Sheet of previous year)	-	-	-	165.06	161.33
8	Earnings Per Share (of Rs.10/- each) (for continuing and discontinued operations)					
	Basic: (₹)	(0.11)	0.08	0.57	0.14	0.65
	Diluted:(₹)	(0.11)	0.08	0.57	0.14	0.65

Notes:

1. The above financial results which have been prepared in accordance with (Indian Accounting Standard) Rules, 2015 (IND AS) prescribed under section 133 of the Companies Act , 2013 and Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 read with SEBI circular dated July 5, 2016, have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meeting held on May, 26, 2023 and the audited results for the year ended March 31, 2023 have been duly audited by the statutory auditor of the company.
2. The Company is engaged in providing assistance to Corporate Bodies through Syndication of loans from various Bodies Corporate/Banks and Financial Institutions.. In term of Ind AS 108 "Operating Segment", the Company has one business segment i.e. Financing Activities and related products and all other activities revolve around the said business.
3. Figures for the last quarter are balancing figures between Audited Figures in respect of full financial year and the un-audited published year to date figures upto the third quarter of the finance year.
4. The full format of these financial results are available on the website of the Stock Exchange at www.msei.in and the Company's website at www.jrdfinance.com.
5. Previous period's figures have been regrouped / rearranged wherever necessary.

Place : Kolkata
Date : 26.05.2023

For J R D Finance Limited
sd/-
Himangshu Mondal
Director
(DIN-06984911)

MUTHOOT FINCORP LTD. | সোণা নিলাম সূচনা

Regd. Office: Muthoot Centre, TC No 27/3022, Punnen Road, Thiruvananthapuram, Kerala, India - 695001. CIN : U65929KL1997PLC011518, Ph: +91 471 4911400, 2331427

এতদ্বারা সর্বাইকে সূচনা দেয়া হচ্ছে যে 30.06.2022 & MSGL, SPL-16, One plus, Guide Prepaid, Super value, ADGL and all other 6 months tenure Gold loans up to 30.09.2022 and MSGB, SME Suvarna & EMI due up to 31.03.2023 পর্যন্ত নিম্নোক্ত শাখাগুলিতে যেগুলি সোনা বন্ধক স্বরূপ জমা ছিল যাদের শোধের জন্যে পরিশোধ করার নির্দিষ্ট তারিখ পার হয়ে গেছে এবং বারবার সূচিত করা স্বত্বেও পরিশোধ করা হয়নি ঐ সোনাগুলি 05.06.2023 তারিখে সকাল 10 টা থেকে নিলাম করা হবে।

KOLKATA DISTRICT - BOW BAZAR-KOLKATA: F12632, F12633, F12634, F12666, F12749, F13723, F14172, F14173, F14174, F16962, F16965, F16993, F17004, F17071, F17081, F17102, F17141, F17163, F17169, F17196, F17212, F17249, F17279, F17330, F17335, F17368, F17376, F17389, F17396, F8266, F9048. **LENIN SARANI:** F1198, F2234, F2817, F4370, F4451, F4477, F4478, F4675, F4690, F4739, F4801, F4810, F4911, F4978. **SHYAM BAZAR:** F3617, F3773, F4198, F4258, F4506, F4789, F6006, F6007, F6011, F6019, F6027, F6164, F6178. **TOLLYGUNGE:** F1603, F1724, F1834, F3514, F7057, F7248, F7364, F7304, F7370. **SOUTH 24 PARGANAS DISTRICT - AMTALA:** F5209, F6321, F7234, F7977, F8081, F8151, F8252, F8254, F8272, F8293. **BARUIPUR:** F16276, F16902, F17217, F20778, F22183, F22315, F23184, F23234, F23300, F23373, F23383, F23412, F23413, F23416, F23464, F23484, F23523, F23595, F23629, F23634, F23644, F23675, F23721, F23740, F23759, F23856, F23869, F23971, F24089, F24120, F24142, F24166, F24172, F6156, F6689. **BUDGE BUDGE-WEST BENGAL:** F20589, F20643, F20730, F20813, F20843, F20851, F20900, F20907, F20909, F20913, F20920, F20963, F20964, F21082, F21085, F21105, F21123, F21172, F21234, F21235. **CANNING:** F4902, F4920, F5029, F5068, F5286, F5290, F5446. **DIAMOND HARBOUR:** F10224, F10297, F10406, F10536, F10551. **KAKDWIP:** F12389, F12398, F12458, F12605, F12742, F12618, F12975, F12984, F13003, F13007, F13023, F13183, F13227, F13270, F13419, F13497, F13511. **NEW GARIA:** F17049, F17124, F17244, F17353, F17468, F17476, F17485, F17800, F17602, F17870, F17871, F8182, F8184, F8185, F8328, F8346, F8364. **SONARPUR:** F10137, F10184, F10200, F10209, F10262, F374, F4086, F96, F9612, F9613, F9723, F9757, F9804.

নিলাম যথাযথ শাখাগুলিতে সম্পন্ন করা হবে। অনুগ্রহ করে জেনে রাখুন যে যদি কোনো কারণে একই দিনে নিলাম সম্পূর্ণ না হলে 15.06.2023 at 10.00 am at **KOLKATA DISTRICT:** Muthoot FinCorp Ltd., First Floor 206, APC Road, Shyambazar Opposite CESC Office, Kolkata, West Bengal - 700004. **SOUTH 24 PARGANAS DISTRICT:** Muthoot FinCorp Ltd., Ground Floor 12 No. Srinagar Main Road, South 24 Parganas, West Bengal - 700094, এই ঠিকানায় এই নিলাম সম্পন্ন করা হবে। যেগুলি ব্যক্তি নিলাম ডাকতে সবাইকে ফটো পরিচয় পত্র, প্যান কার্ড দেখানোর জন্যে অনুরোধ করা হচ্ছে। যে ব্যক্তি নিলামে সফল হবেন তাকে আর টি জি এস (RTGS) এর মাধ্যমে টাকা স্থানান্তরণ করতে হবে।

মুথুট ফিনকর্প লিমিটেড

অধিনায়কত্বে ধোনির মতো কৃতিত্ব পান না রোহিত, দাবি সানির

মুম্বই, ২৬ মেঃ আইপিএল ইতিহাসের সেরা অধিনায়ক কে? এই আলোচনায় অবশ্যই চেন্নাই সুপার কিংসের মহেন্দ্র সিং ধোনি আর মুম্বই ইন্ডিয়ানসের রোহিত শর্মার নাম আগে আসবে। নিজেদের মধ্যে ভাগাভাগি করেছেন ভারতের ফ্র্যাঞ্চাইজি টি-টোয়েন্টি লিগের ৯টি শিরোপা। ধোনি জিতেছেন চারটি আইপিএল শিরোপা, রোহিত জিতেছেন ৫ শিরোপা। সুনীল গাভাসকর মনে করেন রোহিত আইপিএলের ৫টি শিরোপা জিতলেও ধোনির সঙ্গে তুলনায় কেন যেন পিছিয়ে থাকেন। গাভাসকর মনে করেন, আইপিএলে তরুণ প্রতিভাকে সামনে নিয়ে আসার ব্যাপারে ধোনিকে পেছনে ফেলেছেন রোহিত। কিন্তু রোহিত এ নিয়ে কখনো প্রাপ্য কৃতিত্ব পাননি। এবারের আইপিএলেও রোহিত নতুন প্রতিভাকে সামনে নিয়ে এসে বাজিমাত করেছেন। এলিমিনেটর পর্বে তিনি খেলিয়েছেন আকাশ মাধবওয়ালকে। এই পেসার লক্ষ্ণৌ সুপারজায়ান্টসের বিপক্ষে ৩.৩ ওভার বোলিং করে মাত্র ৫ রান দিয়ে ৫ উইকেট নিয়েছেন। তাঁর স্পেলেই লক্ষ্ণৌর বিপক্ষে ৮১ রানে জিতেছে মুম্বই। সেটি আন্তর্জাতিক ক্রিকেট না খেলা বোলারদের মধ্যে আইপিএলের সেরা বোলিং। প্লে-অফেও ৫ উইকেট শিকারের প্রথম কীর্তি। মাধবওয়াল ২০১৯ সালেও ক্রিকেট খেলতেন টেনিস বলে। কিন্তু তাঁর মধ্যে প্রতিভার দ্যুতি দেখেছিলেন রোহিত। এবারের আইপিএলে নিজেদের অন্যতম গুরুত্বপূর্ণ ম্যাচেই তাঁকে খেলিয়ে ফলও পেয়েছেন মুম্বই অধিনায়ক। গাভাসকরের পর্যবেক্ষণ অবশ্য অন্য রকম। এই মাধবওয়ালই যদি চেন্নাই সুপার কিংসের অভিষিক্ত হতেন, তাহলে ধোনিকে অনেকেই কৃতিত্ব দিতেন। সবাই ধোনির দূরদৃষ্টি নিয়ে কথা বলতেন। ভারতের প্রাক্তন অধিনায়ককে প্রশংসায় ভাসাতেন এমন প্রতিভা সামনে তুলে আনার জন্য। রোহিত সেই কৃতিত্ব কি পাচ্ছেন? গাভাসকর তা মনে করেন না, ''রোহিত অবশ্যই খুবই অবমূল্যায়িত। সে মুম্বইকে ৫টি আইপিএল শিরোপা জিতিয়েছে। একটা উদাহরণ দিই। আকাশ মাধবওয়াল আয়ুশ বাদানিকে ওভার দ্য উইকেট বোলিং করে।

সে পরের বলেই চলে গেল রাউন্ড দ্য উইকেটে। তখন ব্যাটিং করছিল নিকোলাস পুরান। এটা সবাই করবে না-বিশেষ করে ওভার দ্য উইকেটে বোলিং করে সে যখন সাফল্য পেয়েছে, অন্য বোলাররা রাউন্ড দ্য উইকেটে গিয়ে বাঁহাতি ব্যাটসম্যানের বাইরে বল নেওয়ার চেষ্টা করবে। কিন্তু মাধবওয়ালকে দিয়ে রোহিত নিকোলাস পুরানের ভেতরের দিকে নিয়ে বল করাল। পুরান আউট হয়। এটা ধোনি করলে তার অধিনায়কত্ব নিয়ে অনেক কথাই হতো। কিন্তু রোহিত পর্যাপ্ত কৃতিত্বটা পাচ্ছে না।'' গাভাসকর রোহিতের পর্যাপ্ত কৃতিত্ব না পাওয়ার আরও একটি উদাহরণ দিয়েছেন। সেটি হচ্ছে আগে ব্যাটিং করে লক্ষ্ণৌয়ের বিপক্ষে নেহাল ওয়াধেরাকে ইমপ্যাক্ট ব্যাটসম্যান হিসেবে ব্যবহার করা, ''সাধারণত কোনো দল আগে ব্যাটিং করলে একজন ব্যাটসম্যানকে ইমপ্যাক্ট হিসেবে খেলায় না। কিন্তু রোহিত ওয়াধেরাকে খেলাল। এটাও তার ক্ষুরধার অধিনায়কত্বের আরও একটি উদাহরণ। সুতরাং আমি মনে করি, সবারই উচিত রোহিতকে পর্যাপ্ত কৃতিত্ব দেওয়া।''

মাহির প্রশংসায় পঞ্চমুখ সৌরভ

'বড় ম্যাচে কীভাবে জিততে হয় ধোনি ভালোভাবেই জানে'

দুরন্ত বার্তা প্রতিবেদন

দীর্ঘদিন পর এ বারের আইপিএলে দিল্লি ক্যাপিটালসের ডিরেক্টর অব ক্রিকেটের দায়িত্বে ফিরেছেন সৌরভ গঙ্গোপাধ্যায়। তবে এ বারের আইপিএল যাত্রা দিল্লির জন্য মোটেও ভালো হয়নি। টানা ৫ ম্যাচে হারার পর একটি ম্যাচে জয়ের দেখা পেয়েছিল ডেভিড ওয়ার্নারের দিল্লি। পুরো মরসুম জুড়ে মাত্র ৫টি ম্যাচে ঋষভ পন্থহীন দিল্লি। বাকি ৯টি ম্যাচে হারের মুখ দেখতে হয় সৌরভের দিল্লিকে। প্লে অফে ওঠার দৌড় থেকে সবচেয়ে প্রথমে ছিটকে গিয়েছিল দিল্লি। এ বারের মরসুমটা পয়েন্ট টেবলের ৯ নম্বরে থেকে শেষ করেছে দিল্লি ক্যাপিটালস। তাঁর দল এ বার ভালো পারফর্ম করতে পারেননি ঠিক, কিন্তু তিনি এ বারের আইপিএলে মহেন্দ্র সিং ধোনির

পারফরম্যান্সে মুগ্ধ। মাহির ক্যাপ্টেন্সি থেকে শুরু করে তরুণ ক্রিকেটারদের ঠিকমতো ম্যাচে ব্যবহার করা নজর কেড়েছে মহারাজের। তাই ধোনিকে প্রশংসায় ভরিয়েছেন সৌরভ। ৪১ বছর বয়সেও ধোনির মগজাস্ত্র আগের মতোই তীক্ষ্ণ। যার ফলে একাধিক ম্যাচে ছাপ পড়ে মাহির মাস্টার মাইন্ডের। এ বারের আইপিএলে প্রথম দল হিসেবে ফাইনালে পৌঁছেছে চেন্নাই সুপার কিংস। হার্দিক পান্ডিয়ার গুজরাট টাইটান্স ১৫ রানে হারিয়ে দশম আইপিএল ফাইনালে উঠেছে চেন্নাই। ধোনির মাস্টার-মাইন্ডের কাছে প্রথম কোয়ালিফায়ারে জিততে পারেনি গতবারের চ্যাম্পিয়ন গুজরাট টাইটান্স। এক সাক্ষাৎকারে সম্প্রতি সৌরভ গঙ্গোপাধ্যায় বলেন, ''চেন্নাই সুপার কিংস ও মহেন্দ্র সিং ধোনি অসাধারণ। বড় ম্যাচে কীভাবে জিততে হয় তা ওরা দেখিয়েছে। ধোনি খুব বড় মাপের অধিনায়ক। ও যে ভাবে দলকে চালনা করে, সেটা বাকিদের থেকে আলাদা। ও দেখিয়েছে বড় ম্যাচ কীভাবে জিততে হয়।'' ১৬তম আইপিএলে মহেন্দ্র সিং ধোনিতে যেমন মুগ্ধ মহারাজ, তেমনই বেশ কয়েকজন তরুণ প্লেয়ারকে নিয়েও তিনি উচ্ছ্বসিত। সৌরভ বলেন, ''রিঙ্কু সিং ভালো খেলেছে, ধ্রুব জুরেল ভালো খেলেছে এবং যশস্বী জয়সওয়ালও ভালো খেলেছে। পাঞ্জাব কিংসের হয়ে জীতেশ শর্মা ভালো খেলেছে। সূর্যকুমার যাদব ও তিলক ভার্মাও ভালো খেলেছে। আইপিএলের মতো এত বড় টুর্নামেন্টে এরা সকলেই দারুণ পারফর্ম করেছে।''

পকসো আইন পাল্টানোর দাবি ব্রিজভূষণের!

নয়াদিল্লি, ২৬ মেঃ নাবালিকাকে যৌন হেনস্থার অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে। দীর্ঘদিন ধরেই তাঁর বিরুদ্ধে আন্দোলনের ঝাঁঝ বাড়ছে। পকসো আইনের আওতায় দিল্লি পুলিশ মামলা দায়ের করে তদন্তও করছে। কিন্তু সেই আইনের অপব্যবহার হচ্ছে, এমন অভিযোগ তুলে 'পকসো আইন' পাল্টে ফেলার হুঁশিয়ারি দিলেন কুস্তি ফেডারেশনের প্রেসিডেন্ট ব্রিজভূষণ শরণ সিং! চলতি বছরের জানুয়ারি মাসে ব্রিজভূষণের বিরুদ্ধে প্রথম যৌন হেনস্থার অভিযোগ ওঠে। সেই অভিযোগ উত্তরোত্তর বাড়তে থাকে। দেশের প্রায় অধিকাংশ কুস্তিগিররা পথে নেমে বিক্ষোভ দেখান সেই সময়। সেই বিক্ষোভের জেরে কেন্দ্র সরকার ঘটনার তদন্ত করতে একটি কমিটি গঠন করেন। কিন্তু কাজের কাজ কিছু না হওয়ায় ফের এপ্রিল মাস থেকে পথে নেমেছেন কুস্তিগিররা। কুস্তিগিরদের দাবি, অবিলম্বে যৌন হেনস্থার অভিযোগে আটক করা হোক ব্রিজভূষণকে। সুপ্রিম কোর্টের নির্দেশে দিল্লি পুলিশ ফেডারেশনের সভাপতির বিরুদ্ধে দু'টি এফআইআর দায়ের করেছে। যার মধ্যে একটি হয়েছে পকসো আইনের আওতায়।

রোনাল্ডোর ক্লাব আল-নাসরের ১৩২৯ কোটি টাকার প্রস্তাবে না জিদানের

মাদ্রিদ, ২৬ মেঃ রুডি গার্সিয়া আল-নাসরে কোচের চাকরি ছাড়ার আগে গুঞ্জনটি তৈরি হয়েছিল। স্প্যানিশ সংবাদমাধ্যম 'মার্কা' গত এপ্রিলে জানিয়েছিল, রুডি গার্সিয়ার জায়গায় জিনেদিন জিদানকে আনতে চায় সৌদি আরবের ক্লাবটি। এবার জানা গেল, সত্যিই জিদানকে কোচ হওয়ার প্রস্তাব দিয়েছিল আল-নাসরে। ফরাসি কিংবদন্তি তাতে রাজি হননি। দলবদল নিয়ে নির্ভরযোগ্য ফরাসি সংবাদমাধ্যম 'ফুট মেরকাতো' গতকাল খবরটি প্রকাশ করেছে। দুই বছর আগে রিয়াল মাদ্রিদ ছাড়ার পর থেকেই ডাগআউটে দেখা যাচ্ছে না জিদানকে। মাঝে গুঞ্জন উঠেছিল জিদানকে কোচ বানাতে চায় পিএসজি। আর কিংবদন্তি নিজে চান ফ্রান্স জাতীয় দলের কোচ হতে। কিন্তু দিদিয়ের দেশমের সঙ্গে চুক্তির মেয়াদ বাড়ানোর পর জিদানকে ফ্রান্স কোচ হওয়ার স্বপ্ন বিসর্জন দিতে হয়। জুভেন্তাসও নাকি তাঁর প্রতি আগ্রহী। মাসিমিলিয়ানো আলেগ্রিকে বাদ দিয়ে নিজেদের প্রাক্তন খেলোয়াড়কে ডাগআউটে নিয়ে এসে ইতালিয়ান ক্লাবটি নাকি নতুন প্রকল্প হাতে নিতে চায়। এর মধ্যেই জিদানের দিকে দৃষ্টি দেয় আল-নাসরে। ফুট মেরকাতোয় সান্তি আওনার লেখা প্রতিবেদন অনুযায়ী, ফ্রান্সকে ১৯৯৮ বিশ্বকাপ জেতানো জিদানকে ২ বছরে ১৫ কোটি ইউরো (ভারতীয় মুদ্রায় প্রায় ১ হাজার ৩২৯ কোটি ২৭ লক্ষ টাকা) পারিশ্রমিক দেওয়ার প্রস্তাব দিয়েছিল আল-নাসরে। কিন্তু ক্রিস্টিয়ানো রোনাল্ডোর ক্লাবের এই প্রস্তাব প্রত্যাখ্যান করেন জিদান। রিয়াল মাদ্রিদকে টানা তিনবার চ্যাম্পিয়নস

লিগ জেতানো জিদান ইউরোপের শীর্ষ পাঁচ লিগের যেকোনো বড় একটি ক্লাবের দায়িত্ব নিতে চান, এমনটাই লেখা হয়েছে প্রতিবেদনটিতে। জিদান বিষয়ে ভিন্ন একটি খবর দিয়েছে ফ্রান্সের অনলাইন পোর্টাল 'গেট ফ্রেঞ্চ ফুটবল নিউজ'। সূত্র মারফত তারা জানিয়েছে, পিএসজি এখনো জিদানের প্রতি আগ্রহী। পরবর্তী কোচ হিসেবে তাদের পছন্দের তালিকায় জিদান নাকি শীর্ষে। ক্রিস্তফ গালতিয়েরের জায়গায় তাঁকে নিয়ে আসতে চায় ফরাসি ক্লাবটি। ২০২১ সালের ২২ মে রিয়ালের কোচ হিসেবে নিজের শেষ ম্যাচে ডাগআউটে দাঁড়িয়েছিলেন জিদান। এর পর থেকেই বেকার বসে আছেন রিয়াল কিংবদন্তি। ফরাসি সংবাদমাধ্যম 'আরএমসি স্পোর্ট'-এর সঞ্চালক এবং পিএসজির প্রাক্তন খেলোয়াড় জেরোম রথেন মনে করেন, জিদানের মতো কোচের মাঠের বাইরে থাকা উচিত নয়। গত বৃহস্পতিবার তাঁর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিদানের জাতীয় দল সতীর্থ ও '৯৮ বিশ্বকাপজয়ী ক্রিস্তোফ দুগারে। জিদানের সঙ্গে তাঁর বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। দুগারে মনে করেন, জিদান বুঝেশুনেই ডাগআউটে ফিরতে সময় নিচ্ছেন। মনের মতো একটা ক্রীড়া-প্রকল্প পাওয়ার অপেক্ষায় তিনি। দুগারের যুক্তি, ''একজন কোচের কাছে কোচিং কোনো বিষয় নয়। তার সেই ইচ্ছাটা আছে এবং সেটা প্রকাশও করেছে। কিন্তু সে যেকোনো প্রস্তাব লুফে নেবে কেন?'' দুগারে ব্যাখ্যা করেন, ''কোচ হিসেবে তার সাফল্য আছে। প্রায় প্রতিটি ধাপেই সে দারুণভাবে উত্তীর্ণ হয়েছে। কিন্তু সে এমন কোনো ক্লাবে যোগ দিয়ে হারিয়ে যেতে পারে না, যে ক্লাবের প্রতি তার কোনো আগ্রহ নেই। যেখানে সে তার ফুটবল নিয়ে জ্ঞান বিলিয়ে দিতে পারবে না, ভালোবাসা জন্মাবে না, সেখানে সে যাবে কেন?''

মাড়িয়ে চলে যাচ্ছে লোক, আইপিএল ফাইনালের টিকিটের জন্য মোদি স্টেডিয়ামে ধুন্ধুমার

আমেদাবাদ, ২৬ মেঃ ১৬তম আইপিএল চ্যাম্পিয়ন হবে কোন দল? অপেক্ষার আর মাত্র একদিন। নরেন্দ্র মোদি স্টেডিয়ামে মেগা ফাইনালের টিকিটের চাহিদা তুঙ্গে। স্টেডিয়ামে বসে প্রিয় দলের হয়ে গলা ফাটাতে চায় সবাই। শুক্রবার সকাল থেকে মোদি স্টেডিয়ামের বাইরে টিকিট কাটার ভিড়। শুধু ভিড় নয়, রীতিমতো ধুন্ধুমার অবস্থা। ভিড়ের চাপে কেউ পড়ে যাচ্ছেন, তাঁকেই মাড়িয়ে চলে যাচ্ছে। একজন অন্যজনের গায়ের উপর চেপে

পড়ছেন। ভিড়ে পুরুষ, মহিলা সকলেই রয়েছেন। পুলিশ উপস্থিত থাকলেও এই বিপুল ভিড় সামাল দিতে অপারগ। স্টেডিয়ামের বাইরে ভিড় ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। অনলাইনে টিকিট বিক্রির জন্য যে স্লট বরাদ্দ ছিল তাতে সব টিকিট বিক্রি হয়ে গিয়েছে। ভাগ্যবানরা অনলাইনে টিকিট পেয়ে গিয়েছেন। যাঁরা পাননি তাঁরা সকাল থেকে মোদি স্টেডিয়ামের বাইরে লম্বা লাইনে। অনলাইনে পাওয়া যায়নি, অফলাইনে টিকিট কাটতে গিয়ে লম্বা লাইন দেখে হতাশ ক্রিকেটপ্রেমীরা। জানা গিয়েছে, পঞ্চাশ হাজার অফলাইন টিকিট রাখা হয়েছিল। যার বেশিরভাগটাই বিক্রি হয়ে গিয়েছে। অনেকে বিদেশ থেকে এসেছেন আইপিএল ফাইনাল দেখার জন্য। কিন্তু অনলাইনে টিকিট না পেয়ে হতাশ তাঁরা। স্টেডিয়ামের বাইরে লম্বা লাইনে দাঁড়ালেও টিকিট পাওয়ার নিশ্চয়তা নেই। এই পরিস্থিতির জন্য বিসিসিআইয়ের উপর ক্ষুব্ধ দর্শকরা। চার বছর পর ধুমধাম করে আইপিএলের উদ্বোধনী অনুষ্ঠান হয়েছিল। মোদি স্টেডিয়ামে নাচে গানে জমিয়ে দিয়েছিলেন অরিজিৎ সিং, তামান্না ভাটিয়ারা। শেষটাও স্মরণীয় করে রাখতে চায় বিসিসিআই। রবি রাতে মেগা ফাইনালে বলিউড তারকা রণবীর সিং এবং সুরকার এ আর রহমান পারফর্ম করতে পারেন।

নেইমারকে আর্সেনালে দেখলে খুশি হবেন এমানুয়েল পেতি

প্যারিস, ২৬ মেঃ পিএসজিতে এমএনএম ত্রয়ী যে ভাঙছে, এটা এখন অনেকটাই নিশ্চিত। লিওনেল মেসির সঙ্গে প্যারিসের দলটির বর্তমান চুক্তির মেয়াদ আছে এ মাসের জুন পর্যন্ত। এখনো নতুন চুক্তি নিয়ে কোনো খবর নেই। ইউরোপের সংবাদমাধ্যমগুলো বলছে, প্যারিসে আর থাকছেন না আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী দলের অধিনায়ক। শুধু মেসিই নন, পিএসজি ছাড়ার কথা নাকি ভাবছেন নেইমারও। ইউরোপের কয়েকটি সংবাদমাধ্যম নেইমারের ঘনিষ্ঠজনদের বরাত দিয়ে এমন খবর ছাপার পর বড় ক্লাবগুলোর অনেকেই ব্রাজিলিয়ান তারকাকে পাওয়ার ইচ্ছা প্রকাশ করে যাচ্ছে। বিশেষ করে ইংলিশ ক্লাবগুলো। এর মধ্যে উল্লেখযোগ্য চেলসি ও আর্সেনাল। নেইমার যদি পিএসজি ছাড়েন, তাহলে ফ্রান্স ও আর্সেনালের প্রাক্তন ফুটবলার এমানুয়েল পেতি তাঁকে আর্সেনালেই দেখতে চান। তাঁর মতে, নেইমারের জন্যও আর্সেনালে যাওয়াটাই ভালো হবে। সেখানে তিনি ফুটবলটা উপভোগ করতে পারবেন। ফ্রান্সের ১৯৯৮ বিশ্বকাপজয়ী দলের সদস্য পেতি ইংলিশ প্রিমিয়ার লিগের দল আর্সেনাল ও চেলসিতে খেলেছেন। দুটি দলেই তিনটি করে মরসুম কাটানো ফ্রান্সের প্রাক্তন মিডফিল্ডার নেইমারকে আর্সেনালে যাওয়ার পরামর্শ দিয়ে রেখেছেন, ''নেইমার যেকোনো বড় ক্লাবেই মানিয়ে নিতে পারবে। সে আর্সেনালে গেলে

আমার ভালো লাগবে এবং আমি মনে করি, তারও ভালো লাগবে।'' পেতি কেন নেইমারকে আর্সেনালে দেখতে চাইছেন, সেই ব্যাখ্যাও দিয়েছেন, ''আমি মনে করি, সে টেকনিক্যাল ফুটবল এবং আর্সেনালের ধরনটা পছন্দ করবে। সে নিজেকে অনেকটাই পরিণত করে তুলতে পেরেছে বলে তরুণ খেলোয়াড়দের সঙ্গে খেলতে পছন্দ করবে।'' বার্সেলোনা ও মোনাকোর প্রাক্তন ডিফেন্সিভ মিডফিল্ডার এখানেই থামেননি। পেতি এরপর যোগ করেন, 'পিএসজিতে যা কিছুর মধ্য দিয়ে সে যাচ্ছে, আর্সেনালে গেলে মানসিক শান্তিটা পাবে। সে যদি পিএসজি ছাড়েই, আর্সেনালে গেলে খুশি থাকবে।'' পেতি কথা বলেছেন সম্প্রতি ভ্যালেন্সিয়ার মাঠে রিয়াল মাদ্রিদের ব্রাজিলিয়ান তারকা ভিনিসিয়ুস জুনিয়রের সঙ্গে হওয়া বর্ণবাদী আচরণ নিয়েও। এ ক্ষেত্রে তাঁর কথা, ''আমি হতাশ হয়েছি। এমনকি কিছু ম্যাচ পরবর্তী আলোচনা দেখে এবং লা লিগার এক গভর্নরের কথা শুনে আমার মনে হয়েছে-এদের সমস্যাটা কী! আমি ঠিক বুঝতে পারছি না, (লা লিগায়) এসব হচ্ছেটা কী।''

চেলসিকে উড়িয়ে লিভারপুলের আশায় জল ঢেলে চ্যাম্পিয়ন্স লিগে ম্যান ইউ

একের পর এক সুযোগ নষ্ট করল চেলসির খেলোয়াড়রা। প্রথমার্ধেই দুই গোল করে চালকের আসনে বসে যাওয়া ম্যানচেস্টার ইউনাইটেড বিরতির পর জালের দেখা পেল আরও দুইবার। দারুণ জয়ে প্রিমিয়ার লিগের টেবিলে শীর্ষ চারে থেকে আগামী মরসুমে চ্যাম্পিয়ন্স লিগে খেলা নিশ্চিত করে ফেলল এরিক টেন হাগের দল।

ওল্ড ট্র্যাফোর্ড, ২৬ মেঃ ওল্ড ট্র্যাফোর্ডে বৃহস্পতিবার রাতে প্রিমিয়ার লিগের ম্যাচটি ৪-১ গোলে জিতেছে ইউনাইটেড। কাসেমিরো দলকে এগিয়ে নেওয়ার পর জালের দেখা পান অঁতনি মার্সিয়াল, ব্রুনো ফের্নান্দেস ও মার্কাস র‍্যাশফোর্ড। শেষ দিকে ব্যবধান কমান জোয়াও ফেলিক্স। এই জয়ে তিনে উঠে গেল ইউনাইটেড। শেষ হয়ে গেল লিভারপুলের শীর্ষ চারে থাকার কিঞ্চিৎ সম্ভাবনাটুকু। সেরা চারের ফয়সালা হয়ে গেল শেষ রাউন্ডের আগেই। ইংলিশ ফুটবল থেকে আগামী মরসুমে চ্যাম্পিয়ন্স লিগে খেলবে ম্যানচেস্টার সিটি, আর্সেনাল, ম্যানচেস্টার ইউনাইটেড ও নিউক্যাসল ইউনাইটেড। ৩৭ ম্যাচে ২২ জয় ও ৬ ড্রয়ে টেন হাগের দলের ৭২ পয়েন্ট। ৭০ পয়েন্ট নিয়ে চারে নিউক্যাসল। আর্সেনালের ৮১ ও চ্যাম্পিয়ন সিটির ৮৯ পয়েন্ট। ৬৬ পয়েন্ট নিয়ে পাঁচে আছে লিভারপুল। ৪৩ পয়েন্ট নিয়ে দ্বাদশ স্থানে চেলসি। ম্যানচেস্টার সিটির বিপক্ষে এফএ কাপ ফাইনালের ৯ দিন আগে টেন হাগের কপালে চিন্তার ভাঁজ ফেলতে পারে চেলসির বিপক্ষে আন্তোনির চোট। প্রথমার্ধে স্ট্রেচারে করে মাঠ ছাড়তে হয় ব্রাজিলিয়ান ফরোয়ার্ডকে। চতুর্থ মিনিটেই প্রথম সুযোগটি পায় চেলসি। কিন্তু বক্সের ভেতর সতীর্থের পাস ভালো পজিশনে পেয়ে ঠিকমতো শটই নিতে পারেননি মিখাইলো মুদ্রিক। উল্টো দুই মিনিট পর গোল খেয়ে বসে সফরকারীরা। বাঁ

দিক থেকে ক্রিস্তিয়ান এরিকসেনের ফ্রি কিকে ছয় গজ বক্সের মুখে হেডে ইউনাইটেডকে এগিয়ে নেন কাসেমিরো। ভিএআর পরীক্ষায় টিকে যায় কাসেমিরোর গোল। টানা দ্বিতীয় ম্যাচে জালের দেখা পেলেন ব্রাজিলিয়ান মিডফিল্ডার। চলতি প্রিমিয়ার লিগে তার মোট গোল হলো চারটি। ২০তম মিনিটে ব্যবধান বাড়ানোর দারুণ একটি সুযোগ পান মার্সিয়াল। আন্তোনির পাস বক্সে পান তিনি। তার সামনে একমাত্র বাধা গোলরক্ষক, কিন্তু বল নিয়ন্ত্রণে রাখতে পারেননি ফরাসি ফরোয়ার্ড। ২৫তম মিনিটে চেলসির ডিফেন্ডার ট্রেভো চালোবাহর চ্যালেঞ্জে অ্যাঙ্কেলে আঘাত পান আন্তোনি। মাঠে কিছুক্ষণ চিকিসা দেওয়ার পর তাকে বাইরে নেওয়া হয় স্ট্রেচারে করে। তার বদলি নামেন র‍্যাশফোর্ড। চোট ও অসুস্থতায় দলের আগের দুই ম্যাচে তিনি খেলতে পারেননি। ৩২তম মিনিটে ভেস্তে যায় চেলসির কাই হাভার্টজের প্রচেষ্টা। লুইস হলের ক্রসে হেড লক্ষ্যে রাখতে পারেননি তিনি। যোগ করা সময়ের শুরুতে আরেকবার হতাশা সঙ্গী হয় তাদের। এনসো ফের্নান্দেসের পাস বক্সে পেয়ে বাইরে মারেন কনর গ্যালাঘার। খানিক পরই ব্যবধান দ্বিগুণ করে চেলসির ঘুরে দাঁড়ানোর পথ আরও কঠিন করে ফেলে ইউনাইটেড। কাসেমিরো দারুণ ফ্লিকে বক্সে বল দেন জেডন স্যানচোকে। এই ইংলিশ ফরোয়ার্ড পাস দেন অন্য পাশে মার্সিয়ালকে। ফাঁকা জালে বল পাঠান ২৭ বছর বয়সী ফুটবলার। দ্বিতীয়ার্ধের শুরুতে ব্যবধান আরও বাড়তে পারত। কিন্তু ব্রুনো ফার্নান্দেসের শট পোস্টে লাগে। ৭৩তম মিনিটে এই পর্তুগিজ মিডফিল্ডারই স্কোরলাইন ৩-০ করে ফেলেন সফল স্পট-কিকে। তিনি নিজেই ফাউলের শিকার হলে পেনাল্টি দিয়েছিলেন রেফারি। পাঁচ মিনিট পর ব্যবধান আরও বাড়িয়ে সব অনিশ্চয়তার ইতি টেনে দেন র‍্যাশফোর্ড। তার প্রথম প্রচেষ্টা গোলরক্ষক ঠেকানোর পর ফিরতি বল জালে পাঠান ইংলিশ ফরোয়ার্ড। এই মরসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ইউনাইটেডের জার্সিতে র‍্যাশফোর্ডের গোল হলো ৩০টি। ২০১২-১৩ মরসুমে রবিন ফন পার্সির পর এই প্রথম দলটির কোনো খেলোয়াড় এক মরসুমে এত গোল করতে পারলেন। ৮৪তম মিনিটে পাঁচ নম্বর গোলের দেখাও পেয়ে যেতে পারত আয়োজকরা। কিন্তু দ্বিতীয়ার্ধে বদলি নামা তরুণ আর্জেন্টাইন ফরোয়ার্ড আলেহান্দ্রো গারনাচোর প্রচেষ্টা ক্রসবারে লাগে। নির্ধারিত সময়ের এক মিনিট বাকি থাকতে নিচু শটে চেলসির হারের ব্যবধান কমানো গোলটি করেন ফেলিক্স।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্লাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501